চালু হল
‘দুরন্ত বার্তা’
অ্যাপ
ডাউনলোড করুন
প্লে-স্টোর থেকে

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 28, Issue No.: 299 Thursday, 28 September, 2023 ✻ ২৮ বর্ষ, ২৯৯ সংখ্যা ✻ ১০ আশ্বিন, ১৪৩০, বৃহস্পতিবার, ২৮ সেপ্টেম্বর, ২০২৩ ✻ আজ ৮ পাতা ✻ মূল্য- ৩ টাকা

সরকারি নির্দেশ পাওয়া গিয়েছে, এখন অপেক্ষা সেনাবাহিনীর অনুমতির, যদি অনুমতি মেলে তবে ফের ময়দানে বসবে বাজির বাজার। ...বিস্তারিত পাতা ৩

বিশ্ব পর্যটন দিবস উপলক্ষে হিমালয়ান হসপিটালিটি অ্যান্ড ট্যুরিজম ডেভেলপমেন্ট নেটওয়ার্ক শিক্ষার্থীদের নিয়ে ‘জয় রাইড’-এর আয়োজন করে। ...বিস্তারিত পাতা ৫

ইন্ডিয়া স্মার্ট সিটি কনক্লেভ ২০২৩ উদ্বোধনে রাষ্ট্রপতি বললেন, ‘‘জনগণের অংশগ্রহণের ইন্দোরের মতো শহরের স্বচ্ছতা ও সবুজায়ণ নিশ্চিত হয়েছে।’’ ...বিস্তারিত পাতা ৬

আইসিসি ওডিআই ব্যাটসম্যানদের র‍্যাঙ্কিংয়ে বাবর নিজের শীর্ষস্থান ধরে রেখেছেন। যদিও শুভমন তার থেকে নিজের দূরত্বটা অনেকটাই কমিয়ে ফেলেছেন। ...বিস্তারিত পাতা ৮

মুখ্যমন্ত্রীকে বার্তা বিচারপতি গঙ্গোপাধ্যায়ের

আদালতের অনুমতি ছাড়া ইডি-সিবিআই-এর বিরুদ্ধে ব্যবস্থা নয়

দুরন্ত বার্তা, কলকাতা, ২৭ সেপ্টেম্বরঃ রাজ্যের নিয়োগ দুর্নীতির তদন্ত করা সিবিআই ও ইডি অফিসারদের বিরুদ্ধে কোনও অভিযোগ বা এফআইআর রুজু করতে পারবে না আদালতের অনুমতি ছাড়া। রাজ্যের মুখ্যসচিবের মাধ্যমে রাজ্যের মুখ্যমন্ত্রীর কাছে বার্তা বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের। প্রাথমিক শিক্ষা পর্ষদকে রিপোর্ট পেশের নির্দেশ। টেটে’র ওএমআর মিরর কপি সংরক্ষণ না করার সিদ্ধান্ত কার বা কিসের ভিত্তিতে ছিল। রিপোর্ট দিয়ে জানাতে নির্দেশ বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের। রাষ্ট্রপতিকে চিঠি লিখেও পরে প্রত্যাহার করলেন বিচারপতি গঙ্গোপাধ্যায়। এজলাসে বসেই দেশের রাষ্ট্রপতিকে চিঠি লিখলেন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। ‘নিয়োগ দুর্নীতির একটি মামলায় সুপ্রিম কোর্ট স্থগিতাদেশ জারি করেছে। কতদিন তদন্ত বন্ধ থাকবে? প্রমাণ নষ্ট হয়ে যাবে আর দোষীরা ঘুরে বেড়াবে? আরও অনেক মামলা নিয়ে আপনাকে (রাষ্ট্রপতি) পরে জানাব। আমার

অনুরোধ যে আপনি দেশের প্রধান বিচারপতির সঙ্গে আলোচনা করুন এবং দয়া করে দ্রুত শুনানির ব্যবস্থা করুন। এতদিন শুনানি বন্ধ থাকলে কে কীভাবে তদন্ত করবে? গত ২ মার্চ বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় ২০২০ প্রাথমিক নিয়োগ প্রক্রিয়ার অনিয়ম নিয়ে সিবিআই সিটকে নতুন করে রেগুলার কেস রুজু করে তদন্তের নির্দেশ দেয়। সেই নির্দেশ চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে এসএলপি করে মানিক ভট্টাচার্য। মানিকের মামলায় ২৯ মার্চ সুপ্রিম কোর্ট স্থগিতাদেশ দেয়। ৫ মাস পেরোনোর পরেও সেই মামলার শুনানির জন্য আজও আসেনি। আমি বুঝতে পারছি না কতদিন তদন্ত বন্ধ থাকবে। এবং নথি সরানোর বন্দোবস্ত হবে।’ এই মামলার শুনানি দ্রুত করার অনুরোধ জানিয়ে রাষ্ট্রপতিকে চিঠি পরে লেখার ইচ্ছে প্রকাশ বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের। সিবিআই ডিআইজি এজলাসে হাজিরা দিয়ে তদন্তের সমস্যার কথা ব্যাখা করায় বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় সিবিআই ডিরেক্টরের হাজিরা নির্দেশ স্থগিত রাখলেন। ৪ অক্টোবর হাজিরা দেওয়ার কথা ছিল সিবিআই ডিরেক্টরের। ‘‘কেউ যেন সিবিআই এবং আধিকারিকের বিরুদ্ধে কোন পদক্ষেপ না করে এবিষয়ে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করুন।’’ রাজ্যের মুখ্যসচিবকে নির্দেশ বিচারপতির। ‘‘দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি নিয়ে চলতে হবে। এটা শুধু বড় বড় দুর্নীতিবাজদের মুখের বাণী হয়ে থাকলে হবে না।’’ মন্তব্য বিচারপতির। মুখ্যসচিবের মাধ্যমে রাজ্যের মুখ্যমন্ত্রীকে বার্তা।

ডেঙ্গি রোধে জরুরি বৈঠকে ফিরহাদ, নেওয়া হচ্ছে একগুচ্ছ কড়া পদক্ষেপ

দুরন্ত বার্তা, কলকাতা, ২৭ সেপ্টেম্বরঃ ডেঙ্গির বাড়বাড়ন্তে উদ্বেগ বেড়েছে কলকাতা পুরনিগমে। ইতিমধ্যেই শহর কলকাতায় আক্রান্তের সংখ্যা ৪ হাজার পেরিয়ে গিয়েছে। এরইমধ্যে এবার কলকাতা পুরনিগমের ডেঙ্গি নিয়ে উচ্চপর্যায়ের বৈঠক করলেন মেয়র ফিরহাদ হাকিম এবং ডেপুটি মেয়র অতীন ঘোষ। কলকাতার ১৬টি বোরো হেলথ অফিসারদের নিয়ে হল বৈঠক। বৈঠকে মেয়র বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের কথা জানিয়েছেন বলে খবর। সূত্রের খবর, বৈঠকে সিদ্ধান্ত হয়েছে, মশার লার্ভা মিললে, সংশ্লিষ্ট বাড়িতে নোটিশ পাঠানো হবে। তারপর কোর্টে টেনে আনা হবে। সেখানে সংশ্লিষ্ট জমির মালিকদের জরিমানা করা হবে। ডিজি বিল্ডিংকে নির্দেশ দেওয়া হয়েছে, যে নির্মীয়মাণ বহুতল বা বাড়ির নির্মাণ স্থলে মশা বাহিত রোগের জীবাণুর লার্ভা মিলবে, সেই নির্মাণের দায়িত্বে থাকা প্রোমোটার বা মালিককে ৪৯৬এ ধারায় নোটিশ দেওয়া হবে। তারপরেও কাজ না হলে স্বাস্থ্য বিভাগের আইন অনুযায়ী ৪০১ ধারায় নোটিশ পাঠিয়ে ওই কাজ বন্ধ করে দেওয়ার নির্দেশ দেওয়া হবে। কিন্তু নোটিশ তোয়াক্কা না করে কাজ চালিয়ে গেলে বিল্ডিং বিভাগকে এফআইআর করার নির্দেশ দিয়েছেন মেয়র। এছাড়াও এই কাজে বিল্ডিং বিভাগের যে আধিকারিকরা বিষয়টিকে গুরুত্ব দেবেন না, তাঁদের শোকজ করা হবে বলেও সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এদিন সাংবাদিক বৈঠকে অতীন ঘোষ জানিয়েছেন, আগামী দিনে ডেঙ্গি ফিভার ক্লিনিক হিসাবে ব্যবহার করা হবে ইসলামিয়া হসপিটাল এবং খিদিরপুর মেটারনিটি হোমকে। খিদিরপুর মেটারনিটি হোমে ৪০টি বেড রয়েছে। ডেঙ্গি চিকিৎসার জন্য তা বাড়িয়ে ১০০ করা হবে। অন্যদিকে ইসলামিয়া হসপিটালে রয়েছে ২০০ বেড। সেখান থেকে বাড়িয়ে করা হবে ৩০০ বেড। পাশাপাশি রাজ্য স্বাস্থ্য দফতরের অনুমতি নিয়ে সরকারি হাসপাতালের পক্ষ থেকে তাদের ফাঁকা বেডের সবকটি তথ্য দিতে হবে বলেও জানানো হয়েছে। তার অনুমতি চাওয়া হবে স্বাস্থ্য দফতরের কাছে। এছাড়াও ডেঙ্গি মোকাবিলায় একটা হেল্পলাইন নম্বর চালু হতে চলেছে বলে জানতে পারা যাচ্ছে। শীঘ্রই সামনে আসবে সেই নম্বর। এছাড়া হোয়াটসঅ্যাপের মাধ্যমে আধিকারিকদের মধ্যে সংযোগ তৈরি করা হবে বলে ঠিক হয়েছে।

নিজের নামে বাড়ি নেই, কিন্তু আমার সরকার লক্ষ মেয়েদের বাড়ির মালিক করেছে মোদি

গান্ধিনগর, ২৭ সেপ্টেম্বরঃ তাঁর নিজের নামে একটিও বাড়ি নেই, অথচ তাঁর সরকার দেশের কয়েক লক্ষ মেয়েকে বাড়ির মালিক বানিয়েছে। দু’দিনের সফরে গুজরাতে গিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সেখানে আদিবাসী অধ্যুষিত ছোটাদেপুর জেলার বোদলি শহরে তিনি ৫ হাজার কোটি টাকার বিভিন্ন প্রকল্পের উদ্বোধন করেন। এর মধ্যে রয়েছে সাড়ে ৪ হাজার কোটি টাকার শিক্ষা সংক্রান্ত প্রকল্প। এলাকার সঙ্গে তাঁর একাত্মতার কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, ‘‘আমি একটা সময় আপনাদের সঙ্গে কাটিয়েছি। আমি জানি দরিদ্র মানুষরা কী সমস্যার মধ্যে থাকেন। আমি চেষ্টা করেছি আপনাদের সমস্যা দূর করতে। আজ আমি খুশি কারণ আমার সরকার দেশের মানুষের জন্য ৪ কোটি বাড়ি তৈরি করেছে। আগের সরকারের মতো এই বাড়িগুলি শুধু সংখ্যা নয়। আমরা বাড়ি তৈরি করি গরিবদের মর্যাদ দেবার জন্য।’’ এই প্রসঙ্গে তিনি আরও বলেন, ‘‘গরিব মানুষের প্রয়োজনে এই বাড়িগুলি তৈরি হয়েছে। কোনও দালালকে ধরা ছাড়াই মানুষ মাথার উপর ছাদ পেয়েছেন। কয়েক লক্ষ বাড়ি রেজিস্ট্রার হয়েছে মহিলাদের নামে। আমার সরকার কয়েক লক্ষ মহিলাকে বাড়ির মালিক বানিয়েছে।’’ প্রসঙ্গক্রমে তিনি বিশ্বব্যাঙ্কের প্রেসিডেন্ট অজয় বঙ্গার কথা বলেন। গুজরাটের গান্ধীনগরে রয়েছে শিক্ষা দফতরের ‘শিক্ষা সমীক্ষা কেন্দ্র’। সেখান থেকে পরিচালিত হয় শিক্ষা দফতরের কাজকর্ম। প্রধানমন্ত্রী বলেন, ‘‘শিক্ষা সমীক্ষা কেন্দ্র দেখে অজয় বঙ্গা বলেন এমনটা সারা দেশে চালু হোক।’’ বৈঠকের সময় তিনি প্রধানমন্ত্রীকে বলেন, ‘‘ভারতের জেলায় জেলায় এই উদ্যোগ নিলে বিশ্বব্যাঙ্ক সেই প্রকল্পের অংশীদার হতে রাজি।’’ এ দিনের সভায় নাম না করে বিরোধীদের আক্রমণ করেন মোদি। তিনি বলেন, ‘‘বিরোধীরা সংরক্ষণের রাজনীতি করেন। অথচ আমি মুখ্যমন্ত্রী হওয়ার আগে গুজরাটের আদিবাসী এলাকায় কোনও বিজ্ঞান স্কুল ছিল না। যদি বিজ্ঞান স্কুল না থাকত তবে আপনার সন্তানদের ডাক্তার ইঞ্জিনিয়ার হওয়াকর স্বপ্ন অধরাই থেকে যেত।’’

এক লক্ষ লোক নিয়ে নবান্ন অভিযানের ডাক দিন, গ্রুপ ডির মিছিল থেকে আবেদন শুভেন্দুর

দুরন্ত বার্তা, কলকাতা, ২৭ সেপ্টেম্বরঃ নিয়োগের দাবিতে গ্রুপ ডি চাকরিপ্রার্থীদের মিছিল থেকে নবান্ন অভিযানের ডাক দিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। বুধবার মিছিল চলাকালীন তিনি বলেন, চাকরির দাবিতে আন্দোলনরত সমস্ত সংগঠনকে নিয়ে ১ লক্ষ লোকের জমায়েত করতে হবে। এব্যাপারে আন্দোলনকারীদের প্রতি তাঁর পূর্ণ সমর্থন থাকবে বলে জানিয়েছেন বিরোধী দলনেতা। চাকরির দাবিতে বুধবার কলকাতার ক্যামাক স্ট্রিট থেকে হাজরা মোড় পর্যন্ত মিছিল করেন গ্রুপ ডি চাকরিপ্রার্থীরা। দুর্নীতির জেরে তাঁর বঞ্চিত বলে স্লোগান তোলেন মিছিল থেকে। সঙ্গে ওঠে অবিলম্বে নিয়োগের দাবি। মিছিলে যোগদান করেন কয়েকশো চাকরিপ্রার্থী। এদিন শুভেন্দু বলেন, ‘‘মুখ্যমন্ত্রী একদিকে স্পেনে ছুটি কাটাচ্ছেন অন্যদিকে চাকরির দাবিতে অন্তত ১০টা সংগঠনের সদস্যরা চাকরির দাবিতে রোদ, বৃষ্টি, ডেঙ্গি মাথায় করে বসে আছেন। আমি তাদের বলব আপনারা একজোট হয়ে নবান্ন অভিযানের পরিকল্পনা করতে হবে। সেখানে ডিএ আন্দোলনকারীদেরও যোগদান করার আবেদন জানাব। ১ লক্ষ মানুষ নিয়ে নবান্ন থেকে হিসাব বুঝে আসতে হবে। দেখি ওদের কত পুলিশ, কত গুলি, কত কাঁদানে গ্যাস আছে।’’ শুভেন্দু আরও বলেন, ‘‘রাজ্যটাকে বাঁচাতে গেলে যারাই এই সরকারের বিরুদ্ধে লড়ছেন তাঁদের পথে নামতে হবে। আজকের মিছিল ভাইপোকে নিরাপত্তা দিতে ২০০০ পুলিশ আর ২০ জন আইপিএস-কে মাঠে নামাতে হয়েছে। কলকাতা ওদের জমিদারি না কি যে কালীঘাটে মিটিং করতে দেবে না, হাজরায় মিটিং করতে দেবে না? ক্যামাক স্ট্রিটে হাঁটতে দেবে না? এই রাস্তা ওদের বাপ-ঠাকুরদা তৈরি করেছে? পুলিশকে বাদ দিলে এই সরকারের অস্তিত্ব শূন্য।’’

‘মুখ্যমন্ত্রীর সঙ্গে যোগাযোগ করা হয়েছে,’ শোভনদেবের চিঠির জবাব দিল রাজভবন

দুরন্ত বার্তা, কলকাতা, ২৭ সেপ্টেম্বরঃ মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়ের চিঠির পরিপ্রেক্ষিতে উত্তর দিলেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। রাজভবন থেকে মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়কে চিঠির দু’লাইনে উত্তর দেওয়া হয়েছে। সেখানে শপথ কবে হবে তা উল্লেখ করা হয়নি। রাজভবনের তরফে পরিষদীয় মন্ত্রীকে জানানো হয়েছে, রাজ্যপাল শপথ নিয়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে চিঠি দিয়ে যোগাযোগ করেছেন। যা কথা বলার মুখ্যমন্ত্রীকেই বলেছেন। প্রসঙ্গত, ২৫ তারিখ রাজ্যপালকে চিঠি দিয়েছিলেন শোভনদেব চট্টোপাধ্যায়। মন্ত্রী তখন বলেছিলেন, ধূপগুড়ির বিধায়ক একজন নির্বাচিত জনপ্রতিনিধি। মানুষের পরিষেবা দিতে হয় তাঁকে। এই অবস্থায় অবিলম্বে শপথ গ্রহণের অনুমতি দেওয়া হোক তাঁকে। প্রসঙ্গত, নির্বাচনের ফল প্রকাশের পর থেকেই ধূপগুড়ির বিধায়কের শপথ ঘিরে জটিলতা অব্যাহত রাজ্যে। তাই দ্রুত শপথ চেয়ে এবার রাজ্যের পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় চিঠি দিয়েছিলেন রাজভবনকে। অন্যদিকে, বিধানসভার অধ্যক্ষের তরফে একটি চিঠি রাজভবনে পাঠানো হয়েছে। চিঠিতে জানানো হয়েছে, বিধানসভার গরিমা অনেক বেশি। সেই কারণে বিধায়কের শপথগ্রহণ বিধানসভাতেই হওয়া উচিত। সব মিলিয়ে ধূপগুড়ির বিধায়কের শপথগ্রহণ অনুষ্ঠান নিয়ে জটিলতা বুধবারও কাটল না।

এক দেশ এক নির্বাচন নিয়ে রিপোর্ট তৈরি করছে আইন কমিশন

নয়াদিল্লি, ২৭ সেপ্টেম্বরঃ এক দেশ এক নির্বাচনের বিষয়টি নিয়ে রিপোর্ট তৈরির কাজ শুরু করেছে আইন কমিশন। বুধবার এ নিয়ে এক গুরুত্বপূর্ণ বৈঠকে বসেছিল আইন কমিশন। সূত্র মারফত জানা যাচ্ছে, আইন কমিশন মনে করছে, এক দেশ এক নির্বাচন কার্যকর করতে বেশ কিছু সাংবিধানিক সংশোধন প্রয়োজন। প্রসঙ্গত, এক দেশ এক নির্বাচতন কার্যকরের বিষয়টি খতিয়ে দেখতে একটি উচ্চপর্যায়ের কমিটি গঠন করা হয়েছে। ২৩ সেপ্টেম্বর সেই কমিটির প্রথম বৈঠক হয়েছে। প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের নেতৃত্বাধীন সেই কমিটির নির্দেশেই রিপোর্ট তৈরি করছে আইন কমিশন। সূত্রের খবর, এক দেশ এক নির্বাচন কার্যকর করতে বেশ কিছু সাংবিধানিক সংশোধনের প্রয়োজন বলে মনে করছে কমিশন। এ বিষয়ে নিজেদের রিপোর্ট তৈরির কাজ শুরু করেছে কমিশন।

নিম্ন আদালতে ফের খারিজ হল পার্থর জামিনের আবেদন, ১১ অক্টোবর পর্যন্ত জেল হেফাজত

দুরন্ত বার্তা, কলকাতা, ২৭ সেপ্টেম্বরঃ ফের খারিজ হল নিয়োগ দুর্নীতিকাণ্ডে গ্রেফতার রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের জামিনের আবেদন। বুধবার তাঁর জামিনের আবেদন খারিজ করেন বিশেষ সিবিআই আদালতের বিচারক অর্পণ চট্টোপাধ্যায়। ১১ অক্টোবর পর্যন্ত জেল হেফাজতের নির্দেশ দিয়েছেন তিনি। জেল হেফাজতের মেয়াদ শেষে এদিন পার্থসহ ১০ জনকে ফের আদালতে পেশ করা হয়। তখন আদালতে পার্থর জামিনের আবেদন করেন তাঁর আইনজীবী বিপ্লব গোস্বামী। সওয়ালে তাঁরা বলেন, পার্থবাবুর গ্রেফতারির পর দেড় বছর কাটতে চলেছে। তাঁর কাছ থেকে নতুন করে আর কিছু জানার নেই তদন্তকারীদের। ছ মাস আগে পার্থর বিরুদ্ধে শেষ নথি আদালতে জমা দিয়েছে আদালত। তার পর থেকে কার্যত বিনা বিচারে জেলে বন্দি রয়েছেন তিনি। তাঁর বয়স হয়েছে। একাধিক উপসর্গ রয়েছে তাঁর। পালটা সিবিআইয়ের তরফে জানানো হয়, পার্থর বিরুদ্ধে অভিযোগ অত্যন্ত গুরুতর। দুপক্ষের সওয়াল শুনে পার্থ চট্টোপাধ্যায়ের জামিনের আবেদন ফের খারিজ করেন বিচারক অর্পণ চট্টোপাধ্যায়। এদিন পার্থ ছাড়াও কল্যাণময়, সুবীরেশসহ ১০ জনকে আদালতে পেশ করা হয়। প্রত্যেককে ১১ অক্টোবর পর্যন্ত জেল হেফাজতের নির্দেশ দিয়েছেন তিনি। ২০২২ সালের ২২ জুলাই ইডির হাতে গ্রেফতার হয়েছিলেন পার্থ চট্টোপাধ্যায়।

স্বাস্থ্য ভবনে হবু নার্সদের বিক্ষোভ

দুরন্ত বার্তা, কলকাতা, ২৭ সেপ্টেম্বরঃ হবু নার্সদের বিক্ষোভ ঘিরে ধুন্ধুমার কাণ্ড স্বাস্থ্য ভবনে। সল্টলেকে স্বাস্থ্য ভবনের সামনে বুধবার দুপুরে বিক্ষোভ দেখান হবু নার্সরা। স্বাস্থ্য ভবনের সামনের রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখান তাঁরা। সেই বিক্ষোভ হঠিয়ে দেওয়ার চেষ্টা করে পুলিশ। তখন পুলিশের সঙ্গে বিক্ষোভরত নার্সদের ব্যাপক ধস্তাধস্তি হয়। টেনে-হিঁচড়ে হবু নার্সদের গাড়িতে তোলে পুলিশ। বিক্ষোভরত নার্সদের দাবি, তাঁরা পশ্চিমবঙ্গ নার্সিং কাউন্সিল থেকে পাশ করেছেন। তাঁদের বৈধ শংসাপত্র রয়েছে। কিন্তু তা সত্ত্বেও তাঁরা চাকরি পাচ্ছেন না। বদলে তাঁদের থেকে কম নম্বর প্রাপ্তরা চাকরি পেয়েছেন বলে অভিযোগ ওই বিক্ষোভকারীদের। চাকরির দাবিতে স্বাস্থ্য ভবনে বিক্ষোভ হবু নার্সদের। যোগ্যতা থাকা সত্ত্বেও তাঁরা চাকরি পাননি বলে অভিযোগ। বিক্ষোভরত নার্সদের অভিযোগ, তাঁদের থেকে যাঁরা কম নম্বর পেয়েছেন, যোগ্যতার নিরিখে তাঁদের থেকে অনেক পিছিয়ে তাঁদের চাকরি দেওয়া হয়েছে। কিন্তু যোগ্যতায় এগিয়ে থেকেও তাঁরা বঞ্চিত। এই ঘটনার জেরে স্বাস্থ্য ভবনের সামনের রাস্তা বেশ কিছুক্ষণ অবরুদ্ধ হয়ে পড়ে। এর প্রভাব পড়ে যান চলাচলে। বেশ কিছু বাসকে সে সময় ঘুরিয়ে দেওয়া হয়।

নতুন আতঙ্ক ‘কোভিডেঙ্গি’, চিকিৎসকরা বলছেন, দুই রোগের মারণ থাবা রাজ্যজুড়ে

দুরন্ত বার্তা, কলকাতা, ২৭ সেপ্টেম্বরঃ নতুন আতঙ্ক ‘কোভিডেঙ্গি’ কলকাতায় ডেঙ্গির বাড়বাড়ন্তের মধ্যে নতুন করে উঠে এসেছে এক রোগের কথা। চিকিৎসকরা নাম দিয়েছেন, ‘কোভিডেঙ্গি’। অর্থাৎ কোভিড ও ডেঙ্গির মিলিত এক রোগ, যাতে বিপুল বিপদের মুখে পড়তে হচ্ছে আক্রান্তকে। আর সেই বিস্ফোরক তথ্য প্রকাশ করলেন চিকিৎসকরাও। চিকিসকরা বলছেন, কোভিডের পর ডেঙ্গি হলে সাবধান। আর সেই কারণেই আতঙ্কের নাম কোভিডেঙ্গি। অর্থাৎ, করোনার সময় যাঁদের ভেন্টিলেশনে বা আইসিইউতে থাকতে হয়েছে, ডেঙ্গির মরশুমে তাঁদের অনেকটা বেশি ঝুঁকি। ডেঙ্গি আক্রান্ত হয়ে যাঁদের মৃত্যু হয়েছে, তাঁদের সিংহভাগই করোনা আক্রান্ত হয়েছিলেন। সেই কারণেই চিকিৎসকরা বলছেন, ‘‘করোনা হয়ে থাকলে, এই সময় অনেক বেসি সতর্ক থাকতে হবে। অনেক ডেঙ্গি আক্রান্তের মৃত্যু হয়েছে তীব্র শ্বাসকষ্টের শিকার হয়ে।’’ চিকিৎসকরা বলছেন, ‘‘অতীতে যাদের দু’বার করোনা হয়েছে, তাঁদের ডেঙ্গি হলে সব থেকে বেশি ঝুঁকি। জ্বর, গা-হাত-পা ব্যথা হলে কোনওভাবেই অ্যান্টিবায়োটিক বা পেনকিলার

খেতে হবে না, প্যারাসিটামল খাওয়া যেতে পারে। তবে দু’দিন জ্বর থাকলে ডেঙ্গি ও ম্যালেরিয়ার পরীক্ষা হওয়া জরুরি। পাঁচদিনের ওপরে জ্বর থাকলে হাসপাতালে ভর্তি হওয়া জরুরি।’’ চিকিৎসকরা আরও বলছেন, ‘‘করোনার সময়ের মতো রক্তে অক্সিজেনের মাত্রা ওঠানামা করছে কিনা সেটা দেখা উচিত। শিশুদের এবং বয়স্ক মানুষদের ক্ষেত্রে আরও বেশি সতর্ক থাকা উচিত। সাধারণ সর্দি কাশি হলে বা সামান্যতম শ্বাসকষ্ট হলেই দ্রুত চিকিৎসকের দ্বারস্থ হওয়া উচিত। মোট ডেঙ্গি আক্রান্তদের আশি শতাংশের বেশি আগে করোনা আক্রান্ত ছিলেন।’’ বেলেঘাটা আইডি হাসপাতালের প্রাক্তন উপাধ্যক্ষ বা সুপার ও চিকিৎসক আশিস মান্না ও চিকিৎসক কৌশিক চৌধুরী, তিনি ও কয়েকজন চিকিৎসক মিলে ডেঙ্গির বাড়বাড়ন্তের সময় সমীক্ষা করে দেখেন, যে সমস্ত ডেঙ্গি আক্রান্তের মৃত্যু হয়েছে, তার মধ্যে ৮০ শতাংশের বেশি কোভিডে গুরুতর অসুস্থ ছিলেন। একই সঙ্গে আইডি হাসপাতালের চিকিৎসাধীন যে সমস্ত রোগীরা ডেঙ্গি আক্রান্ত তাঁদেরও মেডিক্যাল হিস্ট্রি তিনি খতিয়ে দেখেন। তার পরেই দেখা যায়, তাঁদের একটি বড় অংশ, প্রায় ৯০ শতাংশই আগে কোভিডে আক্রান্ত হয়েছিলেন।

বৈশাখীকে পাশে নিয়ে আদালতে শোভন, এলেন রত্নাও, বাদ গেল না ‘বাদানুবাদ’

দুরন্ত বার্তা, কলকাতা, ২৭ সেপ্টেম্বরঃ কয়েক বছর পেরলেও এখনও মীমাংসা হয়নি শোভন-রত্নার বিবাহ বিচ্ছেদ মামলার। এবার ফের নতুন বিচারকের ঘরে আবেদন জানালেন প্রাক্তন মেয়র শোভন চট্টোপাধ্যায়। এই নিয়ে দুবার ঘর বদল করায় প্রশ্ন তুলেছেন রত্না চট্টোপাধ্যায়। বুধবার বিচ্ছেদ মামলার কারণে ফের আদালতে উপস্থিত হয়েছিলেন শোভন চট্টোপাধ্যায় ও রত্না চট্টোপাধ্যায়। শোভনের সঙ্গে ছিলেন তাঁর বান্ধবী বৈশাখী বন্দ্যোপাধ্যায়। আদালত চত্বরে দাঁড়িয়েই শোভন-বৈশাখীর বিরুদ্ধে অভিযোগ তুললেন রত্না। বেশ কয়েক বছর কেটে গেল আলাদা রয়েছেন শোভন-রত্না। বুধবার জেলা জজের ঘরে ওঠে মামলা। বিচ্ছেদ মামলায় এভাবে বারবার বিচারক বদল করায় রত্না বলেন, ‘‘বিচার ব্যবস্থার ওপর শোভন-বৈশাখীর আস্থা নেই। তাই বারবার জজ সাহেবের ঘর বদল করছেন। ওঁরা মনে করছেন জজ

সাহেব আমার হয়ে কথা বলছেন। কিন্তু আমার আইন ব্যবস্থার ওপর পূর্ণ বিশ্বাস আছে।’’ তবে রত্নার এই বক্তব্যে আমল দিতে রাজি নন শোভন চট্টোপাধ্যায়। তিনি বলেন, ‘‘রত্নার এই বক্তব্যের কোনও গুরুত্ব আমার কাছে নেই। আইন আদালত কোর্টের ওপর বিশ্বাস আছে। আমাদের যা করার সেটা আমরা করছি।’’ প্রথমবার বিচারক বদল করতে রত্নাই বাধ্য করেছিলেন বলেও এদিন দাবি করেছেন শোভন। তবে এই মামলা নিয়ে কোনও মন্তব্য করতে চাননি বৈশাখী। তাঁকে প্রশ্ন করা হলে বৈশাখী বলেন, ‘‘এটা তো আমার কোনও বিষয় নয়। শোভনকেই জিজ্ঞেস করুন।’’

আগামী ৬ সপ্তাহের মধ্যে হকার সরাতে হবে, নির্দেশ হাইকোর্টের

দুরন্ত বার্তা, কলকাতা, ২৭ সেপ্টেম্বরঃ কলকাতা পুরভবন সংলগ্ন এলাকায় বেআইনি দখলদারি রুখতে এবার কড়া পদক্ষেপ কলকাতা হাইকোর্টের। বেআইনি দখলদারি চিহ্নিতকরণের জন্য সময়সীমা বেঁধে দিল আদালত। আগামী ৬ সপ্তাহের মধ্যে বেআইনি দখল চিহ্নিত করে সরাতে হবে, নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানমের ডিভিশন বেঞ্চ। এর পাশাপাশি শহরের কোন জায়গাটি ভেন্ডিং জোন এবং কোন জায়গাটি নন ভেন্ডিং জোন, তাও চিহ্নিতকরণের কাজ ৬ সপ্তাহের মধ্যে সেরে ফেলার নির্দেশ দিয়েছে হাইকোর্ট। কলকাতা শহরে ফুটপাথ দখল করে রাখা ও হকারদের যত্রতত্র বসে যাওয়া নিয়ে বেশ ক্ষুব্ধ প্রধান বিচারপতি। এদিন হাইকোর্টের প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম মামলার শুনানির সময় কলকাতা ও শহরতলির বেশ কিছু জায়গার প্রসঙ্গও তুলে ধরেন। প্রধান বিচারপতির মন্তব্য, নিউটাউনের বিভিন্ন জায়গায় রাস্তার দু’ধারে হকাররা বসে রয়েছেন। ধর্মতলাতেও গ্র্যান্ড হোটেলের নীচে থাকা দোকানগুলির কথাও উঠে আসে প্রধান বিচারপতির কথায়। প্রধান বিচারপতি বললেন, গ্র্যান্ড হোটেলের নীচে অনেক দোকান আছে। কিন্তু সেই দোকানগুলির সামনের ফুটপাথ দখল করে রাখা হয়েছে। পরিস্থিতি এমন যে দোকানগুলি ঠিকভাবে

দেখাই যায় না, সেই কথাও জানালেন প্রধান বিচারপতি। মামলাকারীর আইনজীবী শ্রীকান্ত দত্ত এদিন কলকাতা পুরনিগম সংলগ্ন এলাকার ছবিও আদালতে পেশ করেন এবং প্রধান বিচারপতির দৃষ্টি আকর্ষণ করেন। প্রধান বিচারপতি মামলার শুনানি চলাকালীন এদিন মন্তব্য করেন, ‘‘শহরে একটি প্রবণতা রয়েছে, কোথাও কেউ ফুটপাথে বসে পড়লেই সাধারণ মানুষ সেখানে ভিড় করছেন। এক্ষেত্রে সচেতনতার অভাব রয়েছে।’’ মামলাকারীর আইনজীবীর জমা দেওয়া ছবি দেখে প্রধান বিচারপতি কলকাতা পুরনিগমের আইনজীবীর উদ্দেশে বলেন, বিষয়টি দেখার জন্য। প্রধান বিচারপতি আরও মন্তব্য করেন, নির্বাচিত জনপ্রতিনিধিরা যাতে এই বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত নেন। এই নিয়ে রাজনীতি না করার পরামর্শও দেন প্রধান বিচারপতি। বললেন, ‘‘এই বিষয়ে রাজনীতি জড়িয়ে গেলেই আর কাজ হবে না।’’ এদিন হাইকোর্টে প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চে রাজ্যের তরফে অ্যাডভোকেট জেনারেল জানান, কিছু হেরিটেজ বাজার এলাকা চিহ্নিত করা হয়েছে। রাজ্য সেগুলি নিয়ে ব্যবস্থাও নিচ্ছে। অ্যাডভোকেট জেনারেল জানান, ‘‘ভেন্ডিং কমিটির ১০৪টি লোকাল বডি রয়েছে। সেই লোকাল বডিগুলিকে ইতিমধ্যেই পুর ও নগরোন্নয়ন দফতর থেকে নির্দেশ দেওয়া হয়েছে কোনটি ভেন্ডিং জোন ও কোনটি নন ভেন্ডিং জোন না চিহ্নিত করার জন্য।’’ সেই শুনে প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ নির্দেশ দিয়েছেন, লোকাল বডিগুলিকে এই চিহ্নিতকরণের কাজ ৬ সপ্তাহের মধ্যে শেষ করতে হবে।

অক্টোবর তেলেঙ্গানা ও মধ্যপ্রদেশ সফর করবেন প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ২৭ সেপ্টেম্বর ঃ আগামী ১ ও ৩ অক্টোবর তেলেঙ্গানা সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। দক্ষিণ ভারতের এই রাজ্যে একাধিক সরকারি কর্মসূচিতে অংশ নেবেন প্রধানমন্ত্রী। এছা।াও জনসভাতেও অংশ নেবেন প্রধানমন্ত্রী মোদী। এছাড়াও ২ ও ৫ অক্টোবর প্রধানমন্ত্রী যাবেন মধ্যপ্রদেশে। সেখানে একাধিক জনসভায় অংশ নেবেন প্রধানমন্ত্রী। বুধবার সূত্র মারফত জানা গিয়েছে, আগামী ১ ও ৩ অক্টোবর তেলেঙ্গানা সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী। তেলেঙ্গানায় সরকারি কর্মসূচিতে অংশ নেবেন প্রধানমন্ত্রী। এছা।াও জনসভাতেও অংশ নেবেন তিনি। এ ছাড়াও ২ ও ৫ অক্টোবর প্রধানমন্ত্রী যাবেন মধ্যপ্রদেশে। সেখানে একাধিক জনসভায় অংশ নেবেন প্রধানমন্ত্রী।

বর্তমান কর্ণাটক সরকার সম্পূর্ণ ব্যর্থ হয়েছে ঃ তেজস্বী সূর্য

বেঙ্গালুরু, ২৭ সেপ্টেম্বর ঃ কর্ণাটকের সিদ্দারামাইয়া সরকারের বিরুদ্ধে তীব্র আক্রমণ শানালেন বিজেপি সাংসদ তেজস্বী সূর্য। তিনি বলেছেন, বর্তমান কর্ণাটক সরকার সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। কর্ণাটককে তামিলনাড়ুতে কাবেরির জল ছেড়ে দেওয়া বন্ধ করতে হবে। কাবেরীর জলের বড় অংশ' তামিলনাড়ুকে দেওয়া হচ্ছে, এই অভিযোগ তুলে বুধবার বেঙ্গালুরুতে বিক্ষোভ প্রদর্শন করে বিজেপি। সেই বিক্ষোভ কর্মসূচিতে অংশ নিয়ে বিজেপি সাংসদ তেজস্বী সূর্য বলেছেন, বর্তমান কর্ণাটক সরকার সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। তেজস্বী আরও বলেছেন, কর্ণাটক সরকার কাবেরী ওয়াটার রেগুলেশন কমিটি (সিডব্লিউআরসি) কমিটির কাছে সঠিক বিবরণ দিতে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। কেন্দ্রীয় সরকারের দিকে আঙুল তুললে কোনও কাজ হবে না। এখন এটি কর্তৃপক্ষ ও সুপ্রিম কোর্টের হাতে।

জেডি(এস) বিজেপির সঙ্গে একটি বোঝাপড়া করবে ঃ দেবগৌড়া

বেঙ্গালুরু, ২৭ সেপ্টেম্বর ঃ ক্ষমতার কোনও ক্ষুধা নেই তাঁর। স্পষ্টভাবে জানিয়ে দিলেন প্রাক্তন প্রধানমন্ত্রী ও জেডি (এস) প্রধান এইচ ডি দেবেগৌড়া। এনডিএ-তে যোগদান ও বিজেপির সঙ্গে হাত মেলানো প্রসঙ্গে বুধবার দেবেগৌড়া বলেছেন, ক্ষমতার কোনও ক্ষুধা নেই, বিজেপির সঙ্গে জোটের বিষয়ে সমস্ত জেডি (এস) নেতাদের মতামত নেওয়া হয়েছ। দেবেগৌড়া আরও বলেছেন, আমি গত ১০ বছরে প্রথমবার কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সঙ্গে আলোচনা করেছি....আমি প্রধানমন্ত্রী মোদীর সঙ্গে দেখা করিনি...আমি কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে কর্ণাটকের রাজনৈতিক পরিস্থিতিও ব্যাখ্যা করেছি। বিজেপিতে যোগ দেওযার আগে, আমি আমাদের ১৯ জন বিধায়ক এবং ৮ জন এমএলসি-র মতামত নিয়েছিলাম, যারা বলেছিল যে জেডি(এস) বিজেপির সঙ্গে একটি বোঝাপড়া করার কথা বিবেচনা করবে।

অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ৯৫ ডলারের কাছাকাছি

নয়াদিল্লি, ২৭ সেপ্টেম্বর ঃ আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম ওঠানামা অব্যাহত রয়েছে। গত ২৪ ঘন্টায়, ব্রেন্ট ক্রুড ব্যারেল প্রতি ৯৫ ডলারে এবং ডব্লিউটিআই ক্রুড ব্যারেল প্রতি ৯২ ডলারের কাছাকাছি পৌঁছেছে। যদিও সরকারি খাতের তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি পেট্রোল ও ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি। ইন্ডিয়ান অয়েলের ওয়েবসাইট অনুসারে, বুধবার রাজধানী দিল্লিতে পেট্রোল ছিল ৯৬.৭২ টাকা, ডিজেল ৮৯.৬২ টাকা, মুম্বাইতে পেট্রোল ১০৬.৩১ টাকা, ডিজেল ৯৪.২৭ টাকা, কলকাতায় পেট্রোল ১০৬.০৩ টাকা, ডিজেল ৯২.৭৬ টাকা, চেন্নাইতে পেট্রোল ১০২.৬৩ টাকা এবং ডিজেল ৯৪.২৪ টাকা প্রতি লিটার পাওয়া যাচ্ছে। আন্তর্জাতিক বাজারে, সপ্তাহের তৃতীয় দিনে প্রথম দিকে, ব্রেন্ট ক্রুডের দাম ব্যারেল প্রতি ৯৪.৮২-তে ট্রেন্ড করেছে, যা ০.৮৬ বা ০.৯২ শতাংশ বেড়েছে। একই সময়ে, ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট (ডব্লিউটিআই) ক্রুড ০.৮৫ ডলার বা ০.৯৪ শতাংশ বৃদ্ধির সাথে ব্যারেল প্রতি ৯১.২৪ ডলারে লেনদেন করছে।

ভারতে কোভিড-সংক্রমণে ২৪ ঘন্টায় সুস্থ ৪৪ জন

নয়াদিল্লি, ২৭ সেপ্টেম্বর ঃ ভারতে ৫০০-র নীচেই রয়েছে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা। পাশাপাশি বিগত ২৪ ঘঃটায় কমেছে দৈনিক সংক্রমণের সংখ্যাও, দেশে নতুন করে কোভিডে আক্রান্ত হয়েছেন ৪৭ জন। মঙ্গলবার সারাদিনে ভারতে করোনায় মৃত্যু হয়নি কারও। এই সময়ে সুস্থ হয়েছেন ৪৪ জন। কেংদ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা এই মুহূর্তে মাত্র ৪৬৬ এবং মৃত্যুর সংখ্যা ৫,৩২,০৩১। কেঃদ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বুধবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪৪,৬৬,১৫৩ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮১ শতাংশ। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ২৬ সেপ্টেম্বর সারা দিনে ভারতে ২৫,১০৫ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। টিকা প্রাপকের সংখ্যা বো৷ ২২০,৬৭,৭১,২৭৫-তে পৌঁছেছে।

দরঙের বুড়িগাওয়ে গাঁজা সহ এক পাচারকারীকে আটক করেছে পুলিশ

দরং (অসম), ২৭ সেপ্টেম্বর ঃ দরং জেলার অন্তর্গত দলগাঁও বিধানসভা এলাকাধীন বুড়িগাওয়ে গাঁজা সহ এক পাচারকারীকে আটক করেছে পুলিশ। ধৃত গাঁজা পাচারকারীকে জনৈক নজমুল হক বলে পরিচয় পাওয়া গেছে। গোপন তথ্যের ভিত্তিতে আজ বুধবার ভোরে দলগাঁও থানার পুলিশ বুড়িগাঁওয়ে অভিযান চালিয়েছিল। ওই অভিযানে এএস ০১ এওয়াই ৭৪৬৪ নম্বরের একটি মোটর বাইকের গতিরোধ করে তা থেকে ৬ কেজি গাঁজা উদ্ধার করা হয়েছে। এর সঙ্গে মঙ্গলদৈ বিধানসভা এলাকার ধুলার বাসিঃদা নজমুল হক নামের মাদক পাচারকারীকে আটক করেছে পুলিশ। গাঁজা ও মাদক পাচারে ব্যবহৃত মোটর বাইক সহ ধৃত নজমুলকে থানায় নিয়ে গেছে পুলিশ। তাকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে বলে পুলিশের তদন্তকারী অফিসার জানিয়েছেন।

মরিয়নি রেলস্টেশনে বাজেয়াপ্ত ১২০ কেজি বার্মিজ সুপারি, আটক রেলকর্মী

যোরহাট (অসম), ২৭ সেপ্টেম্বর ঃ মরিয়নি রেলওয়ে স্টশনে আজ ১২০ কেজি বারি্মজ সুপারি বাজেয়াপ্ত করেছে আরপিএফ এবং জিআরপিএফ-এর অভিযানকারী দল। বাজেয়াপ্তকৃত বার্মিজ সুপারিগুলির বাজারমূল্য কমপক্ষে এক লক্ষ টাকা হবে বলে অনুমান করা হচ্ছে। যৌথ অভিযানে অবৈধ বার্মিজ সুপারি পাচারের সঙ্গে জড়িত অভিযোগে জনৈক যুবককে আটক করেছে। ধৃত অবৈধ ব্া্মিজ সুপারি পাচারকারীকে আপ ইঃটারসিটি এক্সপ্রেসের শীততাপ নিয়ন্ত্রিত কামরার কর্মচারী ছোটন দে বলে পরিচয় পাওয়া গেছে। মরিয়নি রেলওয়ে স্টেশনে জিআরপিএফ থানা সূত্রে জানা গেছে, আজ বুধবার সকালে আপ ইঃটারসিটি এক্সপ্রেসে করে বার্মিজ সুপারি পাচার করার অভিযোগে ছোটন দে-কে আটক করা করা হয়েছে।

পশ্চিমবঙ্গের ২২টি শহরে পুজোয় পালস' চালু করতে ডিএস গ্রুপ টিভি ৯ বাংলার সাথে সম্মিলিতভাবে কাজ করছে

দুরন্ত বার্তা, ২৭ সেপ্টেম্বর ঃ ডিএস গ্রুপ, একটি মাল্টি-বিজনেস কর্পোরেশন এবং একটি শীর্ষস্থানীয় এফএমসিজি গোষ্ঠী পশ্চিমবঙ্গে পুজোয় পালস' প্রচারাভিযান চালু করতে ভদ্রলোক সম্প্রদায়ের পছন্দের চ্যানেল টিভি ৯ বাংলার সাথে সহযোগিতা করে। ২৩শে সেপ্টেম্বর, ২০২৩ থেকে শুরু হওয়া দুটি বিশেষভাবে ডিজাইন করা ক্যান্টার কলকাতা থেকে শুরু হবে এবং ২২টি শহর অতিক্রম করবে এবং প্রচারাভিযানের অংশ হিসাবে আইকনিক এবং উৎসবের স্থানে যাত্রার বিরতি করবে। পুরো যাত্রা জুড়ে, অংশগ্রহণকারীরা আকর্ষণীয় ব্র্যান্ড-সম্পর্কিত প্রশ্নের উত্তর দেওয়ার জন্য তাৎক্ষণিক পুরস্কার সহ এমসিদের নেতৃত্বে আকর্ষণীয় প্রতিযোগিতায় অংশ নেওয়ার সুযোগ পাবে। রোড শো চলাকালীন, টিভি ৯ রিপোর্টাররা ক্যান্টারগুলির (ধীর গতিতে যাত্রা) সাথে থাকবেন, পালস ক্যান্ডির সীমাহীন মজাদার উদ্দীপনার সাথে সামঞ্জস্য রেখে পূজা উৎসবে অংশগ্রহণকারীদের স্পন্দন ক্যাপচার করবেন। এই ক্যান্টারগুলির প্রধান আকর্ষণ হল তাদের উপর লাগানো লাইফ-সাইজ পালস ক্যান্ডি প্রোটোটাইপ, আসল পালস ক্যান্ডিতে পূর্ণ, যা সকলের জন্য একটি মনোমুগ্ধকর দৃশ্য তৈরি করে। এই ক্যান্টারগুলিতে এমসি প্রত্যেককে একটি কিউআর কোড স্ক্যান করতে এবং পুজোয় পালস' প্রতিযোগিতায.অংশগ্রহণ করতে উৎসাহিত করবে, যেখানে অংশগ্রহণকারীকে অবশ্যই প্রোটোটাইপে ভরা আসল পালস ক্যান্ডির সংখ্যা অনুমান করতে হবে। এই প্রতিযোগিতার ৩ জন ভাগ্যবান বিজয়ী আকর্ষণীয় পুরস্কার জেতার সুযোগ পাবেন। উপরন্তু, কলকাতার নির্বাচিত দুর্গা পূজা প্যান্ডেলগুলিতে, অর্থপূর্ণ মিথস্ক্রিয়াকে সহজতর করার জন্য ব্র্যান্ডেড উপাদানগুলির একটি বিশেষ পালস জোন' স্থাপন করা হবে। এই অনন্য উদ্যোগের কথা ঘোষণা করে, মিঃ অরবিন্দ কুমার, জেনারেল ম্যানেজার, ডিএস ফুডস লিমিটেড (কনফেকশনারি) প্রকাশ করেন,ডিএস গ্রুপ দুর্গা পূজা উপলক্ষে পুজোয় পালস' প্রচারাভিযানের জন্য টিভি ৯ -এর সাথে অংশীদার হতে পেরে রোমাঞ্চিত, যা উৎসাহ-উদ্দীপনার সাথে উদযাপিত হয় এবং পশ্চিমবঙ্গের প্রাণকে তুলে ধরে। এই উদ্যোগের মাধ্যমে, আমরা আমাদের ব্র্যান্ড এবং আমাদের প্রিয় ভোক্তাদের মধ্যে সংযোগ আরও গভীর করতে চাই। এই প্রচারাভিযান পশ্চিমবঙ্গের সাংস্কৃতিক উত্তরাধিকার সংরক্ষণ ও উৎকর্ষ সাধনে আমাদের অবিচল নিষ্ঠার প্রমাণ। পুজোয় পালস' শুধু একটি অনুষ্ঠানের চেয়েও বেশি কিছু এই শুভ দুর্গাপূজার মরসুমে এটি পশ্চিমবঙ্গের সমৃদ্ধ সংস্কৃতি এবং ঐতিহ্যের প্রতি একটি শ্রদ্ধাঞ্জলি। কলকাতায় প্রচারাভিযানটি যখন চূড়ান্ত পর্যায়ে পৌঁছেছে, তখন এটি একটি প্রাণবন্ত উদযাপনের প্রতিশ্রুতি দেয় যা আলাপচারিতার উপাদান, প্রতিযোগীতা এবং উপহার দিয়ে পূর্ণ হবে, যাতে প্রত্যেকে সম্পূর্ণভাবে এতে জড়িত হতে পারে। উৎসবের বাইরেও, পশ্চিমবঙ্গের প্রতিমা নির্মাতাদের ব্যতিক্রমী অবদান সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পুজোয় পালস' একটি সহানুভূতিশীল সামাজিক উদ্যোগ। এই প্রতিভাবান কারিগররা, যারা প্রজন্মের পর প্রজন্ম ধরে প্রতিমা তৈরি করেছেন, তাদের গল্পগুলিকে সামনে আনা হবে। পশ্চিমবঙ্গের দক্ষ প্রতিমা নির্মাতাদের অসাধারণ অবদানকে তুলে ধরার লক্ষ্যে, এই প্রচারাভিযানটি এই সম্প্রদায়গুলির জন্য সমর্থন জোগাড় করতে এবং টেকসই জীবিকার প্রচারের চেষ্টা করে। রক্তিম দাস, চিফ গ্রোথ অফিসার, টিভি ৯ নেটওয়ার্কের, বলেন,আমরা পুজোয় পালস অভিযান শুরু করার সাথে সাথে এই উত্তেজনাপূর্ণ যাত্রায় আমাদের সাথে যোগ দেওয়ার জন্য সবাইকে আমন্ত্রণ জানাচ্ছি। আমাদের অংশীদার পালস ক্যান্ডির ব্র্যান্ডের উদ্দেশ্য পূরণ নিশ্চিত করার পাশাপাশি, আমরা এটিতে একটি সিএসআর মাত্রা যোগ করছি, যার লক্ষ্য দুর্গা প্রতিমা নির্মানকারী কারিগরদের সাহায্যের হাত বাড়িয়ে দেওয়া। টিভি ৯ বাংলা এই প্রচারাভিযানের মাধ্যমে ঐতিহ্যবাহী মৃশিল্পীদের মহল থেকে প্রতিমা নির্মাতাদের অদম্য অবদানকে স্বীকৃতি দেবে।

ক্যাম্পেইনটি টিভি ৯ বাংলা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও তার উপস্থিতি প্রসারিত করে, যেখানে অংশগ্রহণকারীদের জন্য একটি উত্তেজনাপূর্ণ ডিজিটাল প্রতিযোগিতা অপেক্ষা করছে। অংশগ্রহণকারীদের তাদের এলাকায় ক্যান্টারটি সনাক্ত করতে হবে, ব্র্যান্ডেড গাড়ির সাথে একটি সেলফি তুলতে হবে এবং হ্যাশট্যাগ পুজোয় প্লাস ব্যবহার করে সেলফিটি সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মগুলিতে সেলফি শেয়ার করতে হবে। এছাড়াও, সোশ্যাল মিডিয়ায় রিয়েল-টাইম আপডেটগুলি রোড শো ক্যাপসুল, প্রচারাভিযানের ক্রিয়াকলাপ, বিজয়ী ঘোষণা এবং প্রচারাভিযানের রুট এবং সময়সূচী সম্পর্কিত তথ্য শেয়ার করা হবে।

অরুণাচলের শেরগাঁওকে সিলভার ক্যাটাগরির 'ভারতের সেরা পর্যটন গ্রাম'-এর খেতাব

ইটানগর, ২৭ সেপ্টেম্বর ঃ ভারতের সেরা পর্যটনস্থল হিসেবে সিলভার ক্যাটাগরির স্বীকৃতি অর্জন করেছে অরুণাচল প্রদেশের পশ্চিম কামেং জেলার অন্তর্গত শেরগাঁও গ্রাম। এই স্বীকৃতি শেরগাঁও-এর নাতিশীতোষ্ণ জলবায়ু, অত্যাশ্চর্য প্রাকৃতিক দৃশ্য এবং সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যের জন্য ক্রমবর্ধমান পর্যটন ক্ষেত্র হিসেবে জনপ্রিয়তার নিরিখে রৌপ্য বিভাগে ভারতের সেরা পর্যটন গ্রাম'-এর মর্যাদাপূর্ণ খেতাব দেওয়া হয়েছে। হিমালয়ের কোলে আবৃত নাতিশীতোষ্ণ জলবায়ুর জন্য সারা বছর পর্যটকদের এই গ্রাম আকর্ষিত করে। এই গ্রামের অত্যাশ্চর্য মনোরম পরিবেশ উপভোগ করার সর্বোত্তম সময় অক্টোবর থেকে মার্চের মধ্যে যখন আবহাওয়া শীতল এবং শুষ্ক থাকে, পরিষ্কার আকাশ যা হিমালয়ের শ্বাসরুদ্ধকর দৃশ্যাবলি প্রকট হয়। শেরগাঁওয়ের প্রধান আকর্ষণের মধ্যে একটি শেরগাঁও

মঠ, সপ্তদশ শতকের ইতিহাস বিজড়িত একটি নির্মল বৌদ্ধ মন্দির। এটি এখানকার মূল সাংস্কৃতিক ঐতিহ্যের বাহক। উপরন্তু, মনোরম সাংতি উপত্যকা, শান্ত বমডিলা মনাস্ট্রি এবং জৈববৈচিত্র্যপূর্ণ ইগলনেস্ট বন্যপ্রাণী অভযারণ্যের প্রতিও পর্যটকদের আকৃষ্ট করে। দর্শনীয় স্থান ছাড়াও শেরগাঁও অ্যাডভানচারাস ভ্রমণকারীদের জন্যও উপভোগ্য গ্রাম। এই অঞ্চলের কঠিন ভূখণ্ড সংলগ্ন পর্বতগুলির প্যানোরামিক দৃশ্য সহ বেশ কয়েকটি প্রাকৃতিক ট্রেইল ও আদর্শ ট্রেকিঙের জন্যও বিখ্যাত।

প্রয়াত বিশিষ্ট সিনেম্যাটোগ্রাফার সৌমেন্দু রায়

দুরন্ত বার্তা, কলকাতা, ২৭ সেপ্টেম্বর ঃ প্রয়াত বিশিষ্ট সিনেম্যাটোগ্রাফার সৌমেন্দু রায়। আজ কলকাতার বালিগঞ্জ সার্কুলার রোডে নিজের বাসভবনে তার জীবনাবসান হয়। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৯০ বছর। বেশ কিছু দিন ধরেই তিনি বার্ধক্যজনিত রোগে ভুগছিলেন। সত্যজিত রায় এর সঙ্গে পথের পাঁচালি ছবিতে সুব্রত মিত্র র সহকারী হিসাবে তিনি প্রথম কাজ করেন। এরপরে তিনি ১৯৬১ সালে তিনকন্যা ছবিতে কাজ করেন। সত্যজিত বাবুর সঙ্গে ১৫টি ছবি ছাড়াও তিনি তপন সিনহা, তরুন মজুমদারের সঙ্গেও কাজ করেছেন। জাতীয় চলচ্চিত্র পুরস্কার ছাড়াও দেশ বিদেশের বহু সম্মান এর পাশাপাশি রাজ্য সরকার ২০১৫ সালে তাকে সারা জীবনের অবদান হিসাবে চলচ্চিত্র পুরস্কার প্রদান করে। তার প্রয়ানে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গভীর শোক প্রকাশ করে পরিবারের পরিজনদের সমবেদনা জানিয়েছেন। এদিন প্রচুর বন্ধুবান্ধব ও আত্মীয়রা তাঁর বাড়িতে এসেছিলেন। এছাড়াও তাঁর গুনমুদ্ধরা তাঁর প্রয়াণে গভীর শোক প্রকাশ করেন।

মধ্যপ্রদেশে ট্রাক ও বোলেরো গাড়ির সংঘর্ষে মৃত ৪, আহত ২

মান্ডলা, ২৭ সেপ্টেম্বর ঃ মধ্যপ্রদেশের মান্ডলা জেলায় মঙ্গলবার মধ্যরাতে একটি সড়ক দুর্ঘটনায় ৪ জনের মৃত্যু হয়েছে। ঘটনাটি ঘটেছে, মধ্যপ্রদেশের মান্ডলা জেলার বিছিয়া থানা এলাকায় জাতীয় সড়ক-৩০-এর বারখেদি গ্রামের কাছে। দুর্ঘটনায় চারজনের মৃত্যু হয়েছে, তারমধ্যে তিনজন মহিলাও ছিলেন। ২ জন গুরুতর আহতও হয়। পুলিশ সূত্রে জানা গিয়েছে, মঙ্গলবার রাত ১টা নাগাদ বারখেদি গ্রামের কাছে একটি ট্রাক, বিছিয়াগামী একটি বোলেরো গাড়িকে ধাক্কা মারলে ৪ জনের মৃত্যু হয়েছে। ট্রাকটি লোহার রড নিয়ে জাতীয় সড়ক ৩০-র ওপর দিয়ে আসছিল। সংঘর্ষ এতটাই মারাত্মক আকার নেয় যে বোলেরোটি ভেঙে টুকরো টুকরো হয়ে যায়। দুর্ঘটনায় ৪ জনের মৃত্যু হয়েছে, তাদের মধ্যে তিনজনই মহিলা ছিলেন। এছাড়া ২জন গুরুতর আহত হয়েছেন। তাদের জেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে। বিছিয়া থানার ইনচার্জ ধর্মেন্দ্র সিং ধুরভে জানিয়েছেন, বোলেরো গাড়িতে ছযজন ছিলেন, তাদের মধ্যে চারজনেরই ঘটনাস্থলে মৃত্যু হয়। দুজন আহত হন। মৃতরা হলেন, লক্ষ্মীবাই (৩৮), রানিবাই (৫৮), সুভদ্রা বাই (৪২), তিনজনই মালনওয়াদা থানার কেওয়ালারি জেলার সিওনি গ্রামের বাসিন্দা এবং দুর্গেশ (৩২)। দুর্ঘটনায় আহত হয়েছেন ইন্দ্রেশ (৩২) ও ইঃদ্রাবাই (৩৫)। সংঘর্ষে ট্রাকটিও পুরোপুরি উল্টে যায়। দুর্ঘটনার পর ট্রাকচালক পালিয়েগেছে। পুলিশ দুর্ঘটনাটির মামলা দায়ের করেছে। তদন্ত শুরু করেছে পুলিশ।

বিজেপির লোকজন মিথ্যাবাদী, তাঁরা যা প্রতিশ্রুতি দেয় তা পূরণ করে নাঃ অখিলেশ যাদব

রেওয়া, ২৭ সেপ্টেম্বর ঃ বিজেপির বিরুদ্ধে তীব্র আক্রমণ শানালেন সমাজবাদী পার্টির প্রধান ও উত্তর প্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী অখিলেশ যাদব। বুধবার মধ্যপ্রদেশের রেওয়াতে এক নির্বাচনী জনসভায় অখিলেশ যাদব বলেছেন, এই (বিধানসভা) নির্বাচনকে দেশের নির্বাচন হিসেবে বিবেচনা করুন। আগামী নির্বাচনে আপনাদের ভোট একটি বার্তা দেবে...বিজেপির লোকজন মিথ্যাবাদী, তাঁরা যা প্রতিশ্রুতি দেয. তা পূরণ করে না। বলা হয়েছিল কৃষকদের আয.দ্বিগুণ হবে কিন্তু মুদ্রাস্ফীতি দ্বিগুণ হযেছে।

নির্বাচনী জনসভায় যোগ দিতে বুধবার দুপুরেই রেওয়াতে পৌঁছন অখিলেশ যাদব। তিনি তখন সাংবাদিকদের মুখোমুখি হয়ে বলেন, বহু বছর ধরে মধ্যপ্রদেশে সমাজবাদী পার্টি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছে, সমাজবাদী মধ্যপ্রদেশে কাজ করেছে এবং এখানে সমাজতান্ত্রিক মতাদর্শের প্রয়োজন আছে, এখানে বেকারত্ব, মুদ্রাস্ফীতি ও অবিচার বেড়েছে। আমরা আশা করি এবার সমাজবাদী পার্টি আরও বেশি আসনে জিতবে।

ডিব্রুগড় চৌকিডিঙিতে বাণিজ্যমেলার আয়োজন

ডিব্রু গড় (অসম), ২৭ সেপ্টেম্বরঃ মুখ্যমন্ত্রী আত্মনির্ভর অসম' প্রকল্পের বলে স্থানীয় যুবক-যুবতীদের উপাদিত সামগ্রী বাজারজাত করার লক্ষ্যে আজ ২৮ সেপ্টেম্বর থেকে ডিব্রুগড়ের চৌকিডিঙিতে বাণিজ্যমেলার আয়োজন করা হয়েছে। অনুষ্ঠেয় বাণিজ্যমেলার মাধ্যমে রাজ্যের যুবক-যুবতীরা আত্মনির্ভরশীল হতে সক্ষম হবেন। বলেছেন রাজ্যের শিল্প ও বাণিজ্য এবং সাংস্কৃতিক পরিক্রমা দফতরের মন্ত্রী বিমল বরা। ডিব্রুগড়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এ খবর দিয়ে শিল্প ও বাণিজ্য দফতরের মন্ত্রী বিমল বরা বলেন, ২৮ তারিখ থেকে অনুষ্ঠেয় বাণিজ্য মেলা গুয়াহাটির অসম বাণিজ্য ও উন্নয়ন সংস্থার আহ্বানে ডিব্রুগড় জেলা উদ্যোগ ও বাণিজ্য কেন্দ্রের সহযোগিতায় অনুষ্ঠিত হবে। মন্ত্রী জানান, অনুষ্ঠেয় বাণিজ্য মেলায় ১৪০টি বিপণি খোলা হবে। তাদের মধ্যে একটি বিদেশি দেশ আফগানিস্তানের। এছাড়া ৩৯টি বিপণি থাকবে ভারতের অন্য রাজ্যের সংশ্লিষ্ট স্থানীয় উপাদিত সামগ্রীর।

তিনি জানান, অসমের জন্য ১০০টি বিপণি বিনামূল্যে দেওয়া হবে। অন্যদিকে আগামী ৩০ সেপ্টেম্বর থেকে ৭ অক্টোবর পর্যন্ত পাঁচটি জেলায় অনুষ্ঠিত হবে রচনা ও বিতর্ক প্রতিযোগিতা। ওই প্রতিযোগিতাগুলি অনুষ্ঠিত হবে ডিব্রুগড় , তিনসুকিয়া, চড়াইদেও, শিবসাগর এবং ধেমাজি জেলায়। রচনা প্রতিযোগিতার বিষয় আমার জীবনের লক্ষ্য', সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন শিল্প ও বাণিজ্য দফতরের মন্ত্রী বিমল বরা।কৃত বার্মিজ সুপারিগুলির বাজারমূল্য কমপক্ষে এক লক্ষ টাকা হবে বলে অনুমান করা হচ্ছে। যৌথ অভিযানে অবৈধ বার্মিজ সুপারি পাচারের সঙ্গে জড়িত অভিযোগে জনৈক যুবককে আটক করেছে। ধৃত অবৈধ ব্া্মিজ সুপারি পাচারকারীকে আপ ইন্টারসিটি এক্সপ্রেসের শীততাপ নিয়ন্ত্রিত কামরার কর্মচারী ছোটন দে বলে পরিচয় পাওয়া গেছে। মরিয়নি রেলওয়ে স্টেশনে জিআরপিএফ থানা সূত্রে জানা গেছে, আজ বুধবার সকালে আপ ইন্টারসিটি এক্সপ্রেসে করে বার্মিজ সুপারি পাচার করার অভিযোগে ছোটন দে-কে আটক করা করা হয়েছে। ছোটন দে লামডিঙের বাসিন্দা। বার্মিজ সুপারিগুলি সে ডিমাপুর থেকে মরিয়নিতে নিয়ে আসছিল।

পানিট্যাঙ্কিতে ব্রাউন সুগার সহ গ্রেফতার যুবক

খড়িবাড়ি, ২৭ সেপ্টেম্বর ঃ ফের ভারত-নেপাল সীমান্ত থেকে উদ্ধার ব্রাউন সুগার । সীমান্তের পানিট্যাঙ্কি থেকে ব্রাউন সুগার সহ এক যুবককে গ্রেফতার করেছে পুলিশ । সোমবার রাতে খড়িবাড়ি থানার পানিট্যাঙ্কি ফাঁড়ির পুলিশ অভিযান চালিয়ে ১৩২ গ্রাম ব্রাউন সুগার সহ ওই যুবককে গ্রেফতার করেছে। ধৃতের নাম চন্দন বর্মন (৩৩)। সে পানিট্যাঙ্কির হাবালদার বস্তির বাসিন্দা। ধৃতের থেকে ব্রাউন সুগার উদ্ধার হয়েছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, সোমবার রাতে গোপন সূত্রে খবর পেয়ে পানিট্যাঙ্কি রেলগেট এলাকায় একটি চারচাকা গাড়িকে আটক করা হয়। এরপর তাতে তল্লাশি চালিয়ে ১৩২ গ্রাম ব্রাউন সুগার উদ্ধার হয়। পরে ধৃতকে খড়িবাড়ি থানায় নিয়ে আসে পুলিশ। ধৃত যুবককে মঙ্গলবার শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হবে।

৯.৩০ মিনিটের মধ্যে পৌঁছতে হবে দফতরে ঃ নীতীশ

পাটনা, ২৭ সেপ্টেম্বর ঃ সকাল সাড়ে ৯টার মধ্যে সমস্ত মন্ত্রী ও সরকারি আধিকারিকদের নিজ নিজ দফতরে পৌঁছে যেতে হবে, এমনই নির্দেশ দিলেন বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার। মঙ্গলবার পাটনার বেইলি রোডে অবস্থিত বিকাশ ভবন (নতুন সচিবালয়) এবং বিশ্বেশ্বরায় ভবনে (প্রযুক্তিগত সচিবালয়) আচমকাই পরিদর্শনে যান নীতীশ কুমার। বিকাশ ভবনে তাঁর পরিদর্শনের সময়, নীতীশ কুমার দেখতে পান যে কিছু মন্ত্রী নিজেদের ঘরে অনুপস্থিত ছিলেন। তাতে হতাশা ব্যক্ত করেন নীতীশ এবং নির্দেশ দেন সকাল সাড়ে ৯টার মধ্যে সমস্ত মন্ত্রী ও সরকারি আধিকারিকদের নিজ নিজ দফতরে পৌঁছে যেতে হবে।

ক্লাস নিতে হবে, মন্তব্য শোভনদেবের

দুরন্ত বার্তা, কলকাতা, ২৭ সেপ্টেম্বর ঃ তৃণমূল কংগ্রেস কর্মীদের বিচ্যুতি রুখতে ধারাবাহিকভাবে ক্লাস নিতে হবে। দলের যারা সিনিয়র তাঁদেরই এই দায়িত্ব নিতে হবে। না হলে এই বিচ্যুতি আরও বড় আকার নেবে। মঙ্গলবার এই মন্তব্য করেছেন রাজ্যের পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়। তিনি স্বীকার করেছেন, দলের মধ্যে এই প্রবণতা তৈরি হচ্ছে। কারণ তৃণমূল কংগ্রেসের যাঁরা নির্বাচিত হচ্ছেন, তাঁরাও এই সমাজের অংশ। সমাজের মধ্যে যে বিচ্যুতি দেখা যাচ্ছে তার প্রভাব দলের মধ্যেও পড়বে, এটাই স্বাভাবিক। ফলে ধারাবাহিক কর্মসূচি নিতে হবে। ক্লাস নেওয়া, সভায.আলোচনা চালাতে হবে। না হলে বিচ্যুতি রোখা যাবে না। এমনই মত শোভনদেববাবুর।

স্প্যানিশ প্রশিক্ষণ কেন্দ্র গড়বে রাজ্য

দুরন্ত বার্তা, কলকাতা, ২৭ সেপ্টেম্বর ঃ ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়নে রাজ্যে স্প্যানিশ ভাষার একটি প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তুলতে রাজ্য সরকার স্পেনের সঙ্গে যৌথ উদ্যোগে কাজ করার সিদ্ধান্ত নিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি র নেতৃত্বে রাজ্যের এক প্রতিনিধি দল সম্প্রতি স্পেন সফরের পরে সেখানকার কর্মসূচি নিয়ে নবান্নের শীর্ষ আধিকারিকরা আজ তার উপরে পর্যালোচনা বৈঠক করেন। পরে মুখ্যসচিব হরিকৃষ্ণ দ্বিবেদি সাংবাদিকদের বলেন ওই দেশের বিভিন্ন বণিক সংগঠনের কাছ থেকে পাওয়া এই সংক্রান্ত প্রস্তাব বিবেচনা করে কলকাতা, যাদবপুর বা রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় এর মধ্যে যে কোন একটিতে স্প্যানিশ ভাষা শেখার এই কেন্দ্র গড়ে তোলা হবে।

শিলঘাট চা বাগানে শয্যাশায়ী গণ্ডার

নগাঁও (অসম), ২৭ সেপ্টেম্বর ঃ নগাঁও জেলার অন্তর্গত কলিয়াবরের শিলঘাট চা বাগান লংসগ্ন এলাকায় শয্যাশায়ী আঘাতপ্রাপ্ত একটি গণ্ডার। বেশ কিছুদিন ধরে ওই এলাকায় অবস্থান করছিল এক শৃঙ্গের গণ্ডারটি। গত প্রায় দু মাস আগে নিকটবর্তী কাজিরঙা জাতীয় উদ্যান থেকে বেরিয়ে জনপদে এসে বিচরণ করছিল গণ্ডারটি। সে স্থানীয় কামাখ্যা মঃদিরের আশপাশ এলাকায়ও অবাধে বিচরণ করছিল। আজ মঙ্গলবার সকালে আঘাতপ্রাপ্ত এক শৃঙ্গের গণ্ডারটিকে শিলঘাটের চা বাগান সংলগ্ন এলাকার বাসিঃদারা মাটিতে শায়িত অবস্থায় উদ্ধার করেন। প্রত্যক্ষদর্শীরা তার দেহে আঘাতের চিহ্ন দেখেছেন। দেহের পশ্চাদভাগ থেকে রক্তক্ষণও হচ্ছে। ইতিমধ্যে এলাকায় প্রবেশ করে স্থানীয় এক বাসিন্দার ওপর হামলাও চালিয়েছিল অসুস্থ গণ্ডারটি। এতদিন ধরে কাজিরঙা জাতীয় উদ্যান থেকে বেরিয়ে জনপদে এসে হামলা ও বিচরণ করছিল। এর পরও কেন বন দফতর গণ্ডারটিকে তার মূল ক্ষেত্র জাতীয় উদ্যানে পাঠানোর কোনও ব্যবস্থা নেয়নি, এ প্রসঙ্গে নানা প্রশ্ন তুলেছেন পশুপ্রেমীরা।

পূর্ণাঙ্গ পঞ্জিকা

বাঙালি পঞ্জিকা ২৭ বিআরইজি১ ৯ আশ্বিন ১৪৩০ বাঙ্গাব্দ সম্পূর্ণর পূর্ণাঙ্গ পঞ্জিকাপাতা, সেপ্টেম্বর (সাপ্তাহিক.) , ২৫৬৭ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশ ১২ আশ্বিন ১৪৩০, ইঃটার সিভিল ৫ আশ্বিন ১৯৪৫, মৈতৈ ১৩ লাংবান, আসাম ৯ আহিন, দল ১২-র বি ড ল-আ ড য া ল-১৪৫জরী।ধর্মীয় পর্ব আজ মহানবির জন্মদিন (ঈদে মিলাদুন্নবি)সূর্য উদয় সকাল ০৫২৯১২ এবং অস্ত বিকাল ০৫২৪৫৩।চন্দ্র উদয় বিকাল ০৪১৩৪৮(২৭) এবং অস্তশেষ রাত্রি ০৩৫৯৫৮(২৭)।শুক্ল পার্টি।তিথি ত্রয়োদেশী (জয়া) রাত্রি ০৮৪৬৩৬ দং ৩৮১৩১৫ পর্যন্তনক্ষত্র শতভিষা সকাল ঘ ০৪২৩০৫ দং ৫৭১৩৪০ পর্যন্ত পূর্বভাদ্রপদকরণ কৌলব সকাল ঘ ০৯৫৯৪০ দং ১১১৫৫৫ পর্যন্ত পরে তৈতিল রাত্রি ০৮৪৬৬ দং ৩৮১৩১৫ পর্যন্ত পরে গরযোগ শূলঅমৃত্যু দিন ০৫২৯২৮ থেকে - ০৬১৭০১ পর্যন্ত, তারপর ০৭০৪৪৩ থেকে ০৭৫২২৬ পর্যন্ত, তারপর ১০১৫৩৪ থেকে - ১২৩৮৪২ পর্যন্ত এবং রাত্রি ০৬১৩১৬ থেকে - ০৭৪৩৩ পর্যন্ত, তারপর ০৮৩৮০৮ থেকে - ০৩০৪২৬ পর্যন্ত।মহেন্দ্রযোগ দিন ০৬১৭০১ থেকে-০৭০৪৪৩ এবং রাত্রি ০১২৬২৫ থেকে - ০৩৪৯৩৩ পর্যন্ত।কুলিকবেলা দিন ১১০৩১৭ থেকে ১১৫১৫০ পর্যন্ত।কুলি করা ১০১৪২ থেকে - ১১০৩০ পর্যন্ত।বারবেলা দিন ১১২৭০৮ থেকে ১২৫৬৩৬ পর্যন্ত।কালবেলা দিন ০৮২৮১৩ থেকে ০৯৫৭৪১ পর্যন্ত।কালরাত্রি ০২ ২৮১৩ থেকে - ০৩৫৮৪৬ পর্যন্ত। গ্রস্ফুট (সূর্য উদয় সময়)রবি ৫৯৪৩৩৭ (১২) ৪ পদচন্দ্র ১০১৯২৪৫ (২৪) ৪ পদমঙ্গল ৫২৪৪৫২৭ (১৪) ১ পদবুধ ৪২৫৪২১৫ (১১) ৪ পদবৃহস্পতি ২১৪২১৪ (২) ৩ পদশুক্র ৩২৪৪৩৫১ (৫৯) ৩ পদশনি ১০৩৫৫১০ (২৩) ৪ পদরাহু ০৪০৪১ (১) ২ পদকেতু ৬৪০৪১ (১৪) ৪ পদবৃহস্পতি বক্রিশনি বক্রি।লগ্ন রাশি সকাল ০৬৫৫২৭ পর্যন্ত। তুলা রাশি সকাল ০৯০৯৩৭ পর্যন্ত। বৃহশ্চিক রাশি সকাল ১১২৫২১ পর্যন্ত। ধনু রাশি দুপুর ০১৩০৩৯ পর্যন্ত। মকর রাশি দুপুর ০৩১৭৩৩ পর্যন্ত।

রাশিফল

মেষ-বাড়িতে যদি কোনও বয়স্ক সদস্য থাকে, তবে আজ হঠা তাঁর স্বাস্থ্যের অবনতি হতে পারে। কাজে ব্যস্ততার কারণে আজ আপনি ক্লান্তবোধ করবেন।

বৃষ-আজ আপনার জীবনসঙ্গীর মেজাজ খুব ভাল থাকবে। আপনারা একসঙ্গে বেড়াতে বা সিনেমা দেখতে যেতে পারেন।

মিথুন-যে জাতকরা দীর্ঘদিন ধরে চাকরি পরিবর্তন করার পরিকল্পনা করছেন, আজ তাঁরা একটি বড় কোম্পানির কাছ থেকে অফার পেতে পারেন।

কর্কট- আজকের দিনটি খুব ভাল কাটবে। আপনার কোনও বড় সমস্যার সমাধান হতে পারে। যে কারণে আপনার বড় উদ্বেগ দূর হবে। আজ আপনি আপনার পরিবারের সঙ্গে দুর্দান্ত সময় কাটাবেন।

সিংহ-আর্থিক দিক দিয়ে দিনটি ভাল যাবে। অর্থ লাভ হবেন। জীবনসঙ্গীর স্বাস্থ্যের উন্নতি হবে। অফিসের কাজ করার সময় খুব বেশি তাড়াহুড়ো করবেন না।

কন্যা-লভ লাইফ ভাল কাটবে। আজ অনেক ছোটোখাটো খরচ হতে পারে। অফিসে সহকর্মীদের কাজে হস্তক্ষেপ করবেন না, অন্যথায় বড় ঝামেলা হতে পারে।

তুলা-অন্যকে অন্ধভাবে বিশ্বাস করার অভ্যাসের কারণে আজ আপনি সমস্যায় পড়বেন। অফিসের সমস্ত কাজ সময়মতো করার পরামর্শ দেওয়া হচ্ছে।

বৃশ্চিক-আজ আপনি আপনার আয় বাড়ানোর চেষ্টায় সাফল্য পেতে পারেন। জীবনসঙ্গীর সঙ্গে আপনার সম্পর্ক দৃঢ় হবে।

ধনু-আজ আপনি আপনার ক্যারিয়ার সংক্রান্ত ভাল খবর পেতে পারেন। যে সব শিক্ষার্থীরা উচ্চ শিক্ষা সংক্রান্ত প্রচেষ্টা করছেন, তাঁদের চেষ্টা আরও বাড়াতে হবে।

মকর-স্বাস্থ্যের দিকে খেয়াল রাখুন। ক্রমবর্ধমান ব্যয় কমান। আজ আপনি আপনার পুরানো বন্ধুদের সঙ্গে দেখা করার সুযোগ পাবেন। কর্মক্ষেত্রে দিনটি মোটামুটি যাবে।

কুম্ভ-যাঁরা অনলাইন ব্যবসা করছেন, তাঁদের আজকের দিনটি খুব ভাল যাবে। আর্থিক লাভ হতে পারে।

মীন-যে সব ব্যবসায়ীরা তাঁদের ব্যবসাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য ব্যাঙ্ক থেকে ঋণ নেওয়ার পরিকল্পনা করছেন, তাঁরা আজ সুসংবাদ পাবেন।

বিশ্ব পর্যটন দিবসে পর্যটনের উপর ছাত্র-ছাত্রীদের প্রদর্শনী কর্মসংস্থানের দিশা দেখাচ্ছে

দুরন্ত বার্তা,,হরিপাল, ২৭ সেপ্টেম্বর ঃ আজ হরিপাল বিধানসভার অন্তর্গত বাসুদেবপুর বিদ্যামঃিদরে ছাত্রছাত্রীদের তৈরি পর্যটনের উপর এক প্রদর্শনী সকলের দৃষ্টি কাড়ে। এই প্রদর্শনী নতুন প্রজন্মের কাছে কর্মসংস্থানের এক নতুন দিশা দেখাচ্ছে বলে অভিজ্ঞ জনের অভিমত। আজকের এই প্রদর্শনীতে উপস্থিত ছিলেন রাজ্যের পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন দপ্তরের প্রতিমন্ত্রী বেচারাম মান্না হরিপালের বিধায়িকা ডাক্তার করবি মান্না ওই বিদ্যালয়ের পরিচালনা কমিটির সভাপতি স্বরূপ মিত্র এসআই দেবব্রত ঘোষ সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ।

এই অনুষ্ঠানে মন্ত্রী বেচারাম মান্না বলেন বিশ্ব পর্যটন দিবসে এই বিদ্যালয়ের ছাত্রীরা পর্যটনের উপর যে প্রদর্শনী এবং পর্যটনের সঙ্গে সংযুক্ত হোটেলে যে সমস্ত রান্নার পদ নির্বাচন করা হয. হাতে কলমেএই প্রদর্শনীর মাধ্যমে তারা তা তুলে ধরেছে, এক কথায় এটা অনবদ্য, তিনি বলেন এই প্রকার প্রদর্শনী পশ্চিমবাংলার মধ্যে এই প্রথম। তিনি বলেন এই পর্যটনের উপর প্রশিক্ষণ নিয়ে আগামী দিনে ছাত্র-ছাত্রীরা কর্মসংস্থানের সুযোগ পাবে এবং পর্যটন ব্যবসা ও তৈরি করে তারা নিজের পায়ে দাঁড়াতে পারবে। তিনি এই বিদ্যালয়ের পরিচালন সমিতি ও শিক্ষক-শিক্ষিকাদের ধন্যবাদ জানান।

উল্লেখ করা যায় ভারতের গ্রামীণ

ও শহর এলাকায় তরুণ তরুণীদের কর্মসংস্থানের জন্য উপযুক্ত করে গড়ে তুলতে কেন্দ্রীয় সরকার স্কিল ইন্ডিয়া মিশন চালু করেছিল। তারই সঙ্গে রাজ্য সরকার বিদ্যালয়গুলিতে বর্তমান প্রচলিত প্রশিক্ষণ ও বৃত্তিমূলক প্রশিক্ষণের মাধ্যমে যথার্থ মেলবন্ধন ও সমন্বয় সাধন করেছে। এই বৃত্তিমূলক শিক্ষা বিদ্যালযের নবম থেকে দ্বাদশ শ্রেণীর ছাত্র-ছাত্রীদের মধ্যে প্রদান করা হয়। হুগলির হরিপালের বাসুদেবপুর বিদ্যালয় ২০১৮ শিক্ষাবর্ষে এই বৃত্তিমূলক শিক্ষা ব্যবস্থা চালু করা হয়। এবং তা অত্যন্ত সুন্দরভাবে ছাত্র-ছাত্রীরা গ্রহণ করে। ভারতবর্ষে পর্যটনের ক্ষেত্রে অভূতপূর্ব সম্ভার রয়েছে সেই দিকে লক্ষ্য রেখে পর্যটনে কর্মসংস্থান ও ব্যবসা করার লক্ষ্যে বিদ্যালয়ের ছাত্রীদের এই মডেল প্রদর্শনী ছাত্র ছাত্রীরা শুধু নয়. সাধারণ মানুষের মধ্যে বিশেষ সাড়া ফেলেছে। এটি আগামী দিনে পর্যটন শিল্পে নতুন কর্মসংস্থানের দিশা দেখাবে বলে উদ্যোক্তাদের অভিমত। আগামী দিনে এই প্রশিক্ষণের মাধ্যমে আঞ্চলিক ও বহু জাতিক ট্রাভেল এজেন্সি টুর গাইডিং,ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানিগুলিতে চাকরি পাওয়ার সুযোগ থাকবে এমন কি ট্যুরিজম ব্যবসায় প্রশিক্ষিতরাও অংশ নিতে পারবে বলে মনে করা হচ্ছে। এই প্রদর্শনী অত্যন্ত সাফল্যের সঙ্গে অনুষ্ঠিত হয় এবং উৎসাহী মানুষের ভিড় লক্ষ্য করা যায়।

২৮ সেপ্টেম্বর অবধি বৃষ্টির দেখা মিলবে না দক্ষিণবঙ্গে

দুরন্ত বার্তা, কলকাতা, ২৭ সেপ্টেম্বর ঃ আগামী ৪৮ ঘন্টা অর্থা ২৮ সেপ্টেম্বর পর্যন্ত বৃষ্টির দেখা মিলবে না দক্ষিণবঙ্গে। তবে, ২৯ সেপ্টেম্বরের পর আবারও আবহাওয়া বদলাবে। শুক্রবার থেকে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে বৃষ্টিপাতের পরিমাণ বৃদ্ধির সম্ভাবনা রয়েছে। আলিপুর আবহাওয়া দফতরের পক্ষ থেকে জানানো হয়েছে, ২৮ সেপ্টেম্বর পর্যন্ত দক্ষিণবঙ্গে সেভাবে বৃষ্টি হবে না। ২৯ সেপ্টেম্বর থেকে আবার বৃষ্টি বাড়বে। আবহবিদরা জানিয়েছেন, ২৯ সেপ্টেম্বর থেকে উত্তর বঙ্গোপসাগর এবং সংলগ্ন পূর্ব-মধ্য বঙ্গোপসাগরের ওপর একটি ঘূর্ণাবর্ত তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে। তাই ২৯ সেপ্টেম্বরের পর বৃষ্টি বাড়বে। তবে, আপাতত গরমে কষ্ট পেতে হবে দক্ষিণবঙ্গের মানুষজনকে, এই মুহূর্তে তাপমাত্রা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। বুধবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.৬ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে দুই ডিগ্রি বেশি।

ফুলের উৎপাদন ও রপ্তানি বাড়াতে কেন্দ্র ও রাজ্য যৌথ উদ্যোগ নিয়েছে

দুরন্ত বার্তা, কলকাতা, ২৭ সেপ্টেম্বর ঃ রাজ্যে ফুলের উৎপাদন ও রপ্তানি বাড়াতে কেন্দ্র ও রাজ্য সরকার যৌথ উদ্যোগ নিয়েছে। ফুলের উপাদন ও রপ্তানি পরিকাঠামো উন্নত করতে কেন্দ্রীয় সরকার চার রাজ্যকে বেছে নিয়েছে। যার মধ্যে পশ্চিমবঙ্গও রয়েছে। এখানে পাইলট প্রকল্প হিসেবে এই কাজ শুরু হবে বলে রাজ্যের উদ্যান পালন দফতর সূত্রে জানা গেছে। বিভিন্ন রকম ফুল বিশেষ করে গোলাপ ও রজনীগন্ধা উপাদনে এই রাজ্য দেশের মধ্যে প্রথম স্থানে রয়েছে। কিন্তু সংরক্ষণের প্রয়োজনীয় পরিকাঠামো না থাকায় পচনশীল এইসব ফুল বিদেশে রপ্তানি করা সম্ভব হয় না। বেঙ্গালুরু ও পুনের ফুল ব্যবসায়ীরা এরাজ্যের চাষীদের কাছ থেকে রজনীগন্ধা ও গোলাপ কিনে তা সংরক্ষণের পর বিদেশে রপ্তানি করে। ফলে এরাজ্যের কৃষকেরা তাদের কষ্টার্জিত ফসলের সঠিক দাম পান না। এই সমস্যা নিরসনে হরিণঘাটায় উদ্যানপালন দফতরের খামারে ফুল চাষের ক্লাস্টার তৈরি করার উদ্যোগ নেওয়া হয়েছে। সেখানে ফুল উৎপাদন ও তার সংরক্ষণের উপযুক্ত পরিকাঠামো তৈরি করা হবে। একই সঙ্গে উন্নত মানের কলম তৈরি করে তা সারা রাজ্যের ফুল চাষীদের মধ্যে বণ্টন করা হবে।

ফের পথ দুর্ঘটনা হাওড়া আমতা রোডে, ডোমজুড়ের কাটলিয়ায় মৃত শ্রমিক

শ্রেয়া আদক, হাওড়া, ২৭ সেপ্টেম্বর ঃ ফের পথ দুর্ঘটনায় মৃত্যুর ঘটনা হাওড়া আমতা রোডে। মঙ্গলবার জগৎবল্লভপুরের পর বুধবার দুর্ঘটনায় মৃত্যুর ঘটনা ঘটলো হাওড়ার ডোমজুড়ে। এদিন লরির ধাক্কায় পথ দুর্ঘটনায় মৃত্যু হয় এক শ্রমিকের। মৃতের নাম বাবলু দাস (৫৩)। বাড়ি সলপের তঁতুলকুলিতে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে কাটলিয়ায় একটি লোহার কারখানায় শ্রমিকের কাজ করতেন ওই প্রৌঢ়। প্রতিদিনের মতো বুধবার সকল আটটা নাগাদ মোটরবাইক নিয়ে কাজে বের হয়েছিলেন ওই ব্যক্তি। বাড়ি থেকে কিছুটা দূরেই আমতাগামী একটি লরির সঙ্গে মুখোমুখি সংঘর্ষে গাড়ি থেকে ছিটকে পড়নে ওই ব্যক্তি। ঘটনাস্থলেই মৃত্যু হয় পঞ্চাষোর্ধ ওই প্রৌঢ়। ঘটনার জেরে হাওড়া আমতা রোডে ব্যস্ততম অফিস টাইমে তীব্র যানজটের সৃষ্টি হয়। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসে ডোমজুড় থানার পুলিশ। মৃতদেহ ময়নাতদন্তে পাঠায় পুলিশ। ঘাতক লরিটিকে আটক করেছে পুলিশ। পলাতক লরির চালক। উল্যেখ্য, গতকাল মঙ্গলবার জগৎবল্লভপুরের ব।গাছিয়াতেও হাওড়া আমতা রোডে লরির ধাক্কায় মৃত্যু হয়েছিল এক শ্রমিকের। এদিন আবারও লরির ধাক্কায় মৃত্যু হলো আরও এক শ্রমিকের। স্থানীয় বাসিন্দা রাজীব হালদার জানান, এখানে দীর্ঘদিন ধরে বেপরোয়া গতিতে গাড়ি চলছে। রাস্তার দু'পাশে গাড়ি দাঁড়ানো থেকে শুরু করে দোকান নিয়ে বসে পড়েছে। রাস্তায় যানজট। বেপরোয়া গাড়ি চালনোর জন্য এদিন একজনের প্রাণ চলে গেল। পুলিশকে বারেবারে বলেও এর কোনও সুরাহা হয়নি। এখানে যান নিয়ন্ত্রণের প্রয়োজন। এখানকার কারখানার গাড়ি পার্কিং করা হচ্ছিল। আমাদের দাবি রাস্তার ধারে পার্কিং ও দোকানের বিরুদ্ধে অবিলম্বে ব্যবস্থা নেওয়া হোক। এদিন সকাল সাড়ে ৮টা নাগাদ কারখানায় কাজে যাওয়ার সময় খবর পাওয়া যায় রাস্তাতে দুর্ঘটনায় একজন মারা গিয়েছেন। তিনি কারখানায় কাজে আসছিলেন। তিনি সেখানে রোলিংয়ের কাজ করতেন। সাইড দিতে গিয়ে গাড়ি ওভাররটেক করতে গিয়ে ধাক্কা মারে। আরেক প্রত্যক্ষদর্শী প্রভাত দাস জানান, এখানে টোটো বাইকের মতো ছোট গাড়ি কম করা দরকার।

হোয়াট্সঅ্যাপে এ বার বার্তা পাঠাবেন মুখ্যমন্ত্রী মমতা, সাথে থাকছেন অভিষেকও

দুরন্ত বার্তা, কলকাতা, ২৭ সেপ্টেম্বর ঃ সম্প্রতি নতুন ফিচার নিয়ে এসেছে জনপ্রিয় মেসেজিং অ্যাপ হোয়াট্সঅ্যাপ। সেই অ্যাপেই নিজেদের হোয়াট্সঅ্যাপ চ্যানেল খুললেন মমতা-অভিষেক। লক্ষ্য একটাই জনসংযোগ। যে কেউ খুলতে পারবেন এই চ্যানেল। উল্লেখ্য, কিছুদিন আগেই হোয়াট্সঅ্যাপ চ্যানেলে যোগ দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। অল্প কয়েক দিনের মধ্যেই চ্যানেলে মোদীর ফলোয়ারের সংখ্যা ৫০ লক্ষ ছাড়িয়েছে। এই আবহে এ বার হোয়াট্সঅ্যাপ নয়া ফিচারে নিজেকে মেলে ধরলেন বাংলার মুখ্যমন্ত্রী ও তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়।প্রসঙ্গত, আত্মপ্রকাশের কয়েক দিনের মধ্যেই জনপ্রিয় হয়ে উঠেছে হোয়াট্সঅ্যাপ চ্যানেল। মূলত এটি একটি একমুখী ব্রডকাস্টিং চ্যানেল। চ্যানেলটি যিনি তৈরি করবেন, তিনি সহজেই ছবি, ভিডিয়ো, বিভিন্ন বার্তা পাঠাতে পারবেন। চ্যানেলটি ফলো করলেই ওই আপডেটসগুলি সহজেই দেখা যাবে। ডিজিটাল দুনিয়ায় হোয়াট্সঅ্যাপ চ্যানেলের মাধ্যমে সহজেই বিপুল সংখ্যক মানুষের কাছে পৌঁছনো যাবে। ইতিমধ্যেই বিভিন্ন খ্যাতনামীরা হোয়াট্সঅ্যাপ চ্যানেল খুলেছেন। তালিকায় রয়েছেন বলিউড অভিনেত্রী ক্যাটরিনা কাইফ, অক্ষয় কুমার। চ্যানেল খুলছেন রাজনীতিকেরাও। জনসংযোগে বরাবরই জোর দেন রাজনীতিকরা। ব্যতিক্রম নন তৃণমূলনেত্রী মমতাও। মানুষের দুয়ারে পৌঁছনোর জন্য একাধিক কর্মসূচি নিয়েছে তৃণমূল। দিদিকে বলো', সরাসরি মুখ্যমন্ত্রী', তৃণমূলে নবজোয়ার' কর্মসূচি যার মধ্যে অন্যতম। এত দিন, ফেসবুক, এক্স হ্যান্ডল (টুইটার), ইনস্টাগ্রামে বিভিন্ন ধরনের আপডেট দিতেন মমতা-অভিষেকরা। বিশেষত, মুখ্যমন্ত্রীর ফেসবুক এবং টুইটার পেজ খুবই সক্রিয়। এ বার থেকে মানুষের কাছে বার্তা পৌঁছতে হোয়াটসঅ্যাপ চ্যানেলকেও ব্যবহার করবেন তিনি। হোয়াটসঅ্যাপ আপডেটস অপশনে ক্লিক করলেই চ্যানেল দেখা যাবে।

পরিচ্ছন্নতার বার্তা দিতে হাওড়া থেকে ছুটবে স্পেশাল ট্রেন

দুরন্ত বার্তা, কলকাতা, ২৭ সেপ্টেম্বর ঃ ১ অক্টোবর হাওড়া থেকে ব্যান্ডেলের মধ্যে চলবে এক বিশেষ লোকাল ট্রেন, যে গায়ে সাঁটা থাকবে বেরংয়ের পোস্টার। যাতে উল্লেখ করা থাকবে মণীষীদের বাণী থেকে সমাজ সচেতনতা। পরিবেশ পরিচ্ছন্ন রাখার মতো আপ্তবাক্য। এছাড়া ও ট্রেনের দেওয়াল জুড়ে থাকবে ছবি, কার্টুন আর থাকবে সমাজ সচেতনতামূলক নানা বার্তা। ট্রেনটি চলবে সর্বসাধারণের জন্য। তবে টাইম টেবিলের নির্ধারিত ট্রেন নয়, বিশেষ' এই ট্রেনে থাকবেন রেলের আধিকারিক এবং কর্মীরা। যাত্রীরাও অবশ্যই উঠতে পারবেন। সঙ্গে থাকবে ঝুড়ি, কোদাল, ঝাঁটা ইত্যাদি সরঞ্জামও। হাওড়া থেকে ব্যান্ডেলের মধ্যে প্রতিটি স্টেশনে দাঁড়াবে এই ট্রেনটি। আধিকারিকরা ট্রেন থেকে নেমে যাত্রীদের ডাকবেন শ্রমদান' করতে। স্টেশনের পরিচ্ছন্নতা রক্ষার জন্য সকলে মিলে সাফাই করবে স্টেশনগুলি। হাওড়ার ডিআরএম সঞ্জীব কুমার জানান রেলের স্বচ্ছতা অভিযানে কিছুটা অভিনবত্ব আনার এটি একটি ছোট্ট প্রয়াস। ট্রেনটি হাওড়া থেকে ব্যান্ডেলের মধ্যে প্রতিটি স্টেশনে দাঁড়াবে। রেলকর্মীদের সঙ্গে যাত্রীরাও একই সঙ্গে শ্রমদান করবেন। কারণ স্টেশনটি তাঁদেরও। তাই স্বচ্ছতা রক্ষার দায়বদ্ধতা তাঁদেরও। রয়েছে পরিবেশ স্বচ্ছ রাখার অধিকার এবং সচেতনতার বার্তা। সেই জন্যই এই বিশেষ ট্রেন চলবে ওই দিন থেকে।

পুজোকর্তাদের শয়নে-স্বপনে কেবল থিম 'সোপান'

দুরন্ত বার্তা, কলকাতা, ২৭ সেপ্টেম্বরঃ পায়ে পায়ে এগিয়ে আসছে পুজো। এই তো সিঁড়ির শুদ্ধ ভাষায় সোপান। ধাপে ধাপে উঠে যাচ্ছে ওপরে। শুধুই কি উঠে যাওয়া! নামতে গেলেও সেই সঁড়িড়ি সেই সোপান। সে জীবনপথের পথিক হোক বা সাপলুডো খেলা। আমরা সবাই তো উঠতে চাই। আরেকটু ভালো, আরও একটু ওপরে কোথাও। কাজের পদোন্নতি থেকে যশের ব্যাপ্তিতে, কোণের অন্ধকার থেকে মনের আলোয়। সিঁড়িও তো কতরকম! সোজা সিঁড়ি, ঘোরানো সিঁড়ি, সাদামাটা সঁড়িড়ি, সাজানো সিঁড়ি কখনো কুসুমাস্তীর্ণ, কখনো কন্টকাকীর্ণ। উঠতে উঠতে হাঁপিয়ে গেলে একটু জিরোনো। আবার চলা। নিত্যদিনের নৈমিত্তিক জীবনের মলিনতা ফেলে, একটু উঠে একটু নেমে,একটু সেজে একটু ঘেমে, একটু চলে একটু থেমে,ধাপে ধাপে উত্তরণের অন্বেষণ। 'আই উইল গো টু দ্য টপ দ্য টপ দ্য টপ'। জীবনখাতার প্রতি পাতায় সিঁড়ি ভাঙা অঙ্কের সব হিসেব নিকেশ মিলিয়ে, খ্যাতির শীর্ষে উঠতে, নায়ক হতে কে না চায়! একদিন কমল মিত্রের সঙ্গে মতবিরোধে এই সিঁড়ি দিয়ে নেমে এসেছিলেন উত্তমকুমার, প্রাণ দিয়ে গান ভালবেসে। আবার একদিন তরতরিয়ে উঠে গিয়েছিলেন অজস্র সোপান পেরিয়ে, অন্তরের ভালবাসায়, সুচিত্রা সেনের দিকে। একদিন এই সিঁড়ি বাঁকেই আচমকা দেখা হয়ে যায় স্বপ্নের সঙ্গে সাফল্যের, বাস্তবের সঙ্গে স্মৃতির, ভালো লাগা ছুঁয়ে থাকে ভালোবাসার হাত। সিঁড়ি তলার অন্ধকার ধাপে ধাপে অতিক্রম করে, জীবন পা রাখুক আলোর সোপানে। সব চাওয়ার সব পাওয়ার শিখরে, জীবনের চরম প্রাপ্তি যেখানে পরমে বিলীন, সেইখানে বিরাজমান সচ্চিদানন্দময়ী, চিরশান্তিপ্রদায়িনী মা। আজ এখানে ধাপে ধাপে সেই সোপান বেয়ে চলুন এগিয়ে যাই মাতৃরূপ সন্দর্শনে। যেখানে প্রার্থনা নিবেদনে, অঞ্জলি প্রদানে ভক্তরা আকুল। ওই শোনো মায়ের আহ্বান, ওই বেজে উঠল শঙ্খ ঘন্টা, ওই তো ধ্বনিত হল মঙ্গলমন্ত্র। উঠতে উঠতে সোপান বেয়ে জীবনপথের শারদ-বাঁকে, সন্তোষপুর ত্রিকোণ পার্কে মিলেছি আজ মায়ের ডাকে! চলছে শেষ মুহূর্তের মণ্ডপ সাজানোর কাজ। পুজোর থিম

ময়দানে ফিরছে বাজি বাজার, কবে থেকে শুরু করতে পারবেন কেনাকাটা?

দুরন্ত বার্তা, কলকাতা, ২৭ সেপ্টেম্বর ঃ সরকারি নির্দেশ পাওয়া গিয়েছে, এখন অপেক্ষা সেনাবাহিনীর অনুমতির, যদি অনুমতি মেলে তবে তিন বছর পর এবার ফের ময়দানে বসবে বাজির বাজার। সরকারি নির্দেশ মেনে ৫০টি স্টল সেখানে থাকবে। কেবলমাত্র পরিবেশবান্ধব সবুজ বাজিই সেখান থেকে বিক্রি হবে। সারা বাংলা আতসবাজি উন্নয়ন সমিতির তরফ থেকে জানানো হয়েছে, নবান্নের সবুজ সংকেত এসে গিয়েছে। সেনার ছাড়পত্র মিললে লক্ষ্মীপুজোর পরএই বাজার বসবে।তারাবাজি, ফুলঝুরি, চরকি, হাওয়াই, তুবড়ি, রংমশাল-সহ আকাশে ওঠা বিভিন্ন রকমের বাজি বিক্রি হবে। ফলে সাধারণ মানুষ কালীপুজোর আগে সেখান থেকেই আতসবাজি কিনতে পারবেন। শব্দমাত্রা বেঁধেই বাজি বানানো হয়েছে তবে টালাতে যে বাজির বাজার বসেছিল, তা এবার না বসার সম্ভাবনার কথাই জানানো হয়েছে। একমাসের জন্য বাজির

বাজারের লাইসেন্স দেওয়া হলেও দিন পনেরোর জন্য এই শহিদ মিনারের বাজির বাজার বসবে।

উল্লেখ্য, গোটা রাজ্যের সব জেলা মিলিয়ে মোট ৭০টা আতসবাজির মেলা হবে। তার মধ্যে উত্তরবঙ্গেই হবে ২০টি। ময়দান বাদ দিয়ে বড় মেলা হবে ডুমুরজলা স্টেডিয়াম, কাওয়াখালি, বেহালা অথবা বারাসতের মধ্যে কোনও একটি জায়গায়।দিনকয়েক আগে বাজির বাজার সম্পর্কিত সরকারি নির্দেশিকায় জানানো হয়েছে, যে কোনও বাজির বাজারে ৫০টির বেশি স্টল করা যাবে না। প্রতিটি স্টলের মধ্যে তিন মিটারের দূরত্ব রাখতে হবে। কোনও স্টলের গেট মুখোমুখি হওয়া চলবে না। বাজার চত্বরে স্থানীয় ভাষায় বিস্ফোরক এবং বিপজ্জনক সামগ্রী' লেখা বোর্ড ঝুলিয়ে রাখতে হবে। স্কুল, মন্দির, টেলিফোন বা বিদ্যুৎ ভবনের মতো জায়গা থেকে বাজির বাজারের দূরত্ব অন্তত ৫০ মিটার হতে হবে।এছাড়াও, বাজি রাখার জন্য দাহ্য নয়, এমন বস্তু দিয়ে ছাউনি তৈরি করতে হবে। বিদ্যু এবং আলোর ব্যবহার নিয়ে অত্যন্ত সতর্ক হতে হবে। স্টলের ৫০ মিটারের মধ্যে বাজি ফাটানো যাবে না। জরুরি চিকিৎসার বন্দোবস্তের পাশাপাশি অ্যাম্বুল্যান্স পরিষেবা এবং দমকলের দু'টি গাড়ি অবশ্যই রাখতে হবে।

পুজো মন্ডপের প্রস্তুতি দেখতে উপস্থিত হলেন চন্দননগর পুলিশ কমিশনার ও ডিসি শ্রীরামপুর

বনস্পতি দে, উত্তরপাড়া,২৭ সেপ্টেম্বর ঃ উত্তরপাড়া জি টি রোড সংলগ্ন এলাকা খুবই জনবহুল। তার উপরে দুর্গাপুজোর সময় সেই জায়গায় ভিড় আরও উপচে পড়ে, কারণ বেশ কিছু বারোয়ারি পুজো রয়েছে যাদের পুজো এতটাই জাঁকজমকপূর্ণ সেখানে দর্শনার্থীদের ভিড় লেগে থাকে সারাক্ষণ। তবে সেই পুজোয় বারোয়ারি নিরাপত্তা কেমন নিচ্ছে সেই বিষয়ে একেবারে সরজমিনে খতিয়ে দেখলেন পুলিশ কমিশনার অমিত পি জাভালগি। তাও আবার বাইকে করে। উত্তরপাড়ার জি টি রোড সংলগ্ন এলাকা খুবই জনবহুল এবং সেখান থেকে বড় গাড়ি গেলে রাস্তায় যানজট লেগে যায়। তাই একেবারে অভিনব উপায়ে গাড়ি ছেড়ে বাইক নিয়ে বেরিয়ে পড়লেন খোদ পুলিশ কমিশনার। সঙ্গে ছিলেন ডিসি শ্রীরামপুর অরবিন্দ আনন্দ। মোটরসাইকেলে চড়ে পুজোর নিরাপত্তা দেখতে যাওয়াতে কিছুটা স্তম্ভিত এলাকার মানুষজন। দুর্গাপুজোর দিন গোনা শুরু হয়ে গেছে। হুগলি জেলার বড় পুজো কমিটি গুলো পুজোর প্রস্তুতি শুরু করেছে অনেক আগে থেকেই। বৃষ্টির জন্য প্রস্তুতিতে কিছুটা ব্যাঘাত ঘটছে। সময়ে মন্ডপ শেষ করতে চলছে জোর কদমে কাজ। চন্দননগর পুলিশ কমিশনার অমিত পি জাভালগি, ডিসি শ্রীরামপুর অরবিন্দ আনন্দকে নিয়ে বুলেট চালিয়ে হঠাই হাজির হন উত্তরপাড়ার কয়েকটি পুজো মন্ডপে। পুজো প্রস্তুতি কেমন, বারোয়ারির কর্মকর্তাদের সঙ্গে কথা বলে জানলেন। দমকল বিদ্যু দফতরের অনুমতির মত গুরুত্বপূর্ণ দিকগুলোর খোঁজ নিলেন। মন্ডপে যাতে দর্শনার্থীদের ভিড় নিয়ন্ত্রণ করতে অসুবিধা না হয় সেদিকে নজর রাখতে বলেন। কয়েকদিনের টানা বৃষ্টিতে রাস্তার অবস্থা খারাপ হয়ে গেছে।পুলিশ কমিশনারকে পেয়ে পুজোর আগে রাস্তা সংস্কারের দাবি জানায় পুজো কমিটি গুলো। উত্তরপাড়া বলাকা বারোয়ারির কর্মকর্তা বলেন, এমনটা আগে দেখিনি যানজট এড়াতে পুলিশ কমিশনার নিজেই বাইক চালিয়ে ঘুরছেন।উত্তরপাড়ার জিটি রোডে এমনিতেই যানজট লেগে থাকে। তার পর রাস্তার অবস্থা শোচনীয় হয়ে আছে। ভিড় সামলাতে কমিশনার যে গুলো বলেছেন সেগুলো মেনে চলার চেষ্টা করব।' কমিশনারকে তারা জানান, জিটি রোড যাতে সারানো হয়।

এ বার পুজোতেও জোর টক্কর হতে চলেছে মমতা বনাম রাজ্যপালের

দুরন্ত বার্তা, কলকাতা, ২৭ সেপ্টেম্বর ঃ রাজ্য রাজ্য পালের সংঘাত এবার রাজনীতির ময়দান ছাড়িয়ে অবতীর্ণ হতে চলেছে দুর্গাপুজোর ময়দানে। প্রসঙ্গত, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার দুর্গাপুজোর উদ্যোক্তাদের বিশ্ব বাংলা শারদ সম্মান' দেয়। শুধু তাই নয়, তাঁর সরকার পুজো শেষে আয়োজন করে দুর্গাপুজো কার্নিভাল'-এরও। এ বার রাজভবন ঘোষণা করল, পশ্চিমবঙ্গের রাজ্যপালও দুর্গাপুজো উপলক্ষে সম্মান জানাবেন বিভিন্ন ক্ষেত্রের কৃতীদের। তার পোশাকি নাম হবে দুর্গাভারত সম্মান'। বুধবার রাজভবনের তরফে একটি বিবৃতি প্রকাশ করে ওই সম্মান জানানোর কথা ঘোষণা করা হয়েছে। তবে বাংলার রাজ্যপাল সম্মান জানালেও তা শুধুমাত্র বঙ্গবাসীর জন্য নয়। যে কোনও রাজ্যের কৃতীরাই এই সম্মানের দাবিদার হতে পারেন। গোটা দেশ থেকে এ জন্য মনোনয়নপত্র আহ্বান করেছে রাজভবন। শিক্ষা, সাহিত্য, বিজ্ঞান থেকে শুরু করে গবেষণা, তথ্য-প্রযুক্তি, সমাজসেবা, বাণিজ্য, চিকিসা- যে কোনও ধরনের শিল্প এবং অন্যান্য ক্ষেত্রের কৃতীরাও এই পুরস্কারের জন্য মনোনীত হতে পারেন। রাজভবনের এই ঘোষণার পরেই প্রশ্ন উঠেছে, তবে কি উপাচার্য নিয়োগ সংক্রান্ত বিষয়ের পর এ বার পুজো নিয়েও টক্কর' হতে চলেছে নবান্ন-রাজভবনে? দুর্গাপুজো বাঙালির জাতীয় উৎসব' বলে ঘোষণা করে অনেক বছর আগেই নিজের বিশ্ব বাংলা-ব্র্যান্ডের ভাবনা ছড়িয়ে দেওয়ার কথা জানিয়েছিলেন মুখ্যমন্ত্রী মমতা। তিনি মনে করেন, দুর্গাপুজোকে কেন্দ্র করে মার্কেটিং, ব্যবসা, কত শিল্প, কত স্রষ্টা, কত ভাষা, কত দিশা, কত ভাবনার লগ্ন জন্ম নেয়। সেই ভাবনা থেকেই তাঁর সরকার বিশ্ব বাংলা শারদ সম্মান' দেয়। পরে রাজ্য সরকার শুরু করে দুর্গাপুজো কার্নিভাল'ও। ২০২১ সালে ইউনেস্কোরও স্বীকৃতি পায় বাঙালির শ্রেষ্ঠ উৎসব দুর্গাপুজো। ওই বছর ফ্রান্সের প্যারিসে আয়োজিত ইন্টারগভর্নমেন্ট কমিটির ষষ্ঠদশ অধিবেশনে কলকাতার দুর্গাপুজো'কে ইউনেস্কোর ইনট্যানজিবল কালচারাল হেরিটেজ অব হিউম্যানিটি'র তালিকায স্থান দেওয়া হয়। তবে রাজভবনের তরফে দুর্গাপুজো নিয়ে এমন ভাবনা অতীতে কখনও হয়নি। যে বিবৃতি রাজভবনের তরফে প্রকাশ করা হয়েছে, সেখানে পুরস্কারের কথা বিশদে জানানোর পাশাপাশি একটি ইমেল আইডির কথাও লেখা হয়েছে। ওই ঠিকানায় মেল করে সেপ্টেম্বরের মধ্যেই জমা দিতে হবে কৃতীদের নাম-সহ মনোনয়ন। দুর্গাভারত সম্মান'কে মোট তিন ভাগে ভাগ করেছে রাজভবন- ১। দুর্গাভারত পরম সম্মান- এই সম্মানের প্রাপককে এক লক্ষ টাকা পুরস্কার দেওয়া হবে। ২। দুর্গাভারত সম্মান- পুরস্কার প্রাপক ৫০ হাজার টাকা পাবেন। ৩। দুর্গাভারত পুরস্কার- ২৫ হাজার টাকা পাবেন মনোনীত পুরস্কার প্রাপক। কোন কোন ক্ষেত্রে সম্মান পাবেন কৃতীরা? রাজভবনের তরফে তার একটি দীর্ঘ তালিকা প্রকাশ করা হয়েছে। বিভিন্ন শাখার ১১টি ক্ষেত্র ছাড়াও রাখা হয়েছে অন্যান্য' নামে একটি জায়গা। যেখানে ওই ১১টি ক্ষেত্রের বাইরের কৃতীরাও মনোনীত হতে পারেন। তালিকার সেই ১১- ১। শিল্পকলা-গান, ছবি আঁকা, ভাস্কর্য, আলোকচিত্র, সিনেমা, থিয়েটার, লোক শিল্প, আদিবাসী শিল্প বা যে কোনও শিল্প। ২। সমাজ কল্যাণমূলক কাজ- সমাজসেবা, দান-ধ্যান, কোনও বিশেষ সম্প্রদায়ের জন্য তৈরি কোনও প্রকল্প ইত্যাদি। ৩। পাবলিক অ্যাফেয়ার্স-আইন, জনজীবন সংক্রান্ত বিষয়। ৪। বিজ্ঞান এবং প্রকৌশল বা ইঞ্জিনিয়ারিং- পরমাণু বিজ্ঞান, মহাকাশ প্রকৌশল ইত্যাদি। ৫। তথ্য প্রযুক্তি, বিজ্ঞান সংক্রান্ত গবেষণা ৬। বাণিজ্য এবং শিল্প- ব্যাঙ্ক, অর্থনীতি, ম্যানেজমেন্ট, পর্যটনের প্রচার, ব্যবসা। ৭। চিকিসা-আয়ুর্বেদ, হোমিওপ্যাথি, অ্যালোপ্যাথি, নেচারোপ্যাথি, সিদ্ধা ইত্যাদি বিভিন্ন চিকিৎসার মাধ্যমে গবেষণা এবং বিশেষ কৃতিত্ব। ৮। সাংবাদিকতা, শিক্ষকতা, প্রকাশনা। ৯। সাহিত্য, কবিতা, শিক্ষার প্রচার, সাক্ষরতার প্রচার। ১০। প্রশাসনিক কাজে কৃতীরা ১১। খেলাধূলা। এ ছাড়াও থাকছে অন্যান্য'। সেখানে বলা হয়েছে, উপরোক্ত সবক'টি বিভাগের বাইরে থেকেও যাঁরা ভারতীয় সংস্কৃতির প্রচারে ভাল কাজ করেছেন, মানবাধিকার রক্ষা, বন্যপ্রাণ সংরক্ষণে ভাল কাজ করেছেন, তাঁরাও মনোনীত হতে পারেন এই সম্মানের জন্য। চলতি মাসের ৩০ সেপ্টেম্বরের মধ্যেই এই সমস্ত বিভাগে মনোনয়ন জমা নেওয়া হবে।উল্লেখ্য, DurgaBharatAwardsgmail.com.এই ইমেলের মাধ্যমে মনোনয়ন পাঠানো যাবে।

KOLKATA MUNICIPAL CORPORATION e - TENDER

ABRIDGED NIT

The Executive Engineer (Civil), Borough I, KMC invites tender online percentage rate two bid system for the following works :

(1) NIT No.: KMC/EEC/I/008/32/2023-2024
Name of the Work : **Relaying of kerb and channel stones along Golabari Ghat Street, Gossain Lane, Raja Rajballav Street and other roads in Ward No. 8**; Estimated Cost (including GST & CESS) : **Rs. 1,85,926.00**; Earnest Money : **Rs. 4,000.00**; Period of Completion : **21 Days**;

(2) NIT No.: KMC/EEC/I/008/30/2023-2024
Name of the Work : **Repairs to damaged IPS passages and resetting of kerb and channels at 6A, 4B, 8A, etc. Sashi Ghosh Lane and surrounding areas in Ward No. 8**; Estimated Cost (including GST & CESS) : **Rs. 2,87,817.00**; Earnest Money : **Rs. 6,000.00**; Period of Completion : **21 Days**;

(3) NIT No.: KMC/EEC/I/007/22/2023-2024/BS
Name of the Work : **Improvement of drainage system at 5, Gopi Mohon Dutta Lane Bustee and other bustee areas in Ward No. 7**; Estimated Cost (including GST & CESS) : **Rs. 1,56,354.00**; Earnest Money : **Rs. 3,500.00**; Period of Completion : **30 Days**;

(4) NIT No.: KMC/EEC/I/006/13/2023-2024
Name of the Work : **Development of I.P.S. passages at 1/58, 1/66, 1/48, etc. Ghose Bagan Lane and other places in Ward No. 6**; Estimated Cost (including GST & CESS) : **Rs. 3,99,319.00**; Earnest Money : **Rs. 8,000.00**; Period of Completion : **30 Days**;

(5) NIT No.: KMC/EEC/I/004/40/2023-2024
Name of the Work : **Improvement of drainage system at 2A/1A, 2F/1, 9/A, 10 etc. Simlai Para Bye Lane in Ward No. 4**; Estimated Cost (including GST & CESS) : **Rs. 4,12,208.00**; Earnest Money : **Rs. 8,500.00**; Period of Completion : **30 Days**; Last Date and Time of Submission of Bid : **11.10.2023 upto 11 a.m.** (for Sl. no. 1 to 5); Tender will be opened on : **13.10.2023 at 11 a.m.** (for Sl. no. 1 to 5); The Bid forms and other details are available on and from **29.09.2023 at 5 p.m.** from the website **https://etender.wb.nic.in** (for Sl. no. 1 to 5).

The Executive Engineer (Civil)/Borough IX, KMC invites tender online percentage rate two bid system for the following works :

(1) NIT No.: KMC/IX/074/017/2023-2024
Name of the Work : **Maintenance of labour quarter block H3, H4, H7, H11, H12 etc. at 11 Belvedere Road in Ward No. 74**; Estimate Amount (including GST & CESS) : **Rs. 4,76,720.00**; Earnest Money : **Rs. 9,600.00**; Period of Completion : **90 Days**;

(2) NIT No.: KMC/IX/073/024/2023-2024 (1st call)
Name of the Work : **Maintenance of road side kerb by painting at Harish Chatterjee Street, Hazra Road, Kalighat Road, Harish Mukherjee Road, A.T.M. Road, S. P. M Road & Basanta Bose Road in Ward No. 73**; Estimated Cost (including GST & CESS) : **Rs. 3,67,802.23**; Earnest Money : **Rs. 7,500.00**; Period of Completion : **90 Days**;

(3) NIT No.: KMC/IX/082/039/2023-2024/R
Name of the Work : **Maintenance of guard rail by painting at Chetla Central Road, Peary Mohan Roy Road, Gobinda Auddy Road etc. in Ward No. 82**; Estimate Amount (including GST & CESS) : **Rs. 1,85,205.72**; Earnest Money : **Rs. 3,800.00**; Period of Completion : **60 Days**;

(4) NIT No.: KMC/IX/082/038/2023-2024/R
Name of the Work : **Maintenance of kerb stone of Chetla Central Road, Peary Mohan Roy Road, Gobinda Auddy Road etc. in Ward No. 82**; Estimate Amount (including GST & CESS) : **Rs. 1,48,975.00**; Earnest Money : **Rs. 3,000.00**; Period of Completion : **60 Days**;
Last date and time of submission of bid : **10.10.2023 at 12 noon** (for Sl. no. 1 to 4); Tender will be opened on : **12.10.2023 at 12 noon** (for Sl. no. 1 to 4); The bid forms and other details are available on and from **29.09.2023 at 5 p.m.** from the website **https://etender.wb.nic.in** (for Sl. no. 1 to 4).

The Executive Engineer (Civil)/Borough X, KMC invites online percentage rate tenders in two bid system for the following works :

(1) NIT No.: EEC/BX/093/029/2023-2024/R
Name of the Work : **Painting on Median Strip kerb stone from 8B Bus Stand to Dhakuria Bridge along Gariahat Road (S) & Raja S. C. Mullick road in Ward No. 93, BR-X**; Estimated Value (including GST & CESS) : **Rs. 2,06,910.45**; Earnest Money : **Rs. 4,138.00**; Period of Completion : **120 Days**;

(2) NIT No.: EEC/BX/093/031/2023-2024/R
Name of the Work : **Painting on Iron Road Railing from Jadavpur P.S. to Dhakuria Bridge along Gariahat Road (S) in Ward No. 93, BR-X**; Estimated Value (including GST & CESS) : **Rs. 1,53,238.97**; Earnest Money : **Rs. 3,065.00**; Time of Completion : **120 Days**;

(3) NIT No.: X/100/022/2023-2024/R
Name of the Work : **Supplying & filling of silver sand at different location of Ward No. 95, 96, 98, 100 in BR-X**; Estimated Value (including GST & CESS) : **Rs. 1,41,642.28**; Earnest Money : **Rs. 2,850.00**; Time of Completion : **45 Days**;

(4) NIT No.: EEC/BX/094/014/2023-2024/R
Name of the Work : **Maintenance of IPS and paver block passage at R. P. Colony & Santigarh Colony etc. in Ward No. 94, Borough-X**; Estimated Cost (including GST & CESS) : **Rs. 1,35,515.58**; Earnest Money : **Rs. 2,711.00**; Time of Completion : **60 Days**; Last date and time of submission of bid : **10.10.2023 at 12 noon** (for Sl. no. 1 to 3) & **09.10.2023 at 12 noon** (for Sl. no. 4); Date and Time of Opening of Bid : **12.10.2023 at 12 noon** (for Sl. no. 1 to 3) & **11.10.2023 at 12 noon** (for Sl. no. 4); The bid forms and other details are available on and from **29.09.2023 from 5 p.m.** from the website **https://etender.wb.nic.in** (for Sl. no. 1 to 4).

The Executive Engineer (Civil)/Br.-VIII, KMC invites E-tender online percentage rate two bid system for the following work :

NIT No.: KMC/EE(C)/BR-VIII/068/BS1/2023-2024/R (3rd Call)
Name of Work : **Maintenance and repair of bus passenger shelters constructed under MPLAD and BEUP Scheme in different location under BR-VIII**; Estimated Cost : **Rs. 4,21,012.23** (including GST & CESS); Earnest Money : **Rs. 8,500.00**; Period of Completion : **240 Days**; Last Date and Time of submission of Bid : **11.10.2023 at 12 noon**; Date of Opening of tender : **13.10.2023 at 12 noon**; The bid forms and other details are available on and from **03.10.2023 at 5 p.m.** from the website **https://etender.wb.nic.in**.

The Executive Engineer (Civil)/Br.-XVI, KMC invites tender online percentage rate two bid system for the following work :

NIT No.: KMC/E.E(C)/BR-XVI/125/022/23-24/PARK
Name of Work : **Maintenance of Rajani Banerjee Park, Sayaribitan Park, Brambhapada Park, Milansree Samity Children park in Ward No. 125**; Estimated Cost (including GST & CESS) : **Rs. 4,82,450.30**; Earnest Money : **Rs. 9,700.00**; Period of Completion : **30 Days**; Last Date and Time of submission of Bid : **09.10.2023 at 12 noon**; Tender will be opened on : **11.10.2023 at 12 noon**; The bid forms and other details are available on and from **30.09.2023 at 5 p.m.** from the website **https://etender.wb.nic.in**.

799/23-24

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব

দুরন্ত বার্তা

২৮ বর্ষ, দৈনিক ২৯৯ সংখ্যা, বৃহস্পতিবার, ১০ আশ্বিন ১৪৩০

ভারতীয় দূতাবাসে খলিস্তানপন্থী বিক্ষোভ

সম্পাদকীয় ১

কানাডার ভারতীয় দূতাবাসের সমানে আবার খলিস্তানপন্থীরা বিক্ষোভ দেখাতে শুরু করে দিয়েছে। খলিস্তানপন্থী জঙ্গি গুরবতবন্ত পন্নুনের সংগঠন শিখর ফর জ্যাস্টিস আগেই বলে রেখেছিল যে তারা নিজ্জরের হত্যার তীব্র নিন্দা করছে এবং কানাডার বিভিন্ন ভারতীয় কনসুলেটেরে সমানে বিক্ষোভ দেখায়। তারপর থেকে কানাডা পুলিশ সতর্ক হতে শুরু করে। কিন্তু ভ্যাঙ্কুভার পুলিশ ভারতের কনসুলেটকে ঘিরে রেখে দিয়েছিল। এই ঘোরাটোপের বাইর থেকে খলিস্তানপন্থীরা বিক্ষোভ দেখায়। তাদের হাতে ছিল খলিস্তান পতাকা। বিক্ষোভকারী ভারত বিরোধী স্লোগান দিতে শুরু করে দিয়েছিল। ইতিমধ্যে কানাডায় থাকা হিন্দুদের হুমকি দিতে শুরু করে দিয়েছেন পন্নুন। খলিস্তানদের বিরদ্ধে আবার হুমকি দেওয়ার অভিযোগ উঠল। ভারতীয় কুটনীতিকদের নিশানা করা হচ্ছে। ধর্মীয় প্রতিষ্ঠানের ওপরে হামলা শুরু হয়ে গিয়েছে। সিসি ক্যামেরাতে দেখতে পাওয়া গিয়েছে যে বাইকে করে এসেছিল ছয়জন ব্যক্তি। তারাই নিজ্জরকে গুলি করে হত্যা করেছে। এদিকে অবসর প্রাপ্ত ভারতীয় কূটনিতক দীপক ভোরা অভিযোগ করেছেন যে জি-২০ সম্মেলনে আসার সময়ে কানাডার প্রধানমন্ত্রী বিমানে কোকেন বোঝাই ছিল। স্নিফার ডগ দিয়ে তার সন্ধান পাওয়া গিয়েছিল। কানাডার প্রধানমন্ত্রী ট্রুডো স্বাভাবিক ছিলেন না। যদিও এই অভিযোগের সত্যতা নিয়ে প্রশ্ন দেখা দিতে শুরু করেছে। এদিকে ভারতের পাশে এসে দাঁড়িয়েছে শ্রীলঙ্কা। সে দেশের বিদেশ মন্ত্রী বলেছেন যে কানাডা জঙ্গি রাষ্ট্রে পরিণত হতে শুরু করে দিয়েছে। মাদক দেশে পরিণত হচ্ছে ক্রমশ। এদিকে আমেরিকা জিজ্জর হত্যাকাণ্ডের ব্যাপারে প্রবেশ করতে শুরু করে দিয়েছে। নিউ ইর্য়কে চলছে এখন সাধারণ সভা। সেখান ভারতের বিদেশ মন্ত্রী জয়শঙ্কর রয়েছেন। তিনি কানাডাতে সন্ত্রাসবাদী গোষ্ঠীরা মাথা তুলে দাঁড়াতে সাহস পেতে শুরু করে দিয়েছে। কানাডায খলিস্তান নেতা হত্যার ব্যাপারে জো বাইডেন সহ বহু রাষ্ট্র প্রধানমন্ত্রী মোদির সঙ্গে কথা বলেছেন। জি-২০ সম্মেলনর গোড়াতে এই নিয়ে কথা হয়েছিল সব রাষ্ট্র নেতাদের সঙ্গে। আমেরিকা, ব্রিটেন, কানাডা, অস্ট্রেলিয়া এবং নিউজিল্যাণ্ড গোয়েঃদা সংস্থা এ ব্যাপারে খোঁজ খবর সংগ্রহ করতে শুরু করে দিয়েছিল। এই পাঁচ দেশের কর্তারা মোদির সঙ্গে এ ব্যাপারে কথা বলেছেন। তারা বলেছেন যে ভারতের প্রধানমন্ত্রীর কাজ হচ্ছে এটাকে দেখতে। তিনি যদি এটাকে দেখেন তাহলে সমস্যার সমাধান হতে পারে। এদিকে বিদেশ দফতর থেকে বলা হয়েছে সন্ত্রাসবাদীদের দেখার কোনও কথা থাকতে পারে না। তারা ভারত বিরোধী কথা বলতে শুরু করে দিয়েছে। পাকিস্তনের গুপ্তচর সংস্থা এর সঙ্গে জড়িত রয়েছে। এমনকী দিল্লিতে কৃষক আন্দোলনেও পাকিস্তান গুপ্তচর সংস্থা প্রবেশ করতে শুরু করে দিয়েছিল। দিল্লিকে বিক্ষোভকারী শিখদের যে প্রবেশ করেছিল তা পিছনে মদত ছিল পাকিস্তান গুপ্তচর সংস্থার। এদিকে কানাডার একটি সংবাদ মধ্যম বলেছে যে পাঁচ চোখ- আমেরিকা, ব্রিটেন, কানাডা, অস্ট্রেলিয়া এবং নিউজিল্যাণ্ড নিজ্জরের হত্যার সঙ্গে ভারতের সংযোগ খুঁজে পেয়েছে। তারাই এখন কানাডার প্রধানমন্ত্রীকে উস্কানি দিতে শুরু করেছে। কানাডা এখন ভারতের ওপরে চাপ সৃষ্টি করার চেষ্টা করছে। কানাডা আবার জি-৭ জোটের সদস্য। তার ফলে আমেরিকা এখন কানাডাকে সমর্থন করতে শুরু করে দিয়েছে।

পরিবেশ রক্ষায় মহাকাশ স্টেশন

সম্পাদকীয় ২

মহাকাশে যে উপগ্রহে রয়েছেন তারা কিন্তু বলতে শুরু করে দিয়েছেন যে পৃথিবী পরিস্কার হতে শুরু করেছে। আগে মহাকাশ স্টেশন থেকে পৃথিবীর যে ছবিগুলো ধরা পড়েছিল তাকে বেশ অস্পষ্টতার একটা ছাপ ছিল। কিন্তু আজকে পৃথিবীর ছবিগুলো বেশ স্পষ্ট হতে শুরু করে দিয়েছে। এইভাবে যদি পৃথিবীর পরিবেশটাকে পরিচ্ছন্ন করে রাখার পরিকল্পনা গ্রহণ করা হয় তাহলে দূষণ অনকেখানি কমে যাবে এবং পৃথিবীর পরিবেশ সুস্থ এবং স্বাভাবিক হবে। মহাকাশ স্টেশনে কিন্তু করোনাভাইরাস গিয়ে পৌঁছায় নি। এই মহাকাশ স্টেশনে যারা রয়েছেন তারা আগামি দিনে ফিরে পৃথিবীতে ফিরে আসার সময় হয়েছে। মহাকাশ স্টেশনে তাদের গবেষণা শেষ হয়েছে। পরবর্তী গবেষণার কাজ শুরু হয়ে যাবে বলে জানতে পারা গিয়েছে। করোনাভাইরাসটা পরিবেশের জন্য দ্রুত ছড়িয়ে পড়তে শুরু করে দিয়েছে সর্বত্র। এর মূল কারণ হল বায়ু দূষণ। বায়ু দূষণ যেখানে কম সেখানে এটা প্রবেশ করলেও তা কিন্তু বিস্তার লাভ করতে পারছে না। করোনাভাইরাস বৃদ্ধি লাভ করে বায়ু দূষণের মধ্যে দিয়ে। বায়ু দূষণ এখনই কমিয়ে ফেলতে হবে। আবহাওয়াকে পরিস্কার করতে হবে। তার জন্য প্রয়োজন হচ্ছে কার্বন উৎপাদন কমানো। কলকারখানা বেশিক্ষণ চালু রাখা যাবে না। রাস্তায় যানবাহন চলাচল নিয়ন্ত্রণ করতে হবে। আকাশ পথে বিমান চলাচল নিয়ন্ত্রণ করতে হবে। ক্ষেপনাস্ত্র পরমানু বোমা পরীক্ষা করা বন্ধ করতে হবে। সমতল ভূমিকে উর্বর করতে হবে। সবুজের সংখ্যা বৃদ্ধি করতে হবে। সবুজ একেবারে ধ্বসং করা যাবে না। এর জন্য যত্রতত্র সভ্যতার বিস্তার করা চলবে না। সভ্যতা বিস্তারের ওপরে নিয়ন্ত্রণ করতে হবে। মানুষের কোনও কিছু লাভ করাটাকে কমাতে হবে। পৃথিবীকে রক্ষা করার স্বার্থে ব্যক্তিগত স্বার্থ বা ব্যবসায়িক স্বার্থকে নিয়ন্ত্রণ করতে হবে। করোনাভাইরাসের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য জনতা কার্ফু উঠে যাওয়ার পর পৃথিবীর আর্থিক অবস্থা কোথায় গিয়ে দাঁড়াবে সেটা কেউই বলতে পারছে না। সবাই মাথায় হাত দিয়ে বসে রয়েছে। বহু মানুষ কাজ হারাবে। তাদের কাজ পাওয়া খুবই কঠিন হয়ে যাবে। আয় কমতে থাকবে।

কালী সাধক রামপ্রসাদ



আসলে মা তারাপীঠই হচ্ছে মা। তিনি শক্তি। ভক্তি। তার মতো শক্তি আর কারোর নেই। শ্যামা ভবতারিণীর শক্তি সবচেয়ে বেশি। গোটা বিশ্বকে পরিচালিত করার ক্ষমতা রাখে মা কালী। তিনি হচ্ছেন আদ্যাশক্তি মাতা। শশ্মানচারিনী মাতা।আমি সব কিছুই জানতে পারি তার একটি মাত্র কারণ হচ্ছে আমার ভিতরের শক্তি। এই শক্তি দিয়ে আমি সব কিছু ধরতে পারি। বুঝতে পারি। অপরের মনের কথাকে বলতে পারি। মানুষের মনের কথাকে আমি অন্তর শক্তি দিয়ে অনুভব করতে পারি। আমার যে শক্তি রয়েছে সেই শক্তি দিয়ে আমার বর্হিপ্রকাশ করতে পারি। মানুষ দেখলে বুঝতে পারি কে কেমন। তার স্বভাব কেমন? তিনি কি চান? এটা নারীদের একটি অসীম শক্তি। এই শক্তি দিয়ে আমি সব কিছু জানতে এবং বুঝতে পারে।

মজঃফরপুরে কিংসফোর্ড হত্যা ষড়যন্ত্র মামলা

ক্ষুদিরামের দ্বিতীয় স্বীকারোক্তি

রবীন্দ্র কুমার শীল

''আমার নাম ক্ষুদিরাম বসু। বাবা ত্রৈলোক্যনাথ বসু। আমি জাতিতে কায়স্থ এবং পেশা ছাত্র। মৌজা মেদিনীপুরে আমার বাড়ি। আমি সেখানে বাস করি।''

প্রশ্নঃ তুমি জেলা ম্যাজিস্ট্রেট উড্‌ম্যানের কাছে ১ মে একটা বিবৃতি দিয়েছিলে। উত্তরঃ হ্যাঁ। প্রশ্নঃ বিবৃতি কি স্বেচ্ছায় দিয়েছিলে? উত্তরঃ হ্যাঁ। দীনেশ আমাকে কিছু শিখিয়ে দিয়েছিল।

এরপর ক্ষুদিরাম দীনেশের ছবি, জুতো প্রভৃতি শনাক্ত করেন। জেরার উত্তরে জানান- তিনি তাঁর ব্যাগটি চিনতে পারছেন। ধরমশালার পশ্চিম দিকের একটা কুঠুরিতে তাঁরা থাকতেন। বোমা নিক্ষেপের আগে দরজায় তাঁরা তালা দিয়ে এসেছিলেন, বোমা নিয়ে যাবার জন্যেও তাঁরা ব্যাগটা নিয়ে গিয়েছিলেন, টিনের বাক্সটা তাঁরা ময়দানে ফেলে গেছিলেন, (কাপড়ের টুকরো দেখিয়ে)-এই কাপড়ে বোমাটি জড়ানো ছিল, গ্রেপ্তার করার সময় তাঁর সঙ্গে দুটো রিভলভার, মানিব্যাগ, ঘড়ি, মোমবাতি (সব দেখিয়ে) ছিল।

প্রশ্নঃ তুমি কি কন্সটেবল ফৈয়জউদ্দিন এবং তহশিলদার খানের বিবৃতি শুনেছ? উত্তরঃ শুনেছি, তবে তা অংশত সত্য। তারা যে বলেছে বোমা পড়ার সময় তারা জজেস কোর্ট রোডে ছিল না- এটা ঠিক নয়। আমি তাদের একটা ব্রীজের ওপর বসে থাকতে দেখেছিলাম। শিউপ্রসাদ এবং ফতে সিং-এর বিবৃতিও অংশত সত্য। কারণ একজন বলেছে যে, সে আমার সার্টের ওপর কোর্ট পরা ছিল দেখেছে- তা ঠিক নয়। আমি আসলে সেটা ভাঁজ করে হাতে ধরে ছিলাম। আর ছোটো রিভলভারটা আমার পকেটেই ছিল, কনস্টেবল সেটা ছিনিয়ে নেয়নি। আমি সেটা টেনে বেরও করিনি।

দীনেশ তাকে কী শিখিয়েছিলেন- এই প্রশ্নের উত্তরে ক্ষুদিরাম বলেন যে, দীনেশের সঙ্গে আমার দেখা হয়েছিল হাওড়া স্টেশনে- এটা ঠিক কথা নয়। আমি কলকাতা ত্যাগের ৫-৬ দিন আগে থেকেই যুগান্তর অফিসে দেখা করেছিলাম। প্রশ্নঃ সেখানে গিয়েছিলে কেন? উত্তরঃ আমি মেদিনীপুরে যুগান্তর বিক্রি করতাম। ক'দিন ধরে তারা পত্রিকা পাঠাচ্ছে না দেখে আমি খোঁজ নিতে এসেছিলাম। নানা কথার পর দীনেশ আমাকে গুপ্ত সমিতি দেখাবে, আমাকে পুরস্কার দেবে বলে। প্রথমে আমি রাজি হইনি। আর কথা না বাড়িয়ে সে বিকাল তিনটের সময় আমাকে শুক্রবার দিন হাওড়া স্টেশনে দেখা করতে বলে। সেই মতো ওই সময়ে আমি দেখা করি। দীনেশ আমাকে কিংসফোর্ড হত্যার পরিকল্পনা বলে। অনেক উপরোধের পর আমি রাজি হই। পরের দিন বিকেল পাঁচটায় আবার হাওড়ায় দেখা হওয়ার কথা। দীনেশ আমাকে নিষেধ করেছিল- কবে আমি রিভলভার পেয়েছি তা যেন না বলি। দীনেশ মজঃফরপুরে আমাকে রিভলভার দিয়ে বলেছিল, বোমা ছোঁড়ার ব্যাপারে সে আমাকে অনুপ্রাণিত করেছিল- একথা যেন না বলি- যুগান্তর পড়ে এবং বক্তৃতা শুনে এই প্রেরণা পেয়েছি-যেন বলি। আর আমি যে আগে বলেছি কিংসফোর্ডকে আমার ইচ্ছে হতো গুলি করে মারি- তা বাদে আমার বাকি বিবৃতি সত্য। দীনেশ আমাকে একথা বলতে শিখিয়ে দিয়েছিল। ধরমশালায় দীনেশের সঙ্গে আমি ঘটনার দিন সমেত পাঁচ দিন ছিলাম। কিশোরীমোহন ব্যানার্জির নাম আমি দীনেশের কাছে শুনেছিলাম- তাঁর সঙ্গে কোনও দিন কথাবার্তা হয়নি। আমার আর কিছু বলার নেই।

(ম্যাজিস্ট্রেট ব্রেটহাউড-এর সামনে ২৩ মে, তারিখে প্রদত্ত)। ডেপুটি ম্যাজিস্ট্রেট মানসরঞ্জন সেন তাঁকে বাংলায় প্রদত্ত বিবৃতিটি পড়ে শোনালেন। নীচে সই করলেন ম্যাজিস্ট্রেট ব্রেটহাউড।

প্রথম জবানবন্দিতে ক্ষুদিরাম প্রফুল্ল চাকীর জীবন রক্ষা করতে সব দায়িত্ব নিজের কাঁধে গ্রহণ করেছিলেন। তখনও তিনি জানতেন না যে প্রফুল্ল চাকী ধরা পড়ে আত্মহত্যা করেছেন। পরে তিনি উকিল মারফৎ জানতে পেরেছিলেন যে প্রফুল্ল চাকী ধরা পড়ে আত্মহত্যা করেছেন। সেই সময়ে তাঁর পক্ষের উকিলরা পরামর্শ দিয়েছিলেন যে বেশ কিছু দায়িত্ব প্রফুল্ল চাকীর কাঁধে ফেলে দিতে। কারণ উকিলারা চেষ্টা করছিল ক্ষুদিরামের জীবনকে ফাঁসির হাত থেকে রক্ষা করতে। উকিলরা সেই সময়ে তাঁকে শিখিয়ে রেখে দিয়েছিল। ক্ষুদিরাম অকপটে সব স্বীকার করে নিয়েছিল প্রথম জবানবন্দিতে। কিন্তু পরে দেখতে পাওয়া গেল ক্ষুদিরাম প্রথম দেওয়া বিবৃতি থেকে ক্রমশ সরে আসতে শুরু করে দিয়েছিলেন। এ কৌশল উকিলদের দেওয়া যা বুঝতে কারোর অসুবিধা হওয়ার কথা নয়। তবে ইংরেজ শাসকদের গোপন ইচ্ছা ছিল কিংসফোর্ট মামলায় অভিযুক্তকে দৃষ্টান্ত মূলক কঠোর শাস্তি দেওয়া। এই কঠোর শাস্তিটা হল একমাত্র ফাঁসি।

ক্ষুদিরামের বিরুদ্ধে মামলা রুজু করা হল। ৮ জুন ১৯০৮ সালে। মজঃফরপুরে বিচার করতে এলেন বাঁকিপুরের দায়রা জজ মিস্টার কার্নডাফ। ক্ষুদিরামের সঙ্গে অভিযুক্ত হয়েছিলেন কিশোরীমোহন বন্দ্যোপাধ্যায় এবং মৃত্যুঞ্জয় চক্রবর্তী। তাঁর যক্ষা হয়েছিল। ফলে তিনি অভিযুক্ত থাকা অবস্থায় মারা যান। জুরি নিযুক্ত হয়েছিলেন দুজন-বাবু নাথুনিপ্রসাদ এবং বাবু জনকপ্রসাদ। মজঃফরপুর কিংসফোর্ড হত্যা মামলায় সাক্ষ্য নেওয়া হয়েছিল ২৪ জনের। ক্ষুদিরামের বিরুদ্ধে মামলায় অংশ গ্রহণ করেছিলেন বাঁকিপুরের ব্যারিস্টার মিস্টার ম্যানুক এবং সরকারি উকিল বিনোদবিহারী মজুমদার। ক্ষুদিরামের পক্ষে মজঃফরপুরের খ্যাতনামা উকিল ছিলেন কালিদাস বসু (ক্ষুদিরামের জামাইবাবু অমৃতলাল রায়ের দূর সম্পর্কের আত্মীয়), উপেন্দ্রনাথ সেন এবং ক্ষেত্রনাথ বন্দ্যোপাধ্যায়। মামলা শুরু হয়েছিল ৩০২ধারা অনুযায়ী মিস এবং মিসেস কেনেডি হত্যা করার প্রত্যক্ষ অভিযোগের ওপরে ভিত্তি করে। ক্ষুদিরামের পক্ষের উকিলরা অপরাধকে অস্বীকার পরামর্শ দিলেও ক্ষুদিরাম অপরাধ স্বীকার করলেন জজ কার্নডাফের কাছে। উকিলরা অপ্রস্তুত হয়ে পড়লেন। ৯.৬.১৯০৮ তারিখে সকাল ৬ টায় আবার বিচার শুরু হল। কালিদাস বসুর সঙ্গে যোগ দিলেন রংপুরের উকিল কুলকমল সেন এবং নরেন্দ্রনাথ লাহিড়ি। এদিন সাক্ষ্য দিয়েছিলেন এস.পি.মিস্টার আর্মস্ট্রং, জেলা ম্যাজিস্ট্রেট, ডেপুটি ম্যাজিস্ট্রেট যতীন সেন। কালিদাস বসু তাঁদেরকে রীতিমতো জেরা করেছিলেন। ১০.০৬.১৯০৮ সালে মামলায় যোগ দিলেন সতীশচন্দ্র চক্রবর্তী। এদিন সাক্ষ্য দিতে এসেছিলেন স্বয়ং কিংসফোর্ড। কিংসফোর্ড সাংবাদিকদের বিরুদ্ধে মত প্রকাশ করেছিলেন। কলকাতার জনতা তাঁকে কীভাবে বারবার আক্রমণ করেছিল সে কথা তিনি বলেছিলেন। কলকাতা থেকে মজঃফরপুরে বদলি হওয়ার একমাত্র কারণ ছিল কলকাতার জনতা তাঁর বিরুদ্ধে ক্ষিপ্ত হতে শুরু করে দিয়েছিল। কলকাতাতেই তাঁকে হত্যা করার ফন্দি করতে শুরু করে দিয়েছিল সেখানতার লোকেরা। এরপরে কেনেডির গাড়ির গাড়োয়ান কালীরাম, তহশীলদার, ফৈয়জউদ্দিন ও ইয়াকুব আলির সাক্ষ্য নেওয়া হয়েছিল। আদালতে একটি বেনামি চিঠি পাঠ করা হয়েছিল। সেই চিঠিতে লেখা ছিল -'আসামিকে যেন ফাঁসি না দেওয়া হয়। নির্বাসন দেওয়া যেতে পারে। নাহলে শ্বেতাঙ্গদের বিপ্লবের আগুনে পুড়ে মরতে হবে।'

১১.৬.১৯০৮ তারিখে আবার বিচার শুরু হয়। তখন সাক্ষ্য দিতে এসেছিলেন ছিল ফতে সিং, শিউপ্রসাদ, কেশবলাল চট্টোপাধ্যায়, নন্দলাল ব্যানার্জি। ১.৬.১৯০৮ তারিখে ক্ষুদিরাম বিরক্তির সঙ্গে জানালেন যে তিনি কোনও উকিল দেবেন না আত্মপক্ষ সমর্থনের জন্য। ১৩.৬.১৯০৮ তারিখে সরকারি উকিল বিনোদবিহারী মজুমদার আদালতে একটি ছাপা কপি উপস্থিত করালেন। সেখানে লেখা ছিল 'বাঙালির শত্রু বাঙালি'। প্রচার পুস্তিকা। মিস্টার ম্যানক বাঙালি জাতিকে নরকে পাঠালেন। তিনি বলেছিলেন যে বয়সের দোহাই দিয়ে এই অপরাধীর দণ্ড যেন কোনক্রমে হ্রাস না করা হয়। এবারে কালীদাস বসু মর্মস্পর্শী ভাষায় বক্তব্য রাখলেন। দীনেশকে বাঁচানার জন্য অভিযুক্ত ক্ষুদিরাম নিজের কাঁধে সব দোষ গ্রহণ করে নিয়েছিলেন। কেউ তো তাঁকে অপরাধ করতে দেখেনি। তারা অভিযুক্তের বয়স বিবেচনা করে শাস্তি নির্ধারণ করা উচিত। এরপরে বিচারপতি কার্নডাফ ইংরেজিতে বিশাল বক্তৃতা দিলেন। আদালতে সমস্ত এসেসরদের বিচারক জানালেন যে আসামি অপরাধী। তা শুনে কালিদাসবাবু আবার লঘু দণ্ডাদেশের আবেদন রাখেন। বিচারক তাঁর কথায় কর্ণপাত না করে আদেশ দিলেন যে ''সমস্ত এসেসরদের সঙ্গে এক মত হয়ে আসামিকে দোষী সাব্যস্ত করিয়া তাঁহার প্রাণদণ্ডাদেশ দিলাম।'' জজ আবার জানালেন যে ক্ষুদিরাম ইচ্ছা করলে সাত দিনের মধ্যে এই বিচারের বিরুদ্ধে হাইকোর্টে আপিল করতে পারবেন এবং বিনা খরচে তাঁকে মামলার নথিপত্রের একপ্রস্ত দেওয়া হবে।

অপরূপা দেবী এবং কালিদাস বসুর উদ্যোগে কলকাতা হাইকোর্টে আপিল করা হয়েছিল। বিচারপতি জে. ব্রট এবং জে. রাইভস-এর এজলাসে শুনানি হল ৮ জুলাই । ১৩ জুলাই তার রায় বের হলো। ক্ষুদিরামের পক্ষে নরেন্দ্র কুমার বসু এবং সরকারপক্ষের লিগ্যাল রিমেমব্রান্সার মিস্টার আর সাওয়াল করছিলেন। কিন্তু কিছুই হয়নি। মৃত্যুদণ্ড বহাল থাকলো। প্রথমে ঠিক ছিল ২১ জুলাই ফাঁসি হবে ক্ষুদিরামের। তারপরে তাঁর ফাঁসির দিন পিছিয়ে গেল। ১১ আগস্ট ফাঁসির দিন ধার্য করা হল।

'অমৃত বাজার পত্রিকা' লিখল-'' মজঃফরপুর, ১১ আগস্ট- অদ্য ভোর ছয় ঘটিকার সময় ক্ষুদিরামের ফাঁসি হইয়া গিয়াছে। ক্ষুদিরাম দৃঢ় পদক্ষপে প্রফুল্ল চিত্তে ফাঁসির মঞ্চের দিকে অগ্রসর হয়। এমনকি তাহার মাথার উপর যখন টুপিটি টানিয়া দেওয়া হইল, তখনো সে হাসিতেছিল।'' (১২ আগস্ট, ১৯০৮ সাল)।

জোট ইন্ডিয়ার সঙ্গে পশ্চিমবঙ্গ এবং কেরলে সমঝোতা নেই

বিশেষ প্রতিনিধি

বিজেপি বিরোধী জোট ঢাক পিটিয় ইণ্ডিয় জোট তৈরি হয়েছে বটে। তবে কেরল এবং পশ্চিমবঙ্গে ইণ্ডিয়া জোটের শরিকদের সঙ্গে কোনও আসন সমঝোতা হচ্ছে না। পশ্চিমবঙ্গ এবং কেরলে যদি আসন সমঝোতা না হয় তাহলে এক সময়ে বিহারও বলতে পারে তারা সেখানে ইণ্ডিয়া জোট শরিকের সঙ্গে আসন সমঝোতা করবে না। এদিকে শিব সেনা দলের নেতা সঞ্জয় রাউত শরদ পাওয়ারে বাড়িতে বসেছিলেন আসন সমঝোতা নিয়ে কথা বলতে। সেখানে তিনি বলেছেন যে পশ্চিমবঙ্গে এবং কেরলে বাম কংগ্রেস নেতারা জোট ইণ্ডিয়ার সঙ্গে কেনও রকমভাবে আসন সমঝোতা করতে রাজি নয়। তৃণমূল কংগ্রেস আগে থেকেই বলতে শুরু করে দিয়েছিল যে তারা লোকসবার নির্বাচনে কংগ্রেসকে দুটো আসন দেবে। তাই নিয়ে কংগ্রেস নেতারা বলতে শুরু করে দিয়েছিলেন যে তৃণমূল কংগ্রেস কী তাহলে ভিক্ষা দিতে শুরু করে দিয়েছে। কংগ্রেস দলকে কি তৃণমূল কংগ্রেস মুষ্ঠিভিক্ষা দিচ্ছে। এদিকে পশ্চিমবঙ্গের বাম দলের নেতারা লোকসভায় তৃণমূল কংগ্রেসের সঙ্গে সমঝোতা করতে ইচ্ছুক নয়। তারা পরিস্কার করে বলে দিয়েছে পঞ্চায়েত ভোটে তৃণমূল কংগ্রেস যে কাণ্ড কারখানা করেছে তাতে করে বাম দলের সঙ্গে ওই দলের কোনও সম্পর্ক থাকা উচিত নয়। জাতীয় স্তরে যদিও সিপিএম বা বাম দলের সঙ্গে সমঝোতা হবে তবে কেরল এবং পশ্চিমবঙ্গে কোনও সমঝোতা নয়। কংগ্রেসও পশ্চিমবঙ্গ এবং কেরলে ব্যাপারে কোনও আসন সমঝোতা চাইছে না। তার ফলে সেখানে বিজেপি দলকে একা লড়াই করতে হবে। পশ্চিমবঙ্গ বিজেপি দল তৃণমূল কংগ্রেস, বাম এবং কংগ্রেসের সঙ্গে লোকসভায় লড়াই করতেপ্রস্তুত। কিন্তু বিজেপি পশ্চিমবঙ্গ এবং কেরলে তাদের দলকে শক্তিশালী করতে পারছে না। তার একটি মাত্র কারণ হচ্ছে বিজেপি দলের কোনও যোগ্য নেতৃত্ব নেই যিনি সাধারণ মানুষের সঙ্গে মিশে লড়াই করতে পারবেন। বিজেপি দলের নেতারা এখনও সাধারণ মানুষের পাশে গিয়ে দাঁড়াতে পারেনি। বিপদে আপদে সাধারণ মানুষের পাশে বিজেপি দলের নেতা থেকে শুরু করে সমর্থকেরা এসে দাঁড়াচ্ছে না। ফলে সেখানে শাসক দলের নেতারা যা বলছে তাই সবাইকে মেনে চলতে হচ্ছে। এদিকে শরদ পাওয়ারের অবস্থা একেবারে নড়বড়ে। তিনি তো জমিতে শক্ত হয়ে দাঁড়াতে পারছেন না। অজিত শরদ পাওয়ারকে ত্যাগ করে চলে গিয়েছেন। তিনি এখন একনাথ শিন্ডের সঙ্গীসাথী। তার ফলে শরদ পাওয়ারে দলকে শক্তিশালী দল বলা যায় না। কংগ্রেসের নেতা অধীর চৌধুরী বলেছেন যে পশ্চিমবঙ্গে মুখ্যমন্ত্রী স্পেনে গিয়েছিলেন। সেখানকার কোনও শিল্পপতি কি সত্যিই পশ্চিমবঙ্গে শিল্প গড়তে আগ্রহ প্রকাশ করেছেন। নাকি পুরো ব্যাপারটার মধ্যে গোঁজামিল রয়েছে। স্পেনে গিয়ে কী হল তার কোনও সংবাদ পাওয়া যাচ্ছে না। সৌরভ গঙ্গোপাধ্যায় শালবনিকে ইস্পাত কারখানার কথা বলেছেন। সত্যিই কি তাহলে শালবনিতে ইস্পাত কারখানা হচ্ছে। এদিকে রাজ্য কোষাগারের অবস্থা খুবই খারাপ। রাজ্য সরকারের শাসক দলের নেতারা সেই কারণে দিল্লিতে গিয়ে অর্থ মন্ত্রক অবরোধ করার ডাক দিয়েছেন। এদিকে কেন্দ্রীয় অর্থমন্ত্রী বলেছেন যে কেন্দ্র কারোর অর্থ আটকে রাখছে না। সবার অর্থ দিয়ে দেওয়া হচ্ছে। পশিমবঙ্গ সরকার হিসাব দিতে পারছে না। সেই কারণে একশো দিনের কাজের টাকা এবং আবাস যোজানার টাকা আটকে রাখা হয়েছে। গোটা

পশ্চিমবঙ্গটা চলছে একন মদ বিক্রি করার রাজস্ব দিয়ে। সেখান থেকে মোটা রাজস্ব আদায় হচ্ছে। পশ্চিমবঙ্গে আর আয় করার কোনও রাস্তা খোলা নেই। ব্যবসায়িক লেনদেন বৃদ্ধি পাচ্ছে না। এদিকে অধীর চৌধুরী বলেছেন তৃণমূল কংগ্রেসের কাজ হচ্ছে কংগ্রেসকে ভেঙে দিয়ে তৃণমূল কংগ্রেসকে শক্তিশালী করা যা আগে গোয়াতে করা হয়েছিল। গোয়ার ক্ষত কংগ্রেস ভুলে যায়নি। প্রশান্ত কিশোর একেবারে তৃণমূল কংগ্রেসের এজেন্ট। উনাকে বিশ্বাস করা যায় না। তৃণমূল কংগ্রেস সৃষ্টি হয়েছিল সিপিএম দলকে ধ্বংস করে দেওয়ার জন্য। কংগ্রেস থেকে বের হয়ে নেত্রী মমতা তৃণমূল কংগ্রেস তৈরি করেন। তিনি তারপরে বিজেপি দলের সহয়োগিতা পেয়েছিলেন। বিজেপি দলই তৃণমূল নেত্রীকে জাতীয় স্তরে নিয়ে গিয়েছিল। ফলে তৃণমূল কংগ্রেসের গায়ে বিজেপির গন্ধ লেগে রয়েছে। বাম সরকারকে ফেলতে তৃণমূলকে শক্তিশালী করেছিল বিজেপি দলই। সেই তৃণমূল কংগ্রেস এখন বিজেপি দলের কাছ থেকে কোনও রকম সহযোগিতা না পাওয়ার ফলে ক্ষিপ্ত হয়ে গিয়ে ইণ্ডিয় জোটে গিয়ে উপস্থিত হয়েছে। তবে তৃণমূল কংগ্রেস এখন বিজেপির হাত থেকে রক্ষা পেতে চাইছে। প্রশান্ত কিশোর তৃণমূল কংগ্রেসকে রক্ষা করার দায়িত্বভার গ্রহণ করেছে। গোপনে গোপনে প্রশান্ত কিশোর তৃণমূল কংগ্রেসের হয়ে কাজ করে চলেছে। বিজেপি দলকে সর্বভারতীয় স্তরে পরাস্ত করার বহু কৌশল গ্রহণ করেছিলেন প্রশান্ত কিশোর। কিন্তু তিনি তা করতে পারেননি। তিনি কংগ্রেস দলের মধ্যে ঢোকার চেষ্টা করেছিলেন। সেটা সাংসদ অধীর চৌধুরীর জন্য বন্ধ হয়ে গিয়েছে। কংগ্রেস দলে একবার প্রশান্ত কিশোর প্রবেশ করলে তখন কংগ্রেস দলটাকে তাবেদার দলের পরিণত করে ফেলতো। সেটা করতে পারছে না এখন। পশিচমবঙ্গে বাম কংগ্রেস জোট অটুট থাকবে বলে বিশ্বাস করেন কংগ্রেস দলের নেতা অধীর চৌধুরী। সেখানে কোনও আপোষ নেই। তৃণমূল কংগ্রেস দলটা হচ্ছে সুবিধাবাদী দল। যে ডালে বসে সেই ডাল কাটতে শুরু করে দেয়। এই দলকে বিশ্বাস করা উচিত নয় বলে মনে করেন অধীর চৌধুরী এবং বাম দলের নেতারা। তারা কেরলে লোকসভার আসনে কোনও সমঝোতা করবে না। কংগ্রেস দল বাম দলের শত্রু হতে পারে। কিন্তু ক্ষতিকারক নয়। সেই কারণে বাম দল কংগ্রেসকে দলকে রক্ষা করতে বার বার জোট করেছে। দিল্লিতে কংগ্রেস সরকারকে রক্ষা করতে বাম দল পাশে থেকে সমর্থন দিয়েছে। কংগ্রেস দল কোনও সময়ে বাম দলের ক্ষতি সাধন করেনি। তৃণমূল কংগ্রেস বাম দলের ক্ষতি করেছে। বাম সরকারকে পশ্চিমবঙ্গ থেকে বিতারিত করেছে। সেই ষড়যন্ত্রের ছক কষা হয়েছিল বলে কংগ্রেস নেতা অধীর চৌধুরী বলেছেন। আম আদমি দলকে বিশ্বাস করা যায়। তবে তৃণমূল কংগ্রেসকে বিশ্বাস করা একেবারে অসম্ভব।

কলকাতার ঐতিহ্য মেট্রোপলিটান বিল্ডিং

কলকাতার মেট্রোপলিটান বিল্ডিংটি কলকাতার ঐতিহ্যবাহী ভবন হিসাবে গণ্য হয়েছে। এখনও এসপ্লানেড কাছে কলকাতা ময়দানের দিকে মুখ করে তাকিয়ে রয়েছে এই ভবনটি। এই ভবনটি হোয়াইটওয়ে লেইডল ডির্পামেন্ট স্টোর হিসাবে পরিচিত। এটি বিখ্যাত হয়েছিল যখন ভারতের ব্রিটিশ শক্তি শাসন চালাচ্ছিল। এখানে একটি ক্লক টাওয়ার রয়েছে যা এক সময়ে কলকাতাবাসীদের সময় নির্দ্ধারণ করে দিত। এই ভবনটির ঠিকানা হচ্ছে সাত নম্বর চৌরঙ্গী রোড। ১৯০৫ সালে এই ভবনটি নির্মাণ করা হয়। এটা আগে মেট্রোপলিটান লাইফ ইন্সিউরেন্স বিল্ডিং নামে খ্যাত ছিল। ১৯৯১ সালে এখানে আগুন লাগে। বার্ন অ্যাণ্ড সেফার্ড ফোটোগ্রাফির কাছে প্রায় একশোর বেশি এই ভবনের ছবি রয়েছে তা উল্লেখযোগ্য। এই

বাড়িটিকে নিয়ে কলকাতার গর্বের শেষ নেই। কলকাতার আর একটি ভবন বিখ্যাত তার নাম হচ্ছে এসপ্লানেড ম্যানসন। ১৯১০ সালে মার্টিন অ্যাণ্ড কোম্পানি এই ভবনটি নির্মাণ করেছিল। এই ভবনটি ইলিয়াস এজরা নামে পরিচিত ছিল। ইলিয়াস এজরা ১৮১৮ সালে কলকাতার পুরসভার কমিশনার নিযুক্ত হন। এই ভবনটি রয়েছে একেবারে রাজভবনের ঠিক উল্টো দিকে। ইহুদিরা এই ভবনের সঙ্গে যুক্ত রয়েছে। বলতে গেলে তারাই এই ভবনের মালিক ছিল। ইলিয়াস এজরা আগে স্কট থমসন দোকানের মালিক ছিলেন। এই ভবনটি শৈল্পশৈলী আর্ট নিওভিউ ধাঁচের তৈরি করা। একেবারে ফরাসি শিল্পের ছোঁয়া এই ভবনটি তৈরি করার সময়ে ব্যবহার করা হয়েছে। চেক শিল্পী অ্যালফসে মুচা এই ভবনটির নকসা তৈরি করেন।

বিজেপির জেলা সভাপতির বেহিসাবি সম্পত্তি

বিজেপির বহিষ্কৃত নেতা তুলে ধরলেন খতিয়ান সমাজমাধ্যমে

দুরন্ত বার্তা, রামপুরহাট, ২৭ সেপ্টেম্বর ঃ বিজেপির বীরভূম জেলা সভাপতি ধ্রুব সাহাকে এবার অনুব্রত মণ্ডলের সঙ্গে তুলনা করলেন বহিষ্কৃত বিজেপি নেতা অনিল সিংহ। এমনকি বিজেপির জেলা সভাপতির সম্পত্তি বৃদ্ধির কাগজপত্র সমাজমাধ্যমে দিয়ে রাজ্য এবং কেন্দ্রীয় নেতৃত্বের দৃষ্টি আকর্ষণেরও চেষ্টা করেছেন তিনি। এনিয়ে আইনের দ্বারস্থ হওয়ার হুমকি দিয়েছেন ধ্রুব সাহা। প্রসঙ্গত, ২০২০ সালে আচমকা বিজেপির বীরভূম জেলা সভাপতি শ্যামাপদ মণ্ডলকে সরিয়ে ধ্রুব সাহাকে দায়িত্ব দেওয়া হয়। নলহাটির বানিওর গ্রামের বাসিন্দা ধ্রুব সাহা এর আগে দলের একাধিক পদ সামলেছেন। রাজনীতি করতে গিয়ে যেমন জেলে জেতে হয়েছে তেমনই চিটফান্ড কাণ্ডে দলীয় নেতার দায়ের করা মামলায় বেশ কিছুদিন জেলবন্দি ছিলেন তিনি। ধ্রুব সাহাকে জেলা সভাপতি করার বিষয়টি মেনে নিতে পারেনি দলেরই একাংশ। ফলে সমাজমাধ্যমে তার বিরুদ্ধে একের পর এক বিষাদগার করতে থাকেন নলহাটি বিধানসভার তিনবারের প্রার্থী অনিল সিংহ। দল বিরোধী কাজের জন্য অনিল সিংহকে বহিস্কার করা হয়। কিন্তু তাতেও থেমে থাকেননি অনিলবাবু। এবার সমাজমাধ্যমে ধ্রুব সাহার সম্পত্তির খতিয়ান তুলে ধরেছেন। সেই সমস্ত নথিতে দেখা গিয়েছে কোন সম্পত্তি ধ্রুব সাহা কয়েক লক্ষ টাকা দিয়ে ক্রয় করেছেন। কোন দলিল আবার তাকে পাওয়ার অফ এটর্নি করা হয়েছে। জমিগুলি তারাপীঠ সংলগ্ন কৌড়া মৌজা, রামপুরহাটের নিশ্চিন্তপুর মৌজায় রয়েছে। জমির পরিমান কয়েক কাঠা। সমাজমাধ্যমে দিয়ে অনিল সিংহ দাবি করেছেন, জেলা সভাপতি হওয়ার আগে যার একটি জামা কেনার ক্ষমতা ছিল না সেই ধ্রুব সাহা তিন বছরে কিভাবে দ্বিতীয় অনুব্রত মণ্ডল হয়ে উঠলেন? সম্পত্তি কেনার টাকার উৎস কি? তিনি দেখাচ্ছেন কিছু জমি তাকে পাওয়ার অফ এটর্নি দেওয়া হয়েছে। কিন্তু তাকেই কেন পাওয়ার অফ এটর্নি দেওয়া হল? অনিল সিংহ দাবি করেছেন, অনুব্রত মণ্ডলের বিরুদ্ধে যেমন সিবিআই, ইডির তদন্ত চলছে, একইভাবে ধ্রুব সাহার বিরুদ্ধেও করা হোক। সমাজমাধ্যমে সম্পত্তির কাগজ ছড়িয়ে দেওয়ার বিষয়ে ধ্রুব সাহা বলেন, ব্যক্তিগত তথ্য কোন দিন সমাজমাধ্যমে দেওয়া যায় না। আমি এর বিরুদ্ধে মানহানি মামলা করব। সেই সঙ্গে সাইবার ক্রাইমে অভিযোগ দায়ের করব।

নয়ানজুলিতে গাড়ি

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২৭ সেপ্টেম্বর ঃ অল্পের জন্য প্রাণে বাঁচলেন সাইকেল আরোহী। নিয়ন্ত্রণ হারিয়ে চার চাকার ছোট গাড়ি নয়ানজুলিতে পড়ে যায়। ঘটনার স্থানে দমকল ও কোতোয়ালি থানার পুলিশ। আহত চালককে হাসপাতালে নিয়ে যান দমকল কর্মীরা। সাতসকালে প্রাণে বাঁচলেন এক চালক ও পথচারী। ঘটনাটি জলপাইগুড়ি খরিয়া অঞ্চলের অন্তর্গত চেকপোস্ট এলাকার। বুধবার সকালে জলপাইগুড়ি পান্ডাপাড়া চেকপোস্ট এলাকায় একটি গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে নয়ানজুলিতে পড়ে যায়। এরপর এলাকার বাসিন্দারা সেই চালককে দড়ি দিয়ে গাড়ির ভিতর থেকে টেনে বের করেন। ঘটনাস্থলে পৌঁছায় দমকল ও পুলিশ। এরপর পুলিশ ক্রেন এনে গাড়িটিকে থানায় নিয়ে যায়। জানা গেছে এদিন সকাল নাগাদ জলপাইগুড়ি থেকে হলদিবাড়ি যাবার পথে চেকপোস্ট এলাকায় একটি অলটো গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে নয়ানজুলিতে পড়ে যায়। সেই গাড়িটির ভিতরে ছিলেন একজন চালক, তাকে কোন মতে দড়ি দিয়ে বের করেন এলাকার বাসিন্দারা।

যুবতীর মৃত্যুতে দাবী অজানা জ্বর

দুরন্ত বার্তা, নদীয়া, ২৭ সেপ্টেম্বর ঃ দু'দিন ধরে ধুম জ্বর ছিল। কিছুতেই জ্বর কমছিল না। শারীরিক অবস্থার অবনতি হওয়ায় হাসপাতালে ভর্তি করানো হয়েছিল মহিলাকে। কিন্তু চিকিৎসাধীন অবস্থায় মঙ্গলবারই মৃত্যু হয়েছে তাঁর। ঘটনাটি ঘটেছে নদীয়ার শান্তিপুরে। হাসপাতাল কর্তৃপক্ষের দাবি, 'অজানা জ্বরে' মৃত্যু হয়েছে ওই যুবতীর। যদিও তা মানতে নারাজ মৃতার পরিবার। সংশ্লিষ্ট হাসপাতালের বিরুদ্ধে চিকিৎসায় গাফিলতির অভিযোগ তুলেছে পরিবার। তাদের অভিযোগ, জ্বর নিয়ে হাসপাতালে ভর্তি হওয়ার পরেও রক্ত পরীক্ষা করানো হয়নি। আদতে ডেঙ্গি হয়েছিল মৌসুমী সরকার নামে ওই মহিলার। স্থানীয় সূত্রে খবর, শান্তিপুর রামকৃষ্ণ কলোনির রামনাথ তর্করত্ন রোড এলাকায় মৌসুমীর বাড়ি। ৪৫ বছর বয়সি ওই মহিলার বিয়ে হয়েছিল চাকদহে। শনিবার তীব্র জ্বর নিয়ে বাপের বাড়িতে আসেন ওই মহিলা। পরিবারের লোকজন তাঁকে শান্তিপুর হাসপাতালে ভর্তি করান। সোমবার রাতে তাঁর অবস্থার অবনতি হয়। তখন ওই রোগিণীকে অন্যত্র স্থানান্তরের পরামর্শ দেন চিকিৎসকেরা। কিন্তু অন্য হাসপাতালে নিয়ে যাওয়ার তোড়জোড়ের মধ্যে মঙ্গলবার মৃত্যু হয় ওই মহিলার। তার পরেই হাসপাতালের দিকে আঙুল তুলেছে মৃতার পরিবার। মৌসুমীর এক আত্মীয়ার কথায়, সঠিক সময়ে হাসপাতালে ভর্তি করানো হলেও ৪৮ ঘণ্টার মধ্যেও কেন রোগ নির্ণয় করা গেল না? তবে হাসপাতাল কর্তৃপক্ষের দাবি, নির্দিষ্ট প্রোটোকল মেনেই চিকিৎসা চলছিল। রোগীর পরিবারের দাবি মতো ডেঙ্গি আক্রান্ত হয়ে মৃত্যুর কথা অস্বীকার করেছেন শান্তিপুর হাসপাতালের সুপার তারক বর্মণ। তিনি বলেন, জ্বর এবং মানসিক দুর্বলতার কারণে হয়তো এই ঘটনা ঘটেছে। ডেঙ্গি সংক্রমণের কোনও প্রমাণ পাইনি। রক্ত পরীক্ষা করা হয়নি। তাই ওই মহিলা আক্রান্ত ছিলেন কি না, সেটা বলা যাবে না।

রাতের অন্ধকারে উচ্ছেদ অভিযান

দুরন্ত বার্তা, রায়গঞ্জ, ২৭ সেপ্টেম্বর ঃ উচ্ছেদ অভিযানে নামল ডালখোলা পুরসভা। ডালখোলা বাসস্ট্যান্ড সংলগ্ন এলাকায় বহুদিন ধরে সরকারি জমি দখল করে থাকা পাঁচটি দোকান মঙ্গলবার রাতে উচ্ছেদ করে পুরসভা। উল্লেখ্য, বিগত বেশকিছু বছর থেকেই ওই এলাকায় কিছু দোকানদার দখল করে বিভিন্ন দোকান করে আসছিল। যার কারণে একদিকে যেমন রাস্তা সংকীর্ণ হয়ে পড়েছিল তেমনি এলাকায় জল নিকাশির সমস্যা দেখা দিয়েছিল। এই সমস্যা সমাধানে আগেই ওই দোকানদারদের অন্যত্র সরে যাওয়ার নোটিশ দেওয়া হয়েছিল পুরসভার তরফে। কিন্তু নির্দিষ্ট সময় পেরিয়ে যাওয়ার পরও দোকান না সরিয়ে নেওয়ার কারণেই এদিন উচ্ছেদ অভিযানে নামতে বাধ্য হয় ডালখোলা পুরসভা। কোনরকম অপ্রীতিকর ঘটনা এড়াতে পুলিশ-প্রশাসনের উপস্থিতিতে এই উচ্ছেদ অভিযান চালায় পুরসভা। যদিও উচ্ছেদ হওয়া দোকানদারদের পুনর্বাসন দেওয়ার কথাও জানান পুরপতি স্বদেশ চন্দ্র সরকার। স্বদেশ চন্দ্র সরকার বলেন, বাসস্ট্যান্ড এলাকায় বহু বছর আগে একটি ইন্দিরাবেদী ছিল কিন্তু কালক্রমে সেই ইন্দিরাবেদী দখল করে সেখানে পসার খুলে বসে কিছু দোকানদার। পাশাপাশি শহরের প্রাণকেন্দ্রের রাস্তা দখল হয়ে থাকার কারণে অসুবিধায় পড়তে হচ্ছিল পথ চলতি মানুষজনকে। আমরা এই সমস্যা সমাধানের জন্য ওই এলাকা দখল মুক্ত করছি। ওই এলাকায় নীচে পেপার ব্লক বসিয়ে আলোকসজ্জা সহকারে ইন্দিরাবেদী করা হবে এবং একটি ঘড়িস্তম্ভ বসানো হবে। এর ফলে এলাকার জলনিকাশির উন্নয়নের পাশাপাশি শহরের প্রাণকেন্দ্র সুন্দর হয়ে উঠবে। উন্নয়নের লক্ষ্যেই এই কাজের উদ্যোগ নেওয়া হয়েছে। তবে যাদেরকে এদিন উচ্ছেদ করা হয়েছে আমরা তাদের পুনর্বাসনের কথা ভাবছি। খুব শীঘ্রই তাদের ব্যবসার জন্য ব্যবস্থা করা হবে।

কাটোয়ার রাস্তায় ধরা পড়ল কুমির

দুরন্ত বার্তা, বর্ধমান, ২৭ সেপ্টেম্বর ঃ ভাগীরথী নদী থেকে ঘুরছিল গ্রামের রাস্তায়। লোকজন দেখেই ফের আশ্রয় নেয় ছোট জলাশয়ে। বুধবার প্রায় সাত ঘণ্টার চেষ্টায় কাটোয়ার কালিকাপুর গ্রাম থেকে ১২ ফুট দৈর্ঘ্যের পূর্ণবয়স্ক কুমিরটিকে উদ্ধার করল বনদফতর। এই ঘটনা ঘিরে ব্যাপক চাঞ্চল্য এলাকায়। কুমির দেখতে ভিড় স্থানীয়দের। জানা গিয়েছে, বুধবার ভোর চারটে নাগাদ স্থানীয় বাসিন্দা অভিজিৎ হালদার নামে এক ব্যক্তি ফেরিঘাট যাচ্ছিলেন। তিনি নৌকোর মাঝি। কালিকাপুর থেকে ফেরিঘাট যাওয়ার সময় অভিজিৎ বাবু বুঝতে পারেন রাস্তার উপরেই কিছু একটা শুয়ে রয়েছে। অল্প নড়াচড়াও করছে। হাতে ছিল টর্চ। টর্চ জ্বালাতেই অভিজিৎ দেখতে পান, একটি কুমির। তিনি সঙ্গে সঙ্গে দূরে সরে যান। এর পর লোকজনকে ডাকাডাকি করেন। তাঁরা যাওয়ার আগেই কুমিরটি পালায়। অভিজিৎ বাবু লক্ষ্য করেন সেটি কাছেই একটি ইঁটভাটার পাশে ডোবায় নেমে পড়েছে। খবর দেওয়া হয় পুলিশকে। তারা বনদফতরকে জানায়। সকাল হতেই বনকর্মীরা চলে যান। তার পর জাল ফেলে কুমিরটি ধরার তোড়জোড় শুরু হয়। প্রায় সাতঘণ্টা পর কুমিরটিকে জালবন্দি করা হয়। স্থানীয়রা জানিয়েছেন, কয়েকদিন আগে টানা বৃষ্টিতে ভাগীরথীর জলস্তর অনেকটাই বেড়েছিল। তখনই কুমিরটি ভাগীরথী নদী ছেড়ে লোকালয়ে ঢুকে পড়ে। এই ঘটনায় প্রবল আতঙ্ক ছড়ায় এলাকায়।

পর্যটন দিবসে পাহাড়ে জয় রাইড

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৭ সেপ্টেম্বর ঃ বিশ্ব পর্যটন দিবস উপলক্ষে হিমালয়ান হসপিটালিটি অ্যান্ড ট্যুরিজম ডেভেলপমেন্ট নেটওয়ার্ক (এইচএইচটিডিএন) বুধবার শিক্ষার্থীদের নিয়ে 'জয় রাইড'-এর আয়োজন করা হয়। শিলিগুড়ি জংশন স্টেশন থেকে সুকনা স্টেশন পর্যন্ত ট্রয় ট্রেনে এই 'জয় রাইড'-এর আয়োজন করা হয়েছিল। চলন্ত ট্রেনেই হয় নানা অনুষ্ঠান। এইচএইচটিডিএন-এর পক্ষ থেকে জয় রাইডের আগে শিলিগুড়ির বাঘাযতীন পার্ক থেকে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়, যা শিলিগুড়ি জংশন স্টেশনে গিয়ে শেষ হয়। নেটওয়ার্কের সাধারণ সম্পাদক সম্রাট সান্যাল বলেন, শিল্প হিসাবে পর্যটন এখন সবচেয়ে বেশি কর্মসংস্থানের জোগান দিতে পারে। এমনকী, প্রত্যন্ত এলাকাতেও অর্থনৈতিক উন্নতি ঘটাতে পারে। ফলে সকলের নজর এখন পর্যটনেই। বিশ্ব পর্যটন দিবস পালনে সামিল হয়েছে শিলিগুড়ি ইন্ডাস্ট্রিজ অ্যাসোসিয়েশনও। এই অ্যাসোসিয়েশনটি আদতে শিল্পদ্যোগীদের সংগঠন হলেও সম্প্রতি ডুয়ার্সের কিছু রিসর্ট মালিকদের নিয়ে পর্যটন শাখা খুলেছে। সংগঠনের সম্পাদক সুরজিৎ পাল জানিয়েছেন, উত্তরবঙ্গের পর্যটন বিকাশে রাজ্য সরকারকে নানা প্রস্তাব পাঠিয়েছেন তাঁরা। ওই সমস্ত প্রস্তাবের মধ্যে রাজস্থানের মতোই উত্তরবঙ্গের পর্যটন কেন্দ্রগুলিতেও উটের পিঠে পর্যটকদের ঘোরানো, সেবক থেকে গজলডোবা পর্যন্ত তিস্তা নদীতে র‍্যাফটিং, বনাঞ্চলে বেড়ানোর নানা প্রস্তাব রয়েছে।

Tender/ Quotation

Office of The Pradhan
Lakhanpur Gram Panchayat
Hura Panchayat Samity
Vill-Layakdih, P.O-Lakhanpur, Dist-Purulia, Pin-723104
Notice Inviting E-Tender No: WBPUR/HURA/PRADHAN LAKHANPUR GRAM PANCHAYAT/15th FC/NIT(e)-07/2023-2024

E-tender is invited from the experienced and resourceful bidders for execution of 17 (Seventeen) Nos. different works. Last date of Submission of Bid (Online) **04.10.2023 at 12.05 PM.** Bid Opening Date (online) **06.10.2023 at 12.15 PM.** For details please visit website **www.wbtenders.gov.in.**

Sd/- Pradhan
Lakhanpur Gram Panchayat

Office of the Manguria Lalpur Gram Panchayat
PO-Daldali, PS-Hura, Dist-Purulia
Notice Inviting E-Tender No. 02/MLGP of 2023-24, Date-27/09/2023

The Prodhan, Manguria Lalpur Gram Panchayat invites e-tender. More details visit **www.etender.gov.in**

Sd/- Pradhan
Manguria Lalpur Gram Panchayat

Office of Salboni Panchayat Samity
Salboni, Paschim Medinipur

Corrigendum of E-TENDER NOTICE vide **NIT No-547/EO/SALBONI PS/e NIT 2023-24 DATED 26.09.2023. Bid Closing date: 12.10.2023.**

Sd/- Executive Officer
Salboni Panchayat Samity

Office of the Bargachia-II Gram Panchayat
Bargachia, Howrah
Notice Inviting E-Tender

বেঙ্গালুরু, ২৭ সেপ্টেম্বর ঃ কাবেরীর জলের 'বড় অংশ' তামিলনাড়ুকে দেওয়া হচ্ছে বলে অভিযোগ তুলে মঙ্গলবারই বেঙ্গালুরুতে বন্ধ পালন করেছে বিভিন্ন কৃষক সংগঠনগুলি। এবার এই একই ইস্যুতে বেঙ্গালুরুতে বিক্ষোভ প্রদর্শন বিজেপি। সিদ্দারামাইয়া সরকারের বিরুদ্ধে তোপ দাগল কর্ণাটকের বিরোধী দল। বিজেপির এই বিক্ষোভ কর্মসূচিতে অংশ নেন কর্ণাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা জেডিএস নেতা এইচ ডি কুমারস্বামীও। কর্ণাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী ও বিজেপি নেতা ইয়েদুরাপ্পা বলেছেন, আমাদের মুখ্যমন্ত্রী সিদ্দারামাইয়া এবং উপ-মুখ্যমন্ত্রী শিবকুমার, তাঁদের অবশ্যই জানা উচিত, তাঁদের তামিলনাড়ুর এজেন্টদের মতো আচরণ করা উচিত নয়। তাঁদের প্রকৃত ঘটনা উপলব্ধি করতে হবে। আমাদের প্রায় সমস্ত জলাধারে জল এমনকি পানীয়ের জন্যও পর্যাপ্ত নয়, প্রধানমন্ত্রী এতে হস্তক্ষেপ করতে পারেন না, মামলাটি সুপ্রিম কোর্টের অধীন। তাঁর পক্ষে হস্তক্ষেপ করা সম্ভব নয়। আবার ইয়েদুরাপ্পার ছেলে বিজয়েন্দ্র ইয়েদুরাপ্পা বলেছেন, বর্তমান কংগ্রেস সরকার কাবেরী ইস্যুকে গুরুত্বের সঙ্গে নেয়নি। কৃষকরা আক্ষরিক অর্থে রাস্তায় নেমেছে এবং দিনে দিনে তামিলনাড়ুতে জল প্রবাহিত হচ্ছে। রাজ্য সরকার নিজ দায়িত্ব পালনে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। বিজেপি সাংসদ তেজস্বী সূর্য বলেছেন, বর্তমানে কর্ণাটক সরকার সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। কর্ণাটককে অবশ্যই তামিলনাড়ুতে কাবেরীর জল ছেড়ে দেওয়া বন্ধ করতে হবে। বিক্ষোভ কর্মসূচিতে অংশ নিয়ে কুমারস্বামী বলেছেন, রাজ্য সরকার কৃষকদের স্বার্থ রক্ষায় ব্যর্থ হয়েছে। তাঁরা এখন রাজ্যের কৃষকদের জীবন নিয়ে খেলছে। এই কারণেই জেডি(এস) এবং বিজেপি উভয়ই প্রতিবাদ করছে।

মেট্রো করিডোরের বিভিন্ন স্টেশনে পরিচ্ছন্নতা অভিযান

কলকাতা, ২৭ সেপ্টেম্বর ঃ মেট্রো রেল ১৬ সেপ্টেম্বর থেকে ২ অক্টোবর ২০২৩ পর্যন্ত 'স্বচ্ছতা পাখওয়াড়া' পালন করছে। এই পাখওয়াদা চলাকালীন, স্টেশন, ট্রেন, কলোনি, হাসপাতাল এবং অন্যান্য রেলওয়ে স্থাপনায় নিবিড় পরিচ্ছন্নতা ও স্যানিটাইজেশন অভিযান চালানো হচ্ছে। ব্লু লাইন, গ্রীন লাইন এবং পার্পল লাইনের সমস্ত স্টেশনে আজ অর্থাৎ ২৭.০৯.২০২৩ তারিখে একটি স্বচ্ছতা অভিযান পরিচালিত হয়েছিল। আমাদের জীবনে পরিচ্ছন্নতার গুরুত্ব সম্পর্কে যাত্রীদের মধ্যে সচেতনতা তৈরি করার পাবলিক অ্যাড্রেস সিস্টেমের মাধ্যমে বারবার ঘোষণা করা হয়েছিল।

রাজা রামমোহন রায়ের মৃত্যু দিন উপলক্ষ্যে রামমোহন রায়ের মূর্তিতে মাল্যদান করছেন কলকাতা পৌরসভার বোরো ৭ এর চেয়ারপার্সন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলকাতা পৌরসভার আধিকারিকগন।

রানাঘাটে পাচারের আগে উদ্ধার নিষিদ্ধ কাফ সিরাপ ফেনসিডিল, আটক ১

দুরন্ত বার্তা, নদীয়া, ২৭ সেপ্টেম্বর ঃ ম্যাটাডোরে করে পাচারের আগেই পশ্চিমবঙ্গ পুলিশের স্পেশাল টাস্ক ফোর্স (এসটিএফ) উদ্ধার করেছে বিপুল পরিমাণ ফেনসিডিল। বুধবার এসটিএফের এসপি আইপিএস ইন্দ্রজিত বসু এ তথ্য জানিয়েছেন। তিনি জানিয়েছেন, মঙ্গলবার গভীর রাতে সুনির্দিষ্ট তথ্য পাওয়ার পরে, নদীয়ার রানাঘাটের হাবিবপুর জাতীয় সড়কে তল্লাশি শুরু করে। একটি সন্দেহজনক নীল ম্যাটাডোর সেখানে পৌঁছানো মাত্রই তাকে ঘিরে ফেলা হয়। তল্লাশি করে ম্যাটাডোর থেকে ৫০০ বোতল নিষিদ্ধ কফ সিরাপ ফেনসিডিল উদ্ধার করা হয়। ম্যাটাডোর চালক অচিন্ত্য কুমার কীর্তনিয়াকে (৩৫) সঙ্গে সঙ্গে গ্রেফতার করা হয়। সে নদীয়া জেলার হাঁসখালি থানার অন্তর্গত হরিতলার বাসিন্দা। এনডিপিএস আইনের ধারায় রানাঘাট থানায় একটি মামলা দায়ের করা হয়েছে এবং আইনি ব্যবস্থা নেওয়া হয়েছে। উদ্ধার হওয়া ফেনসিডিলের আনুমানিক মূল্য ২৫ লাখ টাকা। তিনি কোথা থেকে ফেনসিডিল এনেছেন, কোথায় নিয়ে যাচ্ছেন তা জানতে তাকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

পঞ্চায়েত প্রধান খুনের ঘটনায় বিহার থেকে গ্রেফতার ভরের শুটার

দুরন্ত বার্তা, উত্তর দিনাজপুর, ২৭ সেপ্টেম্বর ঃ ২০ সেপ্টেম্বর দুষ্কৃতীদের গুলিতে প্রাণ হারান গোয়ালপোখর ১ গ্রাম পঞ্চায়েতের পাঞ্জিপাড়া গ্রাম পঞ্চায়েতের প্রধান মহম্মদ রাহি। সেই ঘটনার তদন্তে নেমে পুলিশ আগেই গ্রেপ্তার করেছিল কংগ্রেসের এক পঞ্চায়েত সদস্যকে। এবার ঘটনায় এবার এক ভাড়াটে খুনি সহ আরও মোট দুজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। মঙ্গলবার রাতে একটি সাংবাদিক বৈঠক করে সমস্ত তথ্য জানান ইসলামপুর পুলিশ জেলার পুলিশ সুপার জসপ্রীত সিং। এই ঘটনায় নাম জড়িয়ে আরও এক

তৃণমূল নেতার। জমি সংক্রান্ত বিবাদের জেরেই এই হত্যাকাণ্ড বলে দাবি পুলিশের। জানা গিয়েছে, গ্রাম পঞ্চায়েতের প্রধান মহম্মদ রাহি হত্যাকাণ্ডে একজন শুটার সহ আরও মোট দুজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। ধৃতদের কাছ থেকে উদ্ধার হয় খুনে ব্যবহৃত আগ্নেয়াস্ত্রটি ও তিন রাউন্ড গুলি। ইসলামপুর পুলিশ জেলার পুলিশ সুপার জসপ্রীত সিং জানিয়েছেন, বিহারের ভোজপুর জেলার আরা থানা এলাকা থেকে গ্রেপ্তার আগ্নেয়াস্ত্র সহ গ্রেপ্তার হয় মহম্মদ আলী নামে এক ভাড়াটে শুটার। এই মহম্মদ আলীই গুলি চালিয়ে প্রধানকে হত্যা করেছে বলে অনুমান করা হচ্ছে। ঘটনা ঘটিয়ে দুষ্কৃতীরা পালানোর জন্য একটি বিলাসবহুল গাড়ি ব্যবহার করেছিল। দেবেন্দ্র পাসওয়ান নামে ওই গাড়ি চালককে কিশনগঞ্জ থেকে গ্রেপ্তার করে গাড়িটিকে বাজেয়াপ্ত করা হয়েছে। এই হত্যাকাণ্ডে তৃণমূল নেতা মুস্তাফার নাম উঠে এসেছে। উল্লেখ্য, গত বুধবার গোয়ালপোখর ১ গ্রাম পঞ্চায়েতের পাঞ্জিপাড়া গ্রাম পঞ্চায়েতের প্রধান মহম্মদ রাহি মোটর সাইকেলে করে পঞ্চায়েত দপ্তরে আসছিলেন। সেই সময় দুষ্কৃতীরা তাকে উদ্দেশ্য করে গুলি চালায়। কিন্তু কে বা কারা গুলি চালিয়েছে তা জানা যায়নি। গুলিবিদ্ধ অবস্থায় তাকে কিশনগঞ্জ মেডিক্যাল কলেজে নিয়ে যাওয়া হয়। অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে উন্নত চিকিৎসার জন্য রেফার করা হয়। পরে মৃত্যু হয় রাহির। এই ঘটনায় এখনও পর্যন্ত মোট তিনজন গ্রেপ্তার হয়েছে।

ট্রেনের নিয়ন্ত্রণ

কলকাতা, ২৭ সেপ্টেম্বর ঃ সংশ্লিষ্ট ডাউন লিঙ্ক ট্রেনের দেরিতে চলার কারণে, নিম্নলিখিত মেলএক্সপ্রেস ট্রেনগুলি নিম্নরূপ নিয়ন্ত্রিত হবে-১২৩৩৩ হাওড়া - প্রয়াগরাজ বিভূতি এক্সপ্রেস ২৭.০৯.২০২৩ তারিখে বাতিল থাকবে। ১৩০০৫ হাওড়া - অমৃতসর মেল হাওড়া ছাড়বে ২২.৪০ টায়। আজ (২৭.০৯.২০২৩) এর নির্ধারিত প্রস্থান সময়ের পরিবর্তে ১৯,১৫ টায়। ১৩০০৯ হাওড়া - যোগ নগরী ঋষিকেশ দুন এক্সপ্রেস হাওড়া ছাড়বে ০৫.০০ টায়। ২৮.০৯.২০২৩ তারিখে ২০.২৫ টায় নির্ধারিত প্রস্থান সময়ের পরিবর্তে। ২৭.০৯.২০২৩ তারিখে। যাত্রীদের অসুবিধার জন্য গভীরভাবে দু ঃখিত।

আঞ্চলিক রেলওয়ে ব্যবহারকারী পরামর্শক কমিটির সভায় উত্তর-পূর্ব রেলওয়ের জেনারেল ম্যানেজার শ্রী চন্দ্র বীর রমন সহ অতিরিক্ত মহাব্যবস্থাপক শ্রী ডি.কে. সিংহকে সম্বোধন করা হয়েছে।

মাল্টি ডিসিপ্লিনারি জোনাল ট্রেনিং ইনস্টিটিউট, খড়গপুরে বৃক্ষরোপণ অনুষ্ঠানের আয়োজন হয়েছে।

মালদা শহরের একটি স্টোরে মেয়াদ উত্তীর্ণ সামগ্রী বিক্রির অভিযোগ উঠেছে

দুরন্ত বার্তা, মালদা, ২৭ সেপ্টেম্বর ঃ মালদা শহরের গৌড়রোড পেট্রোল পাম্প এলাকার একটি স্টোরে মেয়াদ উত্তীর্ণ সামগ্রী বিক্রির অভিযোগ উঠেছে। আর সেই মেয়াদ উত্তীর্ণ আয়ুর্বেদিকের জুস খেয়ে রীতিমতো তিনজন অসুস্থ হয়ে পড়েছে বলে অভিযোগ। অথচ কিভাবে গৌড় মরোড পেট্রোল পাম্প সংলগ্ন ওই স্টোরে মেয়াদ উত্তীর্ণ প্যাকেটজাত আয়ুর্বেদিক জুস বিক্রি করা হচ্ছে তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। অভিযোগ জানালেও বিভিন্ন দপ্তর একে অপরের বিরুদ্ধে দায়িত্বের কথা বলেই দায় সেরেছেন। শহরের গৌড়রোড সংলগ্ন পেট্রোল পাম্পের পাশেই ওই নামিদামি স্টোর থেকে এভাবে মেয়াদ উত্তীর্ণ প্যাকেটজাত জুস বিক্রি হলেও ক্রেতারা স্বাস্থ্য দপ্তর ও প্রশাসনকে জানিয়েও কোনো রকম সহযোগিতা পাচ্ছেন না বলে অভিযোগ। পুরো বিষয়টি জানার পর জেলা স্বাস্থ্য দপ্তরের স্বাস্থ্য আধিকারিক ডা. সুদীপ্ত ভাদুড়ি বলেন, এটা তদারকি করার দায়িত্ব খাদ্য সরবরাহ দপ্তরের। তবুও বিষয়টি শোনার পর প্রাথমিক পর্যায়ে একবার স্বাস্থ্য দপ্তরের টিম ওই দোকানে পাঠানো হবে। জেলা খাদ্য সরবরাহ দপ্তরের এক আধিকারিক জানিয়েছেন, মেয়াদ উত্তীর্ণ কোনো নিত্য প্রয়োজনীয় জিনিস যদি কোথাও বিক্রি হয়, তা তদারকি করে দেখার দায়িত্ব স্বাস্থ্য দপ্তরের অধীনস্থ ফুড সেফটি অফিসারের। এক্ষেত্রে খাদ্য সরবরাহ দপ্তরের কোন ভূমিকা নেই। জেলা ফুড সেফটি অফিসার প্রশান্ত বৈদিক জানিয়েছেন, নির্দিষ্টভাবে জেলাশাসক অথবা অতিরিক্ত জেলাশাসকের কাছে যদি মেয়াদ উত্তীর্ণ নিত্য প্রয়োজনীয় জিনিস বিক্রির বিষয়ে অভিযোগ জমা হয়, তার ভিত্তিতেই সংশ্লিষ্ট দপ্তর থেকে অভিযান চালানো সম্ভব। আবার প্রশাসনের একটি সূত্র থেকে জানা গিয়েছে, এই ধরনের মেয়াদ উত্তীর্ণ সামগ্রী বিক্রি হলে ডিস্ট্রিক এনফোর্সমেন্ট ব্রাঞ্চ (ডিইবি) অভিযান চালাতে পারে। এখন প্রশ্ন হচ্ছে বিড়ালের গলায় ঘন্টা বাঁধবে কে? কারণ এক্ষেত্রে ইংরেজবাজার পুরসভাও অভিযান চালিয়ে আইনগত ব্যবস্থা নিতে পারে বলেও প্রশাসন সূত্রে থেকেও জানা গিয়েছে। এদিকে মালদা শহরের গৌড়রোড এলাকার জনৈক বাসিন্দা রণি দাস

জানিয়েছেন, মঙ্গলবার গৌড়রোড পেট্রোল পাম্প সংলগ্ন একটি স্টোর থেকে আয়ুর্বেদিক জুস কেনা হয়েছিল। সেই জুসের দাম ৩০০ টাকারও বেশি। বাড়িতে নিয়ে আসার পর কিছু না দেখেই আমি এবং আমার বাচ্চা খেয়ে ফেলি। কিছুক্ষণের মধ্যেই দুজনেরই বমি হতে শুরু করে। তারপরে দেখি যে আয়ুর্বেদিক জুস কেনা হয়েছে তা মেয়াদ উত্তীর্ণ এবং এক বছরের পুরনো। এই বিষয়টি নিয়ে ওই স্টোরে গেলে পরপর একইভাবে আরো বেশ কিছু মেয়াদ উত্তীর্ণ আয়ুর্বেদিক জুস দোকানে সাজানো অবস্থায় রাখতে দেখা যায়। আমাদের কাছে বিল থাকার কারণে বিভিন্ন দপ্তরে ফোন করে অভিযোগ জানালেও কোনো রকম ব্যবস্থা নেওয়া হয় নি। একই অভিযোগ এলাকার আরো বেশ কয়েকজন বাসিন্দাদের। তাঁদের বক্তব্য, যিনি ওই স্টোরে মালিক তিনি আবার প্রোমোটার এবং হোটেল মালিকও বটে। প্রভাবশালী ব্যক্তি হওয়ার কারণেই প্রশাসন অভিযোগের কথা শুনতে চাইছে না। যদিও গৌড়রোড এলাকার ওই স্টোরে মালিকের সঙ্গে একাধিকবার মোবাইলে যোগাযোগ করা হলে তিনি ফোন ধরেন নি। তবে ওই স্টোরের এক মহিলা ম্যানেজার মেয়াদ উত্তীর্ণ সামগ্রী রাখার ঘটনার বিষয়টি জানতে পেরে নিজেদের ভুল স্বীকার করেছেন। যদিও এই ব্যাপারে মালদার জেলাশাসক নীতিন সিংহানিয়া জানিয়েছেন, নির্দিষ্টভাবে কোন অভিযোগ হাতে পেলেই প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

মুখ্যমন্ত্রীর সাধের পথশ্রী প্রকল্পে দুর্নীতির ছায়া, তিন দিনের বৃষ্টিতে ধ্বসে গেল ৫ মাসের নবনির্মিত রাস্তা

দুরন্ত বার্তা, মালদা, ২৭ সেপ্টেম্বর ঃ মুখ্যমন্ত্রীর সাধের পথশ্রী প্রকল্পে দুর্নীতির ছায়া। নির্মাণের পাঁচ মাসেই নবনির্মিত রাস্তার বেহাল দশা। তিন দিনের লাগাতার বৃষ্টিতে ধস নেমেছে রাস্তায়। ভেঙে পড়ছে রাস্তার ঢালাই। ব্যাপক সমস্যায় স্থানীয় বাসিন্দা এবং পথচারীরা। রাস্তা নির্মাণের দায়িত্বপ্রাপ্ত ঠিকাদারি সংস্থার বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ বিক্ষোভ স্থানীয়দের। অভিযোগ সামনে আসতেই শুরু হয়েছে রাজনৈতিক চাপানোতোর। বৃষ্টির জলে নবনির্মিত রাস্তা দিয়ে উন্নয়ন ধুয়ে গেছে কটাক্ষ বিরোধীদের। দুর্নীতি হলে তদন্ত করে ঠিকাদারের বিরুদ্ধে পদক্ষেপ নেওয়া হবে সাফাই তৃণমূলের। কোথায় এই রাস্তা? নির্মাণের পাঁচ মাসের মধ্যে ধ্বসে গেল যে রাস্তা। জানা গেছে মালদার হরিশ্চন্দ্রপুর ১ নম্বর ব্লকের ভিঙ্গল গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত রহমতপুর বাসস্ট্যান্ড থেকে রহমতপুর কবরস্থান পর্যন্ত প্রায় এক কিলোমিটার রাস্তা পথশ্রী প্রকল্পে ৩৫ লক্ষ টাকা বরাদ্দে নির্মাণ হয়েছিল। এলাকার মানুষেরা ভেবে ছিলেন এবার হয়তো বেহাল রাস্তার সমস্যার সমাধান হবে। কিন্তু তিন দিনের বৃষ্টি ভুল প্রমাণ করে দিল সেই ভাবনাকে। বৃষ্টির জলে উন্নযনের চাদর সরে গিয়ে সামনে এলো দুর্নীতি। তিন দিনের লাগাতার বৃষ্টিপাতেই ধ্বস নেমেছে রাস্তায়। নবনির্মিত রাস্তার এই অবস্থা দেখে চক্ষু চরক গাছ এলাকাবাসীর। ওই রাস্তা দিয়ে চলাচল করতে ভোগান্তির সম্মুখীন নিত্যযাত্রীরা। এলাকাবাসীর অভিযোগ রাস্তা নির্মাণের সময় অত্যন্ত নিম্নমানের সামগ্রী ব্যবহার হয়েছিল। তাই পাঁচ মাসেই রাস্তার এই বেহাল দশা হল। প্রথমে ওই রাস্তায় ফাটল ধরে। তারপর সেই ফাটল দিয়ে বৃষ্টির জল ঢুকে সম্পূর্ণ ধ্বসে গেছে রাস্তা। যান চলাচল তো বটেই পায়ে হেঁটে চলাচল করতে গিয়েই মানুষ সমস্যায় পড়ছে। এলাকার প্রায় ৫০ টি পরিবার ব্যাপক সমস্যার মুখে। সমগ্র ঘটনা নিয়ে তদন্ত রাস্তা সংস্কারের দাবী জানিয়েছে এলাকাবাসী। সমগ্র বিষয়ে খতিয়ে দেখে উপযুক্ত পদক্ষেপ নেওয়া হবে আশ্বাস জেলা শাসকের। স্থানীয় বাসিন্দা আমিনা বিবি বলেন, আমরা বাজার যাবো বা ডাক্তার বাড়ি যাব যেতে পারছি না। রাস্তার যা অবস্থা তাতে পিছলে পড়ে যাব। রাস্তা ঠিক না করলে আমাদের খুব সমস্যা হবে। স্থানীয় বাসিন্দা আব্দুর রউফের অভিযোগ, ঠিক ভাবে কাজ করলে নবনির্মিত রাস্তার এই হাল হত না। ব্যাপক দুর্নীতি হয়েছে রাস্তার কাজে। প্রশাসন এটা তদন্ত করে দেখুক। আর রাস্তা সংস্কারের ব্যবস্থা করুক। স্থানীয় বাসিন্দা আব্দুল লতিফ বলেন, রাস্তা সম্পূর্ণ ধ্বসে গেছে। অত্যন্ত নিম্নমানের সামগ্রী দিয়ে কাজ হয়েছিল। তাই এই অবস্থা। আমরা খুব সমস্যার মধ্যে পড়ে গেছি। হরিশ্চন্দ্রপুর ১ নম্বর ব্লক আইএনটিটিইউসির সভাপতি সাহেব দাসের দাবি, যদি ঠিকাদার দুর্নীতি করে সে ক্ষেত্রে প্রশাসন তদন্ত করবে। দুর্নীতি বরদাস্ত হবে না। তার লাইসেন্স ক্যানসেল করে দেওয়া উচিত। সিপিআইএম নেতা অনুপ আচার্য জানান, পথশ্রীর প্রকল্প নাকি মুখ্যমন্ত্রীর সাধের প্রকল্প। আর তাতে এমন দুর্নীতি। রাস্তা নির্মাণের কয়েক মাসের মধ্যে ধসে গেছে। মানুষজন সমস্যায় পড়ছে। এখন তো ওই পঞ্চায়েতে কংগ্রেস সিপিএম জোট রয়েছে। পঞ্চায়েত স্তর থেকেও আমরা তদন্ত করব। মালদার জেলা শাসক নিতিন সিংহানিয়া জানান, সংশ্লিষ্ট ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিককে বিষয়টি তদন্ত করে দেখে উপযুক্ত পদক্ষেপ নিতে নির্দেশ দেব। প্রসঙ্গত পঞ্চায়েত নির্বাচনের প্রাক্কালে রাজ্য-জুড়ে ঘটা করে পথশ্রী প্রকল্পের সূচনা করেছিলেন মুখ্যমন্ত্রী। রাজ্যের শাসকদল বলেছিল গ্রামে গ্রামে রাস্তার সমস্যা সমাধান হবে। এই প্রকল্পকে সামনে রেখে ভোটে লড়েছিল তৃণমূল। কিন্তু কয়েক মাসে সেই প্রকল্পের রাস্তারই এমন বেহাল দশা। স্বাভাবিক ভাবেই দুর্নীতি ইস্যুতে উঠছে একাধিক প্রশ্ন।

নবী দিবসের আগেই বগটুই মডেল গ্রামের কাজের সূচনায় উপাধ্যক্ষ আশীষ

দুরন্ত বার্তা, রামপুরহাট, ২৭ সেপ্টেম্বর ঃ প্রতিশ্রুতি মোতাবেক ঠিক এক বছরের মাথায় সংস্কৃতি মঞ্চ পেল বগটুই গ্রাম। রামপুরহাট ১নং ব্লকের বড়শাল অঞ্চলের বগটুই গ্রামে গত বছর নবী দিবসের প্রাক্কালে গ্রামবাসীদের একটি দাবি ছিলো যা এই বছর নবী দিবসের ঠিক আগেই তা সম্পন্ন হলো। অনেক আগেই বগটুই গ্রামে এসেছিলেন ফিরহাদ হাকিম। মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে জেলা শাসক, মহকুমা শাসক এবং ব্লক সমষ্টি উন্নয়ন আধিকারিক এবং ইঞ্জিনিয়ার ঘুরে দেখেছেন। বগটুই মডেল গ্রামের কাজ ত্বরান্বিত করতে আশীষ বন্দ্যোপাধ্যায় কাজে লেগে পড়েন। বিধায়ক উন্নয়ন তহবিলের টাকা ব্যয়ে বগটুই পশ্চিম পাড়ায় এলাহি সেখের বাড়ির কাছে একটি সংস্কৃতি মঞ্চ গড়ে তোলেন। তার সামনের অংশ ঢালাই এবং মঞ্চের উপর স্টিল বর্ডার এবং পেভার ব্লকের কাজ করে তারাপীঠ রামপুরহাট উন্নয়ন পর্ষদ বলে জানান বিধান সভার উপাধ্যক্ষ তথা পর্ষদের চেয়ারম্যান আশীষ বন্দ্যোপাধ্যায়। জানা গেছে, পর্ষদ প্রায় চোদ্দ লক্ষ টাকা ব্যয়ে এই কাজ সম্পন্ন হয়েছে। এছাড়াও এদিন উপাধ্যক্ষ স্থানীয়দের কাছে আবেদন করেন জায়গার জন্য। সেখানে কচিকাচাদের জন্য একটি পার্কের প্রতিশ্রুতি দেন তিনি। তাঁর ঘোষণা শুনে বাচ্চারা করতালিতে ফেটে পড়েন। একটি সংস্কৃতিক মঞ্চ যার পারিপার্শ্বিক এলাকা স্টিল ও পেভার ব্লক দিয়ে সুসজ্জিত এবং ঢালাই রাস্তা নির্মান। তারাপীঠ-রামপুরহাট উন্নয়ন পর্ষদের মাধ্যমে তা সম্পন্ন হয়েছে। উপাধ্যক্ষ বলেন, সংস্কৃতি মঞ্চ ছাড়াও ছোট ছোট বাচ্চাদের খেলাধূলার জন্য একটি পার্ক তৈরীর উদ্যোগ নেওয়া হয়েছে যার কাজ খুব দ্রুত শুরু হবে। এই ঘোষণা শুনেই বাচ্চারা হাততালি দিতে থাকে। খুব ভালো লাগে। আগামী দিনে উন্নয়ন আরো দৃঢ় হবে এই আশা রাখি। উল্লেখ্য, অনেক আগে ফিরহাদ হাকিম এসেছিলেন। প্রতিশ্রুতি দিয়েছিলেন। মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে বগটুই গ্রামে ডি এম, এস ডিও, বিডিও এসেছিলেন। বগটুইকে মডেল গ্রাম করার কাজ শুরু হয়েছে। নেসু সেখের বাড়ি থেকে মধ্যমাঠ অবধি রাস্তা হয়েছে। এই রাস্তা মাঠের মধ্য দিয়ে দুই কিমি বারো ফুট চওড়া বড়শাল পর্যন্ত যাবে। গ্রামের বিভিন্ন জায়গাতে হাইমাস্ট লাইট হবে। জলের বড়ো ট্যাঙ্ক হবে। মডেল গ্রাম করতে যা যা করতে হয় তা হবে। প্রসঙ্গতঃ, বগটুই গ্রামে একুশে মার্চ তৃণমূল উপপ্রধাল ভাদু সেখ খুন এবং তার প্রেক্ষিতে বদলা হিসেবে দশ জন অগ্নিকাণ্ডের জেরে মারা যান। ঘটনার পর মুখ্যমন্ত্রী ঘুরে যান। পরবর্তীতে মুখ্যমন্ত্রীর নির্দেশে এই উন্নয়নের অস্ত্রে গ্রামের শান্তি ফিরে আসে। রাজনীতি করতে গদ্দার এই গ্রামে আসেন। কিন্তু শহীদ বেদী রাজনীতি করেও, এই গ্রাম থেকে একটি আসনও বিজেপি পায় নি। বড়শাল পঞ্চায়েত দখল করে তৃণমূল কংগ্রেস।

কালচিনি গ্রাম পঞ্চায়েতে ২৬ লক্ষ টাকার দুর্নীতির অভিযোগ

দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ২৭ সেপ্টেম্বর ঃ কালচিনি গ্রাম পঞ্চায়েতের ২৬ লক্ষ দুর্নীতির অভিযোগে সরব হল ফের জাতীয় কংগ্রেস। বুধবার কালচিনি ব্লক অফিসে এই বিষয়ে ক্ষোভ দেখানো হয় জাতীয় কংগ্রেসের থেকে উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গ রাজ্য মহিলা কংগ্রেস সভানেতৃ সুতপা দত্ত, আলিপুরদুয়ার জেলা কংগ্রেসের কার্যকারী সভাপতি শান্তনু দেবনাথ সহ জাতীয় কংগ্রেসের নেতা কর্মীরা। এই বিষয়ে উল্লেখ্য সম্প্রতি কালচিনি গ্রাম পঞ্চায়েত কাজ না করেই ২৬ লক্ষ টাকা বিল করেছে এই অভিযোগে সরব হয়েছিল জাতীয় কংগ্রেস। বুধবার কংগ্রেস নেতৃত্বরা কালচিনি ব্লক অফিসে আসেন এবং এদিন বিডিও উপস্থিত না থাকায় জয়েন্ট বিডিও কাছে তারা জানতে চান। জাতীয় কংগ্রেস নেতৃত্বরা জানান এর পূর্বে আমরা এই বিষয়ে কালচিনি ব্লক অফিসে লিখিত অভিযোগ করেছি আমাদের সাত দিনের মধ্যে সমস্ত তথ্য দেওয়া হবে বলে জানানো হয়েছিল ব্লক অফিস থেকে কিন্তু দুই সপ্তাহ পেরিয়ে গেলেও আমারা কোনো সদুত্তর পায়নি। সদুত্তর না পেলে আগামী দিনে বৃহত্তর আন্দোলনে নামবো।

প্রশাসনের সহযোগিতা, ফিরলো আদিবাসী পরিবার

দুরন্ত বার্তা, বোলপুর, ২৭ সেপ্টেম্বর ঃ ডাইনি অপবাদে গ্রামছাড়া ছিল আদিবাসী পরিবার। বছর তিনেক আগেই নিজেদের স্থায়ী ঠিকানাটা হারিয়ে ফেলে এই অসহায় পরিবার। এগ্রাম থেকে সে গ্রাম ঘুরে বেড়াচ্ছেন। গাছ তলাতেও রাত কাটিয়েছেন তাঁরা। বোলপুর মহকুমা শাসকের দপ্তরে আবেদন জানান তাঁরা। বিধানসভা নির্বাচনের আগে ফিরতে না পারলেও প্রশাসন এবার তাঁদের গ্রামে ফেরার ব্যবস্থা করলো। চলতি বছরের বিশে সেপ্টেম্বর সকলকে নিয়ে একটি বৈঠক হয়। সেখানেই সাত দিনের মধ্যে গ্রামে ফেরানোর সিদ্ধান্ত নেওয়া হয়। উদয় হাঁসদা ও সুনীল সোরেনরা বর্তমানে খুব খুশি। তাঁরা জানান, কুসংস্কারের কারণে তিন ছেলে বৌমা বাচ্চাসহ বারো জনকে নিয়ে গাছ তলায় রাত কাটাতে হয়েছে। কোথাও স্থায়ী ভাবে থাকতে দেওয়া হয় নি। কখনও ঘুগনি মুড়ি আবার কখনও শুধু টিউব ওয়েলের জল খাইয়ে পেট ভরিয়েছি বাচ্চাদের। আদিবাসী গাঁওতার সদস্য শিবু সোরেন জানান, ২০২০ সালের ২১ জুলাই বোলপুর থানার সিয়ান মুলুক এলাকার মণি কুণ্ডু ডাঙা গ্রামে পশুর মড়ক লাগে। মারা যায় কয়েকটি ছাগল। বাড়িতে পুজো করে বিভিন্ন পরিবার। গ্রামের জানগুরু নিদান দেয় কয়েকটি পরিবার এই পশু মৃত্যুর জন্য দায়ী। তারা ডাইনি। পরিবার সদস্যকে মারধোর করা হয়। গ্রাম না ছাড়লে প্রাণে মারার হুমকি দেওয়া হয়। তারপর থেকে দীর্ঘ তিন বছর ঘর ছাড়া তাঁরা। এই আদিবাসী পরিবারের ঘরে ফেরার ব্যবস্থা করতে এদিন তাঁরা প্রশাসনের দ্বারস্থ হন। প্রশাসন গ্রামের মানুষকে বুঝিয়ে ঘরছাড়া গ্রামে ফেরালো।

শিশু শিক্ষা কেন্দ্রে মিড ডে মিলে পচা ডিম অভিভাবদের বিক্ষোভ

এজাজ আহম্মেদ, মুর্শিদাবাদ, ২৭ সেপ্টেম্বর ঃ মুর্শিদাবাদের ভরতপুরে শিশুশিক্ষা কেন্দ্রের খাবারে দেওয়া হচ্ছে পচা ডিম, আর সেই পচা ডিম হাতে নিয়ে শিক্ষা কেন্দ্রে কর্মীদের বিরুদ্ধে বিক্ষোভ দেখালো অভিভাবকরা। দীর্ঘদিন ধরেই অভিভাবকদের অভিযোগ ছিলো এই শিশু শিক্ষা কেন্দ্রটির বিরুদ্ধে কখনো পোকা লাগা ভাত, কখনো পচা ডিম, আজ কার্যত তার প্রতিবাদে চরম বিক্ষোভে দেখালেন অভিভাবকরা। অভিযোগ ভরতপুর এক নম্বর ব্লকের, আলুগ্রাম পঞ্চায়েত এলাকার, ১৩৯ নম্বর আঙ্গারপুর শংকরমারুই শিশুশিক্ষা কেন্দ্রে শিশুদের জন্য রান্না হওয়া খাবারে, দেওয়া হচ্ছে পচা ডিম, আর আর এই ঘটনা জানাজানি হতেই কার্যত সাংবাদিকের ক্যামেরার সামনে সেই পচা ডিমকে হাতে নিয়েই শিশু শিক্ষা কেন্দ্রের ভূমিকায় প্রশ্ন তুললেন অভিভাবকরা। অভিভাবদের দাবী মাঝে মধ্যেই পচা ডিম নিয়ে আসে, আগেও জানিয়েছিলাম কিন্তু দিদি কোনো সদুত্তর দেয়নি। এছাড়াও পোকা লাগানো চালে ভাত রান্না করার অভিযোগ রয়েছে। এই বিষয়ে অভিভাবক ফুলন বিবি বলেন এর আগেও পচা ডিম দেওয়া হয়েছিল। বলতে এসেছিলাম কিন্তু কাজ হয়নি। অভিভাবক সরিফুল সেখ বলেন কয়েক মাস আগে পোকা ধরা গন্ধ চালের ভাত দিয়েছিল, অভিযোগ জানাতে এলে দিদি বলেছিল বিডিও কাছে জানান আমাদের জানিয়ে কোনো লাভ হবেনা। ভ যদিও এই অভিযোগ অস্বীকার করে শিশু শিক্ষা কেন্দ্রের প্রধান বানী সাহা বলেন সরকারী মেনু অনুসারে সব কিছু করা হয়েছে। কোথায় ভুল কিছু হয়ে থাকলে রাঁধুনী দিদিরা বলতে পারবেন।

২ অক্টোবর গান্ধী জন্ম জয়ন্তীতে ১০০ দিনের কাজের টাকার দাবিতে দিল্লি অভিযানে যাচ্ছে তৃণমূল কংগ্রেস

দুরন্ত বার্তা, কোচবিহার, ২৭ সেপ্টেম্বর ঃ আগামী ২ অক্টোবর গান্ধী জন্ম জয়ন্তীতে ১০০ দিনের কাজের টাকার দাবিতে দিল্লি অভিযানে যাচ্ছে তৃণমূল কংগ্রেস। রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে ১০০ দিনের কাজের টাকার দাবিতে দিল্লি অভিযানে কোচবিহার থেকে প্রায় সাড়ে ৫ লক্ষ অভিযোগ পত্র নিয়ে দিল্লি অভিযানে যাচ্ছে তৃণমূলের নেতৃত্বরা।

তৃণমূল কংগ্রেসের জেলা নেতৃত্ব, ৫০ সমিতির সদস্য, বিধায়ক সহ একশো দিনের কাজের জব কার্ড হোল্ডাররাও এই অভিযানে অংশগ্রহণ করছে। কোচবিহার জেলা তৃণমূল কংগ্রেসের সভাপতি অভিজিত দে ভৌমিক আজ সাংবাদিক সম্মেলন করে জানান, ইতিমধ্যেই প্রায় সাড়ে চার লক্ষ অভিযোগপত্র পাঠানো হয়েছে আর ও প্রায় লক্ষাধিক অভিযোগ পত্র নিয়ে তারা দিল্লি রওনা দেবেন।

KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDERS

ABRIDGED NIT

The **E.E. (Civil)/Br-XII, KMC** invites tender online percentage rate two bid system for following works:

1. NIT No.: **KMC/EE(C)/Br-XII/108/44/23-24** Name of work: **Improvement of U/G drainage system near Prem.No.-346 Uttar Anchannagram in Ward No.-108.** Estimated Cost:₹ **4,98,831.64.** Earnest Money: ₹ **10,000.00**. Period of Completion: **60 days**.

2. NIT No.: **KMC/EE(C)/Br-XII/108/50/23-24** Name of work: **Maintenance of C.C. roads at Chowbagha near H/o-Manna Mondal, Asutosh Golder etc. in Ward No.-108.** Estimated Cost:₹ **4,94,342.69.** Earnest Money: ₹ **10,000.00**. Period of Completion: **60 days**.

3. NIT No.: **KMC/EE(C)/Br-XII/108/52/23-24** Name of work: **Improvement of U/G drainage system at Chowbagha Balir Math near H/o-Anil Sharma in Ward No.-108.** Estimated Cost:₹ **4,99,173.94.** Earnest Money: ₹ **10,000.00**. Period of Completion: **60 days**.

4. NIT No.: **KMC/EE(C)/Br-XII/107/32/23-24** Name of work: **Painting of divider from Nilachal Complex to Ruby More in R.B. Connector etc. in Ward No.-107.** Estimated Cost:₹ **2,01,922.33.** Earnest Money: ₹ **4,100.00**. Period of Completion: **60 days**.

5. NIT No.: **KMC/EE(C)/Br-XII/107/33/23-24** Name of work: **Repairing of C.Conc slab over surface drain near Dhanmath & different places etc. in Ward No.-107, Br-XII.** Estimated Cost: ₹ **1,51,356.01.** Earnest Money: ₹ **3,100.00**. Period of Completion: **75 days**.

6. NIT No.: **KMC/EE(C)/Br-XII/108/28/23-24** Name of work: **Protection of road side fencing near Chowbagha Fish Market at Chowbagha in Ward No.-108.** Estimated Cost:₹ **1,89,212.95.** Earnest Money: ₹ **4,000.00**. Period of Completion: **28 days**.

7. NIT No.: **KMC/EE(C)/Br-XII/108/58/23-24** Name of work: **Painting on kerb at VIP Nagar, Purba Panchannagram, Madurdah etc. in Ward No.-108.** Estimated Cost:₹ **1,56,840.88.** Earnest Money: ₹ **3,500.00**. Period of Completion: **60 days**.

8. NIT No.: **KMC/EE(C)/Br-XII/106/044/23-24** Name of work: **Painting of kerb & ornamental grill with required repairing & maintenance for festival purpose at Median Strip on P.A.S. connector in Ward No.-106.** Estimated Cost: ₹ **2,53,924.75.** Earnest Money: ₹ **5,100.00**. Period of Completion: **35 days**.

9. NIT No.: **KMC/EE(C)/Br-XII/106/050/23-24** Name of work: **Restoration of damaged roads due to laying of D.I. pipe at 17E Kayastha Para Main Road & others in Ward No.-106.** Estimated Cost: ₹ **2,96,272.98.** Earnest Money: ₹ **6,000.00**. Period of Completion: **35 days**.

10. NIT No.: **KMC/EE(C)/Br-XII/109/063/23-24** Name of work: **Maintenance of road at 18/3 Kalikapur near Om Sai Enterprise, 249 Kalikapur Purbapally etc. in Ward No.-109, Br-XII, KMC.** Estimated Cost: ₹ **2,60,102.30**. Earnest Money: ₹ **5,500.00**. Period of Completion: **100 days**.

11. NIT No.: **KMC/EE(C)/Br-XII/109/064/23-24** Name of work: **Cleaning of Kancha Surface Drain from Indane Gas Godown to A/51/1 Ganga Nagar in Ward No.-109, Br-XII, KMC.** Estimated Cost: ₹ **1,94,300.57.** Earnest Money: ₹ **4,000.00**. Period of Completion: **95 days**.

12. NIT No.: **KMC/EE(C)/Br-XII/109/065/23-24** Name of work: **Maintenance of road near Prem.No.-982, B/27 etc. Nayabad in Ward No.-109, Br-XII, KMC.** Estimated Cost: ₹ **2,33,110.97.** Earnest Money: ₹ **5,000.00**. Period of Completion: **95 days**.

13. NIT No.: **KMC/EE(C)/Br-XII/109/066/23-24** Name of work: **Maintenance of road near Survey Park Police Station in Ward No.-109, Br-XII, KMC.** Estimated Cost: ₹ **1,74,859.69.** Earnest Money: ₹ **3,500.00**. Period of Completion: **90 days**.

14. NIT No.: **KMC/EE(C)/Br-XII/109/067/23-24** Name of work: **Restoration of road near Prem.No.-422 Chakgaria, E/17, J/12 etc. Sreenagar in Ward No.-109, Br-XII, KMC.** Estimated Cost: ₹ **1,66,502.71.** Earnest Money: ₹ **3,500.00**. Period of Completion: **95 days**.

15. NIT No.: **KMC/EE(C)/Br-XII/108/08/23-24** Name of work: **Improvement of U/G drainage system at West Chowbagha near H/o- Bile Mondal, Niva Naskar in Ward No.-108.** Estimated Cost: ₹ **4,10,786.06.** Earnest Money: ₹ **8,500.00**. Period of Completion: **60 days**. Last Date and Time of submission of Bid: **10.10.2023 – 11 a.m.** (for Sl.No. 1 to 15). Date & time of opening of Bid: **12.10.2023 – 11 a.m.** (for Sl.No. 1 to 15). The bid forms and other details are available on and from **29.09.2023 (5 p.m.)** from the website **https://etender.wb.nic.in** (for Sl.No. 1 to 15).

The **E.E. (Civil)/Br-XV, KMC** invites tender online percentage rate two bid system for following works:

1. NIT No.: **KMC/EE(C)/Br-XV/137/029/2023-2024/R** Name of work: **Development of drainage system with passage works at Murry Road, N/H/No. S-69, S-69/2 etc. in Ward No.-137, Br-XV.** Estimated Cost (Incl. GST & CESS): ₹ **2,34,108.71.** Earnest Money: ₹ **4,700.00**. Period of Completion: **90 days**.

2. NIT No.: **KMC/EE(C)/Br-XV/134/046/2023-2024/R** Name of work: **Cleaning of blocked drain by deployment of labour with allied works at Banerjee Bagan and other location in Ward No.-134, Br-XV.** Estimated Cost (Incl. GST & CESS): ₹ **2,54,487.31.** Earnest Money: ₹ **5,100.00**. Period of Completion: **90 days**.

3. NIT No.: **KMC/EE(C)/Br-XV/141/032/2023-2024/R** Name of work: **Restoration of road disturbed by various P.U. Agencies by providing hot asphaltum mixture at Jelia Para and near Pr.Nos. Z-3/526/2, Z-3/580/1 etc. in Ward No.-141, Br-XV.** Estimated Cost (Incl. GST & CESS): ₹ **4,38,203.78.** Earnest Money: ₹ **8,800.00**. Period of Completion: **180 days**. Last Date and Time of submission of Bid: **13.10.2023 – 11 a.m.** (for Sl.No. 1 to 3). Date of opening of tender: **16.10.2023 – 11 a.m.** (for Sl.No. 1 to 3). The bid forms and other details are available on and from **03.10.2023 (5 p.m.)** from the website **https://etender.wb.nic.in** (for Sl.No. 1 to 3).

The **DG (S&D), KMC** invites tender online item wise rate in two bid system for the following works:

1. NIT No.: **KMC/BDPS/CPT/P13/23-24 (1st Call)** Name of work: **Extension of the height of 1 no. backside S.S. strainer and other allied works at CPT Canal DPS under BDPS.** Estimated Cost: **Rate to be quoted.** Earnest Money: ₹ **7,000.00**. Period of Completion: **12 days**. Last Date and Time of submission of Bid: **10.10.2023 up to 2 p.m.** The bid forms and other details are available on and from **29.09.2023, 5 p.m.** from website **https://wbtenders.gov.in**.

2. NIT No.: **DG(S_D)/VI/46/RNM/23-24/02 (1st Call)** Name of work: **Urgent restoration of rider sewer by laying NP3 Pipe sewer along R.N. Mukherjee Road from 4, R.N. Mukherjee Road to Stephen House Gate No. 4 in Ward No.-46 under Br-VI.** Estimated Cost (Incl. GST & CESS): ₹ **4,07,349.31.** Earnest Money: ₹ **8,200.00**. Period of Completion: **21 days**. Last Date and Time of submission of Bid (online): **09.10.2023 at 2 p.m.** Bid submission start date (online): **29.09.2023 at 2 p.m.** Date of opening of technical bid: **11.10.2023 at 2 p.m.** The bid forms and other details are available on and from **29.09.2023 at 2 p.m.** from website **https://wbtenders.gov.in**.

The **Dy. CE(E)/(S&D), KMC** invites e-tender online item rate two bid system for the following works:

1. NIT No.: **KMC/GRBU/T13/23-24 (1st Call)** Name of work: **Complete servicing and overhauling of 500 kVA, 6 kV/415 V dry type transformer of New Santoshpur DPS under GRBU.** Estimated Amount: **Rate to be quoted.** Earnest Money: ₹ **2,300.00**. Period of Completion: **10 days**.

2. NIT No.: **KMC/S_D/PS3/E/6/23-24 (1st Call)** Name of work: **Complete repairing including replacement of damage & burnt out spare parts of motor starter panel of submersible pump unit no. 2 & 6 (372 LPS/60 KW/415V) at Rajdanga Drainage Pumping Station.** Estimated Amount: **Open quotation.** Earnest Money: **2% of quoted amount.** Period of Completion: **15 days**. Last Date and Time of submission of Bid: **13.10.2023 – 5 p.m.** (for Sl.No. 1 & 2). The bid forms and other details are available on and from **04.10.2023 (5 p.m.)** (for Sl.No. 1) & **29.09.2023 (5 p.m.)** (for Sl.No. 2) from website **https://etender.wb.nic.in** (for Sl.No. 1 & 2). For corrigendum etc. if any, the same website has to be seen (for Sl.No. 1 & 2).

The **Controlling Officer (IT), KMC** invites e-tender for the following work:

NIT No.: **KMC/IT/20A/2023-2024** Name of work: **Supply & installation of Windows SQL License for Face Based Biometric Attendance System in the CMO Building of the Kolkata Municipal Corporation.** Earnest Money: ₹ **4,000.00**. Cost of Tender: **Nil**. Project Period: **1 (one) month.** Last Date & Time for submitting Bids: **11.10.2023 up to 3 p.m.** Tender document will be available at **https://www.kmcgov.in** and at **https://wbtenders.gov.in** from **11.30 a.m.** of **29.09.2023.** e-Tenders are to be submitted at **https://wbtenders.gov.in**

801/23-24

বিশ্বরেকর্ড করে এশিয়ান গেমসে সোনা জিতলেন ভারতের সিফট কৌর সাম্রা!

হানঝাউ, ২৭ সেপ্টেম্বরঃ এর আগের চারটে সোনা দেশে খুশির হওয়া বইয়ে দিয়েছিল। কিন্তু ব্যক্তিগত ইভেন্ট থেকে সোনা আসেনি। সেই আক্ষেপ মিটিয়ে তৃপ্তিতে ভরিয়ে দিলেন সিফট কৌর সাম্রা। এশিয়ান গেমসের ৫০ মিটার রাইফেল থ্রি-পজিশনে সোনা জিতলেন ভারতের মেয়ে। টিম

ইভেন্টে একটুর জন্য সোনা হাতছাড়া হয়েছিল তাঁদের। কিন্তু দুরন্ত ফর্মে ছিলেন সিফট। ফাইনালেও সেই ফর্ম ধরে রাখলেন তিনি। শুধু সোনা জেতা নয়, বিশ্বরেকর্ডও করলেন তিনি। প্রোনের ফাইনালে ভারতেরই জয়জয়কার। সিফট সোনা জিতলেন যেমন, ব্রোঞ্জ পেলেন অশি চৌকসে। শেষ কয়েকটা রাউন্ড তিনি যদি পিছিয়ে না পড়তেন, তা হলে রুপো পেতে পারতেন। বুধবার কার্যত সোনাঝরা দিন এশিয়ান গেমসে। পঞ্চম সোনা এল এ দিন সকালেই। হানঝাউয়ে এশিয়ান গেমসের রেকর্ড, এশিয়ান রেকর্ড এবং বিশ্বরেকর্ড চুরমার করে দিলেন ভারতের মেয়ে সিফট। ৫০ মিটার থ্রি পজিশন প্রোনের ফাইনালে শুরু থেকে ছন্দে ছিলেন। ফাইনালে ৪৬৯.৬ পয়েন্ট স্কোর করেন। চলতি বছরের মে মাসে বাকু বিশ্ব মিটে গ্রেট ব্রিটেনের শুটার সিওনায়েড ম্যাকইনটস এই ইভেন্টেই করেছিলেন বিশ্বরেকর্ডে। ৪৬৭ পয়েন্ট স্কোর তাঁর। সেই রেকর্ড হেলায় ভেঙে দিলেন সিফট। রুপো পাওয়া চিনের শুটার কুইনজিয়াও জ্যাং থামলেন ৪৬২.৩ পয়েন্টে। বোঝাই যাচ্ছে, ২২ বছরের মেয়ে কতটা নিখুঁত ছিলেন। সিফট থামানো যাচ্ছিল না। অশিও চেষ্টা করেছিলেন। শুরুতে তিনিও খারাপ শট নিচ্ছিলেন না। কিন্তু শেষ কয়েক রাউন্ডে পিছিয়ে পড়েন। শেষ পর্যন্ত ৪৫১.৯ পয়েন্ট স্কোর করে ব্রোঞ্জ নিশ্চিত করেছেন। শুটিংয়ের পাশাপাশি পড়াশোনাতেও তুখোড় সিফট। এমবিবিএস করছেন। শুটিং ধ্যানজ্ঞান হলেও পড়াশোনাতেও সমান ফোকাস করেন পঞ্জাবের মেয়ে। গত বছর থেকেই একের পর এক টুর্নামেন্টে পারফর্ম করে আসছেন তিনি। থ্রি-পিতে এ বছরের শুরু থেকে দুরন্ত ছন্দে। সেই ফর্মই এশিয়ান গেমস থেকে সোনা এনে দিল সিফটকে। এদিন ২৫ মিটার পিস্তল শুটিং থেকে সোনা জিতলেন মানু ভাকের, এষা সিং, রিদম সাংওয়ান। শুটিংয়ের টিম ইভেন্ট থেকে এটা ভারতের দ্বিতীয় সোনা। এর আগে ১০ মিটার এয়ার রাইফেলের টিম ইভেন্ট থেকে সোনা জিতেছিলেন ভারতের ছেলেরা। শুটিং ধীরে ধীরে ঘুরে দাঁড়াচ্ছে। সামনে প্যারিস অলিম্পিক। অলিম্পিকের মহামঞ্চের প্রস্তুতি যেন হানঝাউতেই সেরে নিচ্ছেন ভারতীয় শুটাররা। বুধবার ভারতের ঝুলিতে ঢুকল পঞ্চম সোনা। সিফট শর্মা, অশি চৌকসে ও মানিনি কৌশিকরা ৫০ মিটার থ্রি পজিশনে প্রায় সোনা জিতে ফেলছিলেন। শেষ পর্যন্ত রুপোতে থেমেছেন তাঁরা। তাঁদের আক্ষেপ যেন মিটিয়ে দিলেন মানু, রিদম, এষা। ভারতের তিন পিস্তল শুটার তুলেছেন ১৭৫৯। চিন ও দক্ষিণ কোরিয়াকে পিছনে ফেলে শুটিংয়ের টিম ইভেন্ট থেকে দ্বিতীয় সোনা ভারতের। গত মাসেই বাকুতে বিশ্ব মিটে দলগত বিভাগে সোনা জিতেছিলেন মানুরা। সেই ধারাবাহিকতাই এশিয়ান গেমসেও ধরে রাখলেন তাঁরা। শুরু থেকেই দুরন্ত ফর্মে ছিলেন মানু। মানু যোগ্যতা পর্বে তিনি ছিলেন শীর্ষে। তুলেছেন ৫৯০ পয়েন্ট। এষা শেষ করেছেন পাঁচে। তাঁর পয়েন্ট ৫৮৬। রিদম শেষ করলেন সাতে, ৫৮৩ পয়েন্ট নিয়ে। মানু আর এষা ফাইনালেও ওঠেন। অষ্টাদশী এষা মেয়েদের ২৫ মিটার পিস্তল শুটিং ফাইনালে ৩৪ পয়েন্ট নিয়ে শেষ করে রুপো জেতেন। এই ইভেন্টের ফাইনালে পদক জয়ের অন্যতম দাবিদার ছিলেন ভারতীয় অলিম্পিয়ান মানু ভাকের। কিন্তু ফাইনালে তিনি হতাশ করেছেন। ২১ পয়েন্ট নিয়ে পঞ্চম স্থানে শেষ করেন মানু। অন্যদিকে সকালে পুরুষদের স্কিট-৫০র টিম ইভেন্টে ভারতীয় শুটাররা ব্রোঞ্জ পেয়েছিলেন অনন্তজিৎ সিং নারুকা, গুরজ্যোৎ সিং খাঙুরা, অঙ্গদ বীর সিং বাজওয়া। এ বার পুরুষদের স্কিট শুটিংয়ের ব্যক্তিগত ইভেন্ট থেকে রুপো পেলেন অনন্তজিৎ সিং নারুকা। অল্পের জন্য সোনা হাতছাড়া হল তাঁর। তারপরও রেকর্ড গড়েছেন অনন্তজি!। এশিয়ান গেমসের ইতিহাসে এই ইভেন্ট থেকে প্রথম রুপো পেলেন অনন্তজিৎ। এই নিয়ে চলতি এশিয়ান গেমসে ১২ নম্বর পদক পেলেন ভারতীয় শুটাররা।

এশিয়ান গেমসে উসুতে সোনার স্বপ্ন দেখাচ্ছেন রোশিবিনা দেবী

হানঝাউ, ২৭ সেপ্টেম্বরঃ ১৯তম এশিয়ান গেমসে শুটিং, ক্রিকেট, ইকুয়েস্ট্রিয়ানে সোনা এসেছে ভারতে। এ বার হানঝাউ উসুতেও আসতে পারে সোনার পদক। চলতি এশিয়ান গেমসে উসুতে এ বার ভারতকে সোনার স্বপ্ন দেখাচ্ছেন মণিপুরের রোশিবিনা দেবী নাওরেম। উসুতে মেয়েদের ৬০ কেজি সান্দা বিভাগের ফাইনালে পৌঁছেছেন রোশিবিনা দেবী। আগামিকাল, ২৮ সেপ্টেম্বর মেয়েদের ৬০ কেজি সান্দা বিভাগের ফাইনাল। সেখানে উসুতে ভারতকে সোনার পদক এনে দেওয়ার জন্য লড়বেন রোশিবিনা দেবী। আজ, বুধবার এশিয়ান গেমসে মেয়েদের ৬০ কেজি উসুতে সান্দা বিভাগের সেমিফাইনালে নেমেছিলেন মণিপুরের উসু প্লেয়ার রোশিবিনা দেবী। তিনি সেমিফাইনালে ওঠায় উসু থেকে ভারতের পদক নিশ্চিত হয়ে গিয়েছিল। সেমিফাইনালের বাউটে রোশিবিনা দেবী ভিয়েতনামের থি থু

থুই এনউগেনকে ২-০ ব্যবধানে হারিয়েছেন। মাত্র ২ রাউন্ডেই এই বাউট শেষ হয়ে যায়। আগ্রাসী রোশিবিনা দেবীর সামনে কার্যত দাঁড়াতেই পারেননি ভিয়েতনামের থি থু থুই। মাত্র ২ মিনিট করে ২টি রাউন্ডের খেলা হয়। দাপট দেখিয়ে ফাইনালে উঠে ইতিহাস গড়লেন রোশিবিনা দেবী।

অল্পের জন্য শীর্ষস্থান পেলেন না গিল

দুবাই, ২৭ সেপ্টেম্বরঃ আইসিসি বিশ্বকাপ ২০২৩ শুরু হতে আর মাত্র কয়েকদিন বাকি রয়েছে। ৫ অক্টোবর থেকে ভারতে শুরু হতে চলেছে ক্রিকেটের মহাকুম্ভ। আইসিসি বিশ্বকাপ ২০২৩-এ এক নম্বর ওয়ানডে ব্যাটসম্যান হিসেবে ভারতে আসবেন বাবর আজম। এই বিষয়টা এখন নিশ্চিত হয়ে গিয়েছে। আইসিসি ওডিআই ব্যাটসম্যানদের সর্বশেষ প্রকাশিত র‍্যাঙ্কিংয়ে বাবর আজম নিজের শীর্ষস্থান ধরে রেখেছেন। যদিও ভারতের তরুণ ওপেনার ব্যাটসম্যান শুভমন গিল তার থেকে নিজের দূরত্বটা অনেকটাই কমিয়ে ফেলেছেন। বাবর আজম বর্তমানে ব্যাটিং তালিকায় ৮৫৭ রেটিং পয়েন্ট নিয়ে তালিকার শীর্ষে রয়েছেন। অন্যদিকে শুভমন গিল তাঁর অ্যাকাউন্টে ৮৪৭ রেটিং পয়েন্ট নিয়ে তালিকা দুই নম্বরে রয়েছেন। অস্ট্রেলিয়ার বিরুদ্ধে চলতি তিন ম্যাচের সিরিজের দ্বিতীয় ওডিআই আন্তর্জাতিকে শুভমন গিল সেঞ্চুরি করেন, যার পরে তিনি নম্বর-১ পজিশনের অনেকটাই কাছে চলে এসেছিলেন। বাবর আজমের থেকে নিজের দূরত্বটা উল্লেখযোগ্যভাবে কমিয়ে ফেলেছিলেন শুভমন গিল। অস্ট্রেলিয়ার বিরুদ্ধে সিরিজের শেষ ওয়ানডেতে বড় রান করলে হয়তো আরও উন্নতি করতে পারতেন গিল। তবে সিরিজের শেষ ওডিআইয়ে খেলছেন না শুভমন গিল। এমন পরিস্থিতিতে বিশ্বকাপে তার পক্ষে এক নম্বর ব্যাটসম্যান হওয়া অসম্ভব হয়ে পড়েছে। এবং এরফলে বিশ্বকাপ শুরু হওয়ার সময়ে বাবর আজমই হবেন এক নম্বর ওয়ানডে ব্যাটসম্যান। তবে শুভমন গিলের ক্যারিয়ারের এটা সেরা র‍্যাঙ্কিং এবং তিনি যে ধরনের ফর্মে আছেন,

তাতে মনে হচ্ছে বিশ্বকাপের সময় তিনি অবশ্যই এক নম্বর পজিশন অর্জন করবেন। শীর্ষ দশে থাকা আরেক ভারতীয় হলেন বিরাট কোহলি। ভারতের প্রাক্তন অধিনায়ক বর্তমানে রয়েছেন নবম স্থানে। অস্ট্রেলিয়ার বিরুদ্ধে প্রথম দুই ওয়ানডে থেকে বিরাটকে বিশ্রাম দেওয়া হয়েছিল। যেখানে অধিনায়ক রোহিত শর্মাও এশিয়া কাপ ২০২৩ এর পরে এই দুটি ম্যাচ থেকে বিরতি পেয়েছিলেন। রোহিত বর্তমানে ১১তম স্থানে রয়েছেন। এর বাইরে আইসিসি ওডিআই ব্যাটসম্যানদের র‍্যাঙ্কিং-এর সেরা দশে কোনও উল্লেখযোগ্য পরিবর্তন দেখা যায়নি। শ্রেয়স আইয়ার আট স্থান লাভ করেছেন এবং ৩০ নম্বরে পৌঁছে গিয়েছেন। এই মুহূর্তে কেএল রাহুলও ছয় স্থান লাভ করেছেন এবং তালিকার ৩৩ নম্বরে পৌঁছে গিয়েছেন। মহম্মদ সিরাজ এক নম্বর ওডিআই বোলার রয়ে গেছেন, আর কুলদীপ যাদব দশম স্থানে রয়েছেন। ভারতের এই দুই বোলার সেরা দশে রয়েছেন। মহম্মদ শামি নয় স্থানের উন্নতি করে ২৫ নম্বরে উঠে এসেছেন।

ক্রিকেটারদের সামনে মাথা নত পাকিস্তান বোর্ডের! বিশ্বকাপের আগে ‘জিতলেন’ বাবররা

লাহোর, ২৭ সেপ্টেম্বরঃ এশিয়া কাপের আগে থেকেই ঠান্ডা লড়াই চলছিল পাকিস্তান ক্রিকেটে। টিমের উপর নানা শর্ত চাপিয়ে দেওয়ার চেষ্টা করেছিল পাকিস্তান ক্রিকেট বোর্ড। বাবর আজম, শাহিন আফ্রিদির মতো সিনিয়র প্লেয়ারদের অনেকেই তা মেনে নিতে পারেননি। বিদেশি লিগে খেলা নিয়ে শর্ত দিয়েছিল পাকিস্তান ক্রিকেট বোর্ড। সরাসরি এই বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছিলেন ক্রিকেটাররা। যদিও ক্রিকেটের উপর যাতে প্রভাব না পড়ে সেদিকেও নজরে রেখেছিলেন বাবররা। আফগানিস্তানের বিরুদ্ধে তিন ম্যাচের ওয়ান ডে সিরিজ খেলেন। জেতেনও। এশিয়া কাপেও খেলেন। এ বার সামনে বিশ্বকাপ। ঠান্ডা লড়াই যদিও চলছিল। তা হলে কি বিশ্বকাপের আগে সেটা মিটল? পাকিস্তান প্লেয়াররা পাল্টা দাবি করেছিলেন, আইসিসির থেকে বোর্ড যে লভ্যাংশ পায়, সেখান থেকে তাঁদেরও একটা অংশ দিতে হবে। এই দাবিতে অটল ছিলেন পাকিস্তানের সিনিয়র ক্রিকেটাররা। আর্থিক কারণেই বিদেশের লিগে খেলছিলেন পাক ক্রিকেটাররা। আবু ধাবি টি২০ লিগে বেশ কয়েকজন প্লেয়ার সই করেন। এর জেরেই নানা শর্ত চাপিয়ে দেওয়ার চেষ্টা করে বোর্ড। তবে ক্রিকেটারদের দাবির সামনে মাথা নত করতে বাধ্য হল। এশিয়া কাপের সময়ই পাকিস্তান ক্রিকেট ম্যানেজমেন্ট কমিটির প্রধান জাকা আশরফ মিটিং করেছিলেন বাবর আজমদের সঙ্গে। নানা ভাবে এই সমস্যার সমাধান খোঁজার চেষ্টা করেছিলেন। তাতে

অবশ্য সমস্যা মেটেনি। গত চার মাস বোর্ডের কেন্দ্রীয় চুক্তি ছাড়াই খেলছিলেন পাক ক্রিকেটাররা। বিদ্রোহের প্রভাব যাতে বিশ্বকাপে না পড়ে, নড়েচড়ে বসতে বাধ্য হয় পাকিস্তান বোর্ড। ভারতে রওনা হওয়ার আগে বাবর আজমদের সঙ্গে আলোচনায় বসেন জাকা আশরফ। মধ্যস্থতা করেন পাকিস্তানের প্রাক্তন ক্রিকেটার তথা প্রধান নির্বাচক ইনজামাম উল হক। অনেক দরকষাকষির পর সুরাহা হয়েছে বলেই খবর। বাবর আজমরা নতুন চুক্তিতে সই করার ব্যাপারে কথা দিয়েছেন। তবে বিশ্বকাপ থেকে ফিরেই এই চুক্তি হবে। নতুন চুক্তি অনুযায়ী, বাবর আজম, শাহিন আফ্রিদি, মহম্মদ রিজওয়ানের মতো সিনিয়র প্লেয়াররা এ ক্যাটেগরিতে থাকবেন। তাঁরা মাসে পাবেন ভারতীয় মুদ্রায় প্রায় ১৪ লক্ষ টাকা। আইসিসির লভ্যাংশ থেকে ৩ শতাংশ পাবেন ক্রিকেটাররা। তবে প্রতি ক্রিকেটারের থেকে মোট আয়ের ১০ শতাংশ ট্যাক্সও কাটা হবে।

স্পেশাল অলিম্পিক ভারত পশ্চিমবঙ্গের সভাপতি নির্বাচিত হয়েছেন সিএ পবন কুমার পাটোদিয়া

দুরন্ত বার্তা, কলকাতাঃ সিএ পবন কুমার পাটোদিয়া স্পেশাল অলিম্পিক ভারত- পশ্চিমবঙ্গের সভাপতি নির্বাচিত হয়েছেন, রাজ্যে ক্রীড়া উন্নয়নের দিকে আরও একটি সাহসী পদক্ষেপ। স্পেশাল অলিম্পিক ভারত রাজ্য অধ্যায় ২০২৩ সালের ১৮ই সেপ্টেম্বর তাদের বার্ষিক সাধারণ সভার জন্য মিলিত হয়েছিল, যেখানে তারা ২০২৩-২০২৬ সালের জন্য নির্বাচিত বোর্ড সদস্যদের ঘোষণা করেছিল। কলকাতা থান্ডারবোল্টসের চেয়ারম্যান সিএ পবন কুমার পাটোদিয়া, বিশেষ অলিম্পিক ভারতের পশ্চিমবঙ্গ অধ্যায়ের সভাপতি রূপে নির্বাচিত হয়েছেন। পাটোদিয়া বললেন, ‘‘আমি ২০২৩-২৬ বছরের জন্য বিশেষ অলিম্পিক ভারত, পশ্চিমবঙ্গের সভাপতি হিসাবে নিযুক্ত হতে পেরে সম্মানিত। এটি একটি মহান দায়িত্ব এবং আমি এই সংস্থার নেতৃত্ব দিতে পেরে উত্তেজিত যেটি বুদ্ধিবৃত্তিক প্রতিবন্ধী ক্রীড়াবিদদের ক্ষমতায়ন করার জন্য খেলাধুলার মাধ্যমে নিবেদিত। আমি বিশ্বাস করি যে প্রত্যেক ব্যক্তির অনন্য ক্ষমতা এবং প্রতিভা রয়েছে এবং একটি অন্তর্ভুক্তিমূলক সমাজ তৈরি করা আমাদের দায়িত্ব যা বৈচিত্র্য উদযাপন করে এবং সকলের জন্য সমান সুযোগের প্রচার করে। আমি আমাদের নিবেদিত দল, স্বেচ্ছাসেবক এবং অংশীদারদের সাথে সহযোগিতা করার জন্য উন্মুখ যা আমাদের ক্রীড়াবিদ এবং তাদের পরিবারের জীবনে একটি ইতিবাচক প্রভাব। আসুন আমরা সবাই একত্রিত হই এবং একটি পার্থক্য গড়ে তুলি!’’ স্পেশাল অলিম্পিক ভারতকে বুদ্ধিবৃত্তিক প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য একটি জাতীয় ক্রীড়া ফেডারেশন হিসাবে স্বীকৃত করেছে যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রক, সরকার। ভারতের জাতীয় সংস্থাটি এই মাসের শেষের দিকে নয়াদিল্লিতে অফিস কর্তা এবং বোর্ড সদস্যদের জাতীয় কমিটি নির্বাচন করার জন্য বৈঠক করবে। সভায় রাজ্য জুড়ে বিভিন্ন জেলার প্রতিনিধিত্বকারী সদস্যরা উপস্থিত ছিলেন।

ভাঙল যুবরাজ-রোহিতের রেকর্ড, এশিয়ান গেমসে রানের সুনামি নেপালের

হানঝাউ, ২৭ সেপ্টেম্বরঃ মেয়েদের ক্রিকেটে ফলেছে সোনা। হরমনপ্রীত কৌর, তিতাস সাধুরা ক্রিকেট থেকে প্রথম সোনা দিয়েছেন দেশকে। ভারতের ছেলেরাও কি সেই সোনালি ঝলকই দেখাবেন? রিঙ্কু সিংরা মাঠে নেমে পড়ার আগেই এশিয়ান গেমসের ক্রিকেটে রানের ফুলঝুরি। এই প্রথম কোনও আন্তর্জাতিক টি-টোয়েন্টি ম্যাচে উঠল ৩০০র বেশি রান। তৈরি হল দ্রুততম হাফসেঞ্চুরি ও সেঞ্চুরির রেকর্ডও। হানঝাউয়ের ক্রিকেট মাঠে কার্যত রানের সুনামি তুলল নেপাল। মঙ্গোলিয়ার বিরুদ্ধে ধুয়ে মুছে গেল এতদিনের বহু রেকর্ড। টি-টোয়েন্টি আন্তর্জাতিক ক্রিকেটের ইতিহাসে এতদিন সর্বোচ্চ রান ছিল আফগানিস্তানের। ২০১৯ সালে আয়ারল্যান্ডের বিরুদ্ধে রশিদ খানরা করেছিলেন ২৭৮-৩। সেই রেকর্ড

ভেঙে দিয়ে মঙ্গোলিয়ার বিরুদ্ধে নেপাল তুলল ৩১৪-৩। ওই ম্যাচে আফগানিস্তানের ব্যাটাররা মেরেছিলেন মোট ২২টা ছয়। তা ভেঙে দিয়ে ছয়ের নতুন দলগত রেকর্ডও কায়েম হল। মোট ২৬টা ছয় মারলেন নেপালি ক্রিকেটাররা। তার থেকেও বড় তথ্য হল, দ্রুততম হাফসেঞ্চুরি এবং সেঞ্চুরির রেকর্ডও ভেঙে চুরমার হয়ে গেল রানের সুনামিতে। মাত্র ৯ বলে হাফসেঞ্চুরি করলেন দীপেন্দ্র সিং আইরি। এর আগে আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে দ্রুততম হাফসেঞ্চুরির রেকর্ড দখলে ছিল ভারতের যুবরাজ সিংয়ের। ২০০৭ সালের টি-টোয়েন্টি বিশ্বকাপে ইংল্যান্ডের বিরুদ্ধে ১২ বলে ফিফটি করেছিলেন যুবি। স্টুয়ার্ট ব্রডকে ছ’বলে ছ’টা ছয় মেরেছিলেন। ১০ বল খেলে নট আউট ৫২ করেন দীপেন্দ্র। যার মধ্যে ৮টা বল সরাসরি পাঠিয়েছেন গ্যালারিতে। দীপেন্দ্রর স্ট্রাইক রেট ৫২০। যা টি-টোয়েন্টি ইতিহাসে আর কেউ কোনও ইনিংসে করে দেখাতে পারেননি। এতেই শেষ নয়, নেপালের কুশল মাল্ল টি-টোয়েন্টিতে দ্রুততম সেঞ্চুরিও করে ফেললেন। মাত্র ৩৪ বল নিয়েছেন ১০০ পার করতে। ৫০ বল খেলে শেষ পর্যন্ত ১৩৭ করে যান কুশল। ভারতের ক্যাপ্টেন রোহিত শর্মা ও দক্ষিণ আফ্রিকার ডেভিড মিলারের রেকর্ড ভেঙে দিয়েছেন তিনি। রোহিত ও মিলার ৩৫ বলে সেঞ্চুরি করেছিলেন। মঙ্গোলিয়ার বোলিং যে একেবারেই ভালো ছিল না, নেপালের বিধ্বংসী ম্যাচই তার প্রমাণ। ব্যাট হাতে একাধিক রেকর্ড তছনছ করার পর বল হাতে সফল নেপালিরা। ম্যাচ জেতার জন্য মঙ্গোলিয়ার টার্গেট ছিল ৩১৫। মাত্র ৪১ রানে শেষ হয়ে যায় তারা। ২৭৩ রানে জিতল নেপাল। যা আবার টি-টোয়েন্টির ইতিহাসে সবচেয়ে বড় জয়।

সিঙ্গাপুরকে ১৩ গোলে উড়িয়ে হকিতে যাত্রা শুরু সঙ্গীতাদের

হানঝাউ, ২৭ সেপ্টেম্বরঃ এশিয়ান গেমসের হকিতে দুরন্ত শুরু করেছে হরমনপ্রীত সিংয়ের টিম। পর পর দু’ম্যাচে গোলের বন্যা বইয়ে দিয়েছে ভারতের ছেলেরা। সুশীল চানু, সঙ্গীতা কুমারীরাও শুরু করলেন দুরন্ত ছন্দে। আক্রমণের ঝাঁঝ, চূড়ান্ত তালমেল, বিপক্ষের বক্সে বারবার হানা দেওয়া, দুটো

প্রান্তকে কাজে লাগানো- প্রথম ম্যাচেই পরিণতবোধ দেখাল সবিতার টিম। যে দলকে একদিন আগে ১৬-১ গোলে হারিয়েছেন ললিত-অভিষেকরা, সেই সিঙ্গাপুরের মেয়েদের ১৩-০ উড়িয়ে দিলেন মনিকা-নেহা-দীপিকারা। দু’দিন পর মালয়েশিয়ার বিরুদ্ধে ম্যাচ। তার আগে নিশ্চিত ভাবেই আত্মবিশ্বাস বাড়িয়ে নিলেন ভারতের মেয়েরা। হালফিলে ছেলে-মেয়ে দুই টিমেরই খেলার ধরণ অনেক পাল্টে গিয়েছে। আগের তুলনায় অনেক বেশি আগ্রাসী। পেনাল্টি কর্নার কাজে লাগাচ্ছেন প্লেয়াররা। ছেলেদের মতো মেয়েদের টিমও সেই ঝলকই দেখাল। প্রথম কোয়ার্টারেই ৫-০ এগিয়ে গিয়েছিল ভারত। ৬ মিনিটের মাথায় উদিতা খোলেন ভারতের গোলের খাতা। পরের ৮ মিনিটে আরও চার গোল। সুশীলা চানু, দীপিকা ১১ ও ১৪ মিনিটে দুটো গোল করেন। ১৪ মিনিটে জোড়া গোল নভনীত কৌরের। দ্বিতীয় কোয়ার্টারেও আগ্রাসী ছিল ভারত। ৩ গোল আসে। দীপ গ্রেস এক্কা, নেহা ও সঙ্গীতা গোল করেন। ম্যাচে হ্যাটট্রিকও করেছেন সঙ্গীতা। ২৩ মিনিটে প্রথম গোল পাওয়ার পর ৪৭ ও ৫৩ মিনিটেও গোল করেন তিনি। ভারতের হয়ে আরও ২ গোল মনিকা ও কাতারিয়ার। শুরুটা কিন্তু চমৎকার করেছেন ভারতের মেয়েরা। সবচেয়ে বড় কথা হল, বড় ব্যবধানে জয় টিমের আত্মবিশ্বাস বাড়িয়ে দেয় অনেকখানি। পরের ম্যাচ জেতার রসদও মেলে। ১৯৮২ সালের এশিয়ান গেমসে প্রথমবার শুরু হয়েছিল মেয়েদের হকি। তাতে চ্যাম্পিয়ন হয়েছিল ভারত। কিন্তু এর পর আর সোনা আসেনি। গতবার জাকার্তা এশিয়ান গেমসে সোনার কাছাকাছি পৌঁছে গিয়েছিলেন ভারতের মেয়েরা। শেষ পর্যন্ত জাপানের কাছে হারতে হয়। ১-২ গোলে। ৪১ বছরের সোনার খরা কি কাটবে এ বার চিনে? সেই প্রশ্নের খোঁজেই বাকি ম্যাচে নামবে সবিতার টিম।

পুণে থেকে সরল মুম্বই সিটি-আল হিলালের ম্যাচ

নয়াদিল্লি, ২৭ সেপ্টেম্বরঃ নভেম্বরে ভারতে খেলতে আসার কথা ব্রাজিলিয়ান তারকা নেইমারের। এএফসি চ্যাম্পিয়ন্স লিগে ওয়েস্ট জোন গ্রুপ ডি-তে রয়েছে সৌদি আরবের ক্লাব আল হিলাল এবং ভারতের মুম্বই সিটি এফসি। পুণেতে এই ম্যাচ হওয়ার কথা ছিল ৬ নভেম্বর। হঠাৎ করেই বদলে গেল মুম্বই সিটি বনাম আল হিলালের ম্যাচের ভেন্যু। পুণেতে এই ম্যাচ আয়োজন করা সম্ভব হচ্ছে না। তা হলে ভারতের কোথায় খেলবেন নেইমার? এই প্রথম বার ভারতে খেলতে আসছেন ব্রাজিলের সুপারস্টার নেইমার। কিন্তু হঠাৎ পুণে থেকে কেন সরল মুম্বই সিটি এফসি বনাম আল হিলালের ম্যাচ? জানা গিয়েছে, নিরাপত্তাজনিত কারণে ম্যাচের ভেন্যু বদলে গেল। মুম্বই সিটি এফসির পক্ষ থেকে সোশ্যাল

ভারতে কোথায় খেলবেন নেইমার?

মিডিয়া সাইট এক্স-এ জানানো হয়েছে, ৬ নভেম্বর মুম্বই বনাম আল হিলালের ম্যাচটি হবে নভি মুম্বইয়ের ডিওয়াই পাটিল স্টেডিয়ামে। এএফসি চ্যাম্পিয়ন্স লিগে মুম্বই সিটি এফসি বনাম আল হিলাল ম্যাচের টিকিট বুকিংয়ের জন্য প্রি-রেজিস্ট্রেশন শুরু হবে ২৯ সেপ্টেম্বর, সকাল ১১টা থেকে। জানা গিয়েছে, এই ম্যাচের জন্য মোট ১১ হাজার টিকিটের মধ্যে ৯ হাজার টিকিট বিক্রি হবে। বাকি ২ হাজার টিকিট ভিআইপিদের দেওয়া হবে। উল্লেখ্য, এএফসি চ্যাম্পিয়ন্স লিগের শুরুটা অবশ্য ভালো হয়নি মুম্বই সিটি এফসির। গ্রুপ পর্বে মুম্বই প্রথম ম্যাচে গত ১৮ সেপ্টেম্বর ইরানের এফসি নাসাজি মাজানদারানের কাছে ২-০ ব্যবধানে হেরে গিয়েছে। ৩ অক্টোবর মুম্বইয়ের এএফসি চ্যাম্পিয়ন্স লিগের পরবর্তী ম্যাচ।



স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক এবং সম্পাদক অলোক কুমার নস্কর কর্তৃক ইল্লাস্ট্রেটেড ইন্ডিয়া প্রেস, ৭৪, লেনিন সরনী , কলকাতা ৭০০০১৩ হইতে মুদ্রিত ও ১ বি ব্লাক বার্ণ লেন কলকাতা ৭০০০১২ হইতে প্রকাশিত
Owner, Printer, Publisher & Editor ALOKE KUMAR NASKAR, 1B, Black Burn Lane Kolkata 700012, and print at Illustrated India press 74, Lenin Sarani Road, Kolkata-700013
Ph- office- 2237-0488. News- 9432327166/033-26445555 dailydurantabarta@gmail.com
newsdailydurantabarta@gmail.com ■ WhatsApp # 8420635501